বর্ষ ০২ | সংখ্যা ০৮ | ফেব্রুয়ারি ২০২৩

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

গ্লোবাল অ্যাফেয়ার্স




রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩

৯৬ পৃষ্ঠা ২০ টাকা



অনন্ত নক্ষত্রলোকে ফুটবলের রাজা

ক্যাশলেস বাংলাদেশের যাত্রা শুরু



টানেল যুগে বাংলাদেশ

বিসিএস প্রস্তুতি

৪১ ও ৪৩তম

Real ভাইভা

৪৫তম প্রিলিমিনারি

বাংলাদেশ ও আন্তর্জাতিক



নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডার পদত্যাগ

চাকরি পরীক্ষার কমন প্রশ্ন

Recent Job Solution

যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী উপজেলা কর্মকর্তা ও ক্যাশিয়ার

১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা

স্কুল/সমপর্যায়, স্কুল পর্যায়-২, কলেজ পর্যায়

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সহকারী সচিব/পরিচালক (প্রশাসন)

৮টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার নিয়োগ প্রশ্ন

মেট্রোরেল বিচিত্রা

Widespread Impact of Metro Rail

তীব্র জনতাত্ত্বিক সংকটে চীন

দেশ পরিচিতি ব্রাজিল

বিষয়ভিত্তিক বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি

মেডিকেল ও ডেন্টাল কলেজ ভর্তি টিপস

SPARE প্রিন্স হ্যারির আত্মজীবনী

বিশ্বের দীর্ঘতম নৌবিহারে গঙ্গাবিলাস



অমর একুশে বইমেলা



সাহিত্য জিজ্ঞাসা জীবনানন্দ দাশ



প্রশ্নোত্তরে ভাষা আন্দোলন

পটভূমি ও ঘটনাপ্রবাহ

ফেব্রুয়ারি পরিক্রমা

জেলা পরিচিতি | ম্যাথঘর


English Language Lab

বর্ষ ০২। সংখ্যা ০৮। ফেব্রুয়ারি ২০২৩

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

গ্লোবাল অ্যাফেয়ার্স

সম্পাদকীয়



বাঙালি জাতির গৌরবোজ্জ্বল মহান একুশ একটি চেতনা, একটি বৈশ্বিক প্রতীক। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি মাতৃভাষার মর্যাদা রক্ষার্থে বাঙালির জীবনোৎসর্গের ঘটনা জন্ম দিয়েছে এক অনন্য ইতিহাস। একুশের রক্তাক্ত সেই স্মৃতিময় দিনটিকে কেন্দ্র করেই বিশ্বব্যাপী পালিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। বাঙালি জাতিকে স্বতন্ত্র মর্যাদায় প্রতিষ্ঠিত করার জন্য অমর একুশের রয়েছে সীমাহীন মর্যাদা। ভাষার জন্য জীবন উৎসর্গকারী বাংলার সে সূর্যসন্তানদের জানাই গভীর ও বিনম্র শ্রদ্ধা। বাঙালির ভাষা আর ভাষা আন্দোলনের ঐতিহাসিক সব গুরুত্বপূর্ণ তথ্য নিয়ে **গ্লোবাল অ্যাফেয়ার্স**-এর ফেব্রুয়ারি সংখ্যায় থাকছে 'প্রশ্নোত্তরে ভাষা আন্দোলন : পটভূমি ও ঘটনাপ্রবাহ'।

শীঘ্রই অনুষ্ঠিত হতে যাচ্ছে ৪৫তম বিসিএস প্রিলিমিনারি, বিশ্ববিদ্যালয় ও মেডিকেল ভর্তি এবং সরকারি-বেসরকারি বিভিন্ন নিয়োগ পরীক্ষা। পরীক্ষার্থীদের প্রস্তুতিকে শাণিত করতে এ সংখ্যায় রয়েছে ৪৫তম বিসিএস প্রিলিমিনারি প্রস্তুতি এবং ৪১ ও ৪৩তম বিসিএস Real Viva। এছাড়া বিসিএস, ব্যাংক নিয়োগসহ যে-কোনো প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য থাকছে চাকরি পরীক্ষার কমন প্রশ্ন, দেশ পরিচিতি, সাহিত্য জিজ্ঞাসাসহ নিয়মিত-অনিয়মিত নানা আয়োজন। আরো রয়েছে সম্প্রতি অনুষ্ঠিত ৭টি নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান। আরো থাকছে মাসজুড়ে ঘটে যাওয়া সাম্প্রতিক সব ঘটনার নির্যাস ও গুরুত্বপূর্ণ তথ্যের অপূর্ব সমাহার।

গ্লোবাল অ্যাফেয়ার্স-এর প্রতিটি সংখ্যাই হতে পারে জ্ঞানপিপাসু ও চাকরিপ্রার্থীদের আত্মবিশ্বাস ও সমৃদ্ধ জীবনের শ্রেষ্ঠ সহায়ক। তাই প্রতি মাসেই সংগ্রহ করুন সাম্প্রতিক ঘটনার তথ্যসমৃদ্ধ জনপ্রিয় মাসিক সাময়িকী **গ্লোবাল অ্যাফেয়ার্স**।

পরিশেষে, জাতি-ধর্ম নির্বিশেষে সবার মাতৃভাষার অধিকার প্রতিষ্ঠিত হোক এবং সর্বস্তরে বাংলার ব্যবহার সুসংহত হোক— এই শুভকামনায় সবার জন্য রইল আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের শুভেচ্ছা। সকলের সুন্দর ও সমৃদ্ধ জীবনের প্রত্যাশায়— আল্লাহ হাফেজ।

সম্পাদক
মাহমুদুল হাসান

নির্বাহী সম্পাদক
জাহিদ মাহমুদ

সহযোগী সম্পাদক
জাকির হোসেন খোকন

সহকারী সম্পাদক
বুলবুল আহমেদ

বিভাগীয় সম্পাদক
মোশারফ হোসেন প্রান্ত
রোকনুজ্জামান তুহিন
মিজানুর রহমান

শিল্প নির্দেশক
আজহার ফরহাদ

গ্রাফিক ডিজাইন
মো. মনির হোসেন লিটন

বর্ণবিন্যাস
মোসলেম উদ্দিন, খোরশেদ আলম
রাজু আহমেদ

পরিবেশক
নিউটন পাবলিকেশন্স
৩৭ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার
ঢাকা ১১০০।
ফোন : ০১৯৩৯ ৯১৯ ১৬৫
০১৯৩৮ ৮৫৫ ৯৩৭

দাম : ২০ টাকা

www.globalaffairs.com.bd
facebook.com/myglobalaffairs
facebook.com/groups/myglobalaffairs
info@globalaffairs.com.bd

প্রকাশক **মাহমুদুল হাসান** *কর্তৃক নোভা টাওয়ার-৩, ২/১ নয়া পল্টন ঢাকা থেকে প্রকাশিত এবং প্রিন্ট ওয়ার্কস, ঢাকা থেকে মুদ্রিত। যোগাযোগ : গ্লোবাল অ্যাফেয়ার্স, জামান টাওয়ার (৩য় তলা), ৩৭/২ কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা ১০০০।*
ঘোষণা নং : ০৫.৪১.২৬০০.০২৫.৫৩.১০৯.২২ (তারিখ : ২৩.১১.২০২২)

প্রধান উপদেষ্টা
আলহাজ মো. শহিদুল ইসলাম

আইন উপদেষ্টা
ব্যারিস্টার মাহিন এম. রহমান
এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট

সমন্বয়ক ও পরামর্শক
মো. আজহারুল ইসলাম ফরাজি
মুরাদ হাসান খুরশীদ
আজহার বিন ফরহাদ

STRATEGICAL & TECHNICAL TEAM

মো. আবদুস সালাম
উপপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, ব্যানবেইস

মো. ফজলুল হক
বিসিএস (শিক্ষা), সহযোগী অধ্যাপক, ইংরেজি
কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ

মো. শফিকুল ইসলাম
বিসিএস (শিক্ষা), সহযোগী অধ্যাপক, বাংলা
ঈশ্বরদী সরকারি কলেজ, পাবনা

মুহাম্মদ আরিফুল ইসলাম
উপপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ)
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

মোহাম্মদ ছানোয়ার হোসাইন
বিসিএস (শিক্ষা), প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান
সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর

মো. হান্নান মিয়া
বিসিএস (শিক্ষা), প্রভাষক, ইতিহাস বিভাগ
সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল

মো. সোহেল রানা
বিসিএস (শিক্ষা), প্রভাষক, পদার্থবিজ্ঞান
নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী

সূচিপত্র

০৪ দেশ সংবাদ
০৫ গ্লোবাল নিউজ
০৬ Recent Affairs in English
০৭ সাম্প্রতিক প্রশ্নোত্তর
০৮ সাম্প্রতিক MCQ
১০ সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব
১৩ গ্রন্থকানন
১৪ বিনোদন বিচিত্রা
১৫ পদক-পুরস্কার
১৬ রিপোর্ট সমীক্ষা

দেশ সন্দেশ

২০ সংসদ কর্নার
২১ ক্যাশলেস বাংলাদেশ-এর যাত্রা শুরু
২২ স্মৃতির পাতায় BBC বাংলা
২৩ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন আইন
২৪ বিশ্বমঞ্চে বাংলাদেশ
২৫ রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩
২৬ মেট্রোরেল বিচিত্রা
২৭ Widespread Impact of Dhaka Metro Rail
২৮ টানেল যুগে বাংলাদেশ

একুশের আয়োজন

২৯ প্রশ্নোত্তরে ভাষা আন্দোলন : পটভূমি ও ঘটনাপ্রবাহ
৩৪ অমর একুশে বইমেলা

বিশ্বজুড়ে


৩৫ নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডার পদত্যাগ
৩৬ ইসলামী বিশ্ব
৩৭ তীব্র জনতাত্ত্বিক সংকটে চীন
৩৯ বিশ্বের দীর্ঘতম নৌবিহারে গঙ্গাবিলাস
৪০ রেকর্ড বিশ্ব ও প্রযুক্তি বিশ্ব
৪১ মার্কিন মুলুকে
৪২ মহিমান্বিত রজনী লাইলাতুল মে'রাজ
৪৩ দেশ পরিচিতি : ব্রাজিল
৪৪ অনন্ত নক্ষত্রলোকে ফুটবলের রাজা
৪৬ খেলার আসর

বিসিএস প্রস্তুতি

৪৯ ৪১ ও ৪৩তম Real Viva
৫০ ৪৫তম প্রিলিমিনারি : বাংলাদেশ ও আন্তর্জাতিক
৫৮ **চাকরি পরীক্ষার কমন প্রশ্ন**

নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান

৬২ সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ২০২২
৬৩ যুব উন্নয়ন অধিদপ্তরের ক্যাশিয়ার ২০২২
৬৫ ১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২২
স্কুল ▮ স্কুল পর্যায়-২ ▮ কলেজ পর্যায়
৭২ BSC'র সিনিয়র অফিসার ২০২৩
৭৫ BREB'র সহকারী সচিব/পরিচালক প্রশাসন ২০২৩
৭৭ শিক্ষা সংবাদ
৭৮ বিশ্ববিদ্যালয় ভর্তি প্রস্তুতি ২০২২-২৩
৮৪ মেডিকেল ও ডেন্টাল কলেজ ভর্তি প্রস্তুতি ২০২২-২৩
৮৬ সাহিত্য জিজ্ঞাসা : জীবনানন্দ দাশ
৮৮ English Language Lab
৮৯ ম্যাথঘর
৯০ ফেব্রুয়ারি পরিক্রমা
৯২ জেলা পরিচিতি
৯৪ দূরের আকাশ
৯৫ ভিন্ন খবর
৯৬ গ্লোবাল অ্যাফেয়ার্স কুইজ

১০ম-৪৪তম বিসিএস প্রশ্ন Analysis-এ রচিত
45th BCS
বিশেষ সংখ্যা
খোঁজ করুন বইয়ের দোকান ও পত্রিকা স্টলে
মডেল টেস্ট দিন পুরস্কার জিতুন
স্বল্প সময়ে Smart প্রস্তুতির Technic
০১৯৩৯ ৯১৯ ১৬৫
০১৯৩৮ ৮৫৫ ৯৩৭
লেকচার পাবলিকেশন্স লি.
বাংলাদেশে প্রকাশনা জগতে ISO 9001:2015 সনদপ্রাপ্ত সর্বপ্রথম প্রতিষ্ঠান


ষড় ক সাংবাদিকতার একটি পরিভাষা, যেখানে ৬টি 'ক' দিয়ে কোনো একটি বিষয় বা ঘটনাকে বুঝতে হয়— **কে, কী, কখন, কোথায়, কেন, কীভাবে**।



দেশ সংবাদ

০১ জানুয়ারি ২০২৩ • রবিবার
— সুন্দরবনে বাঘ গণনা কার্যক্রম শুরু।
— তিন পার্বত্য জেলা ছাড়া ৬১ জেলায় জমি রেজিস্ট্রেশনে নতুন মৌজা রেট কার্যকর।
— বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো সফলভাবে যকৃত (লিভার) প্রতিস্থাপন সম্পন্ন হয়।

০২ জানুয়ারি ২০২৩ • সোমবার
— দেশব্যাপী শেখ কামাল দ্বিতীয় বাংলাদেশ যুব গেমস ২০২৩ শুরু।
— রাজশাহী মেট্রোপলিটন উন্নয়ন পরিকল্পনা (আরএমডিপি ২০২২-৪১) অনুমোদন করে প্রজ্ঞাপন জারি করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

০৪ জানুয়ারি ২০২৩ • বুধবার
— জাতীয় সংসদের গাইবান্ধা-৫ আসনের উপনির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত। বিজয়ী হন আওয়ামী লীগের প্রার্থী মাহমুদ হাসান রিপন।

০৫ জানুয়ারি ২০২৩ • বৃহস্পতিবার
— একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশন ও ২০২৩ সালের প্রথম অধিবেশন শুরু। অধিবেশনে রাষ্ট্রপতি হিসেবে সংসদে শেষ ভাষণ দেন মো. আবদুল হামিদ।

০৬ জানুয়ারি ২০২৩ • শুক্রবার
— আওয়ামী লীগ সরকারের বর্তমান মেয়াদের চতুর্থ বছর পূর্তি উপলক্ষ্যে জাতির উদ্দেশ্যে ভাষণ দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

০৭ জানুয়ারি ২০২৩ • শনিবার
— চারদিনের সফরে ঢাকা আসেন মার্কিন জাতীয় নিরাপত্তা কাউন্সিলের দক্ষিণ এশিয়া বিষয়ক জ্যেষ্ঠ পরিচালক রিয়ার অ্যাডমিরাল এইলেন লবাখ।

০৮ জানুয়ারি ২০২৩ • রবিবার
— বাংলাদেশ-ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি-বিএসএফ সীমান্ত সম্মেলন অনুষ্ঠিত।

০৯ জানুয়ারি ২০২৩ • সোমবার
— বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে ২০২৩ সালের হজ চুক্তি সম্পাদিত।
— মন্ত্রিসভার বৈঠকে পাটকে কৃষিজাত পণ্য ঘোষণা এবং জাতীয় কৃষি বিপণন নীতির খসড়া অনুমোদিত।
— আফ্রিকা যাওয়ার পথে ঢাকায় সংক্ষিপ্ত যাত্রাবিরতি করেন চীনের নতুন পররাষ্ট্রমন্ত্রী কিন গ্যাং।

১০ জানুয়ারি ২০২৩ • মঙ্গলবার
— মেহেরপুর ও নওগাঁয় নতুন দুটি বিশ্ববিদ্যালয় স্থাপনে পৃথক বিল উত্থাপিত হয় জাতীয় সংসদে।

১১ জানুয়ারি ২০২৩ • বুধবার
— সাকার মাছ নিষিদ্ধ করে চূড়ান্ত প্রজ্ঞাপন জারি করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।

১২ জানুয়ারি ২০২৩ • বৃহস্পতিবার
— ১৬ বছর পর নির্বাহী আদেশে ভোক্তা পর্যায়ে গড়ে ৫% বাড়ানো হয় বিদ্যুতের দাম, যা কার্যকর হয় ১ জানুয়ারি ২০২৩।
— শ্রীলঙ্কাকে রিজার্ভ থেকে ২০ কোটি ডলার দেওয়া ঋণ ফেরত দিতে আরও ৬ মাস সময় দেয় কেন্দ্রীয় ব্যাংক।

১৩ জানুয়ারি ২০২৩ • শুক্রবার
— ৫৬তম বিশ্ব ইজতেমার তিন দিনব্যাপী প্রথম পর্ব শুরু।

১৪ জানুয়ারি ২০২৩ • শনিবার
— IMF'র ঋণ নিয়ে চূড়ান্ত আলোচনা করতে পাঁচদিনের সফরে ঢাকা আসেন সংস্থার উপব্যবস্থাপনা পরিচালক (DMD) অ্যান্তইনেত মনসিও সায়েহ।
— দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী মার্কিন পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু তিনদিনের সফরে ঢাকা আসেন।

১৫ জানুয়ারি ২০২৩ • রবিবার
— ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয়ার্ধের মুদ্রানীতি ঘোষণা করে বাংলাদেশ ব্যাংক।
— নতুন খসড়া ভোটার তালিকার হালনাগাদ তথ্য প্রকাশ করে নির্বাচন কমিশন।

১৬ জানুয়ারি ২০২৩ • সোমবার
— দ্বিতীয় পর্যায়ে ৫০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের উদ্বোধন।
— বাংলাদেশ ও রুয়ান্ডার মধ্যে বিমান যোগাযোগ চালু করতে চুক্তি স্বাক্ষরিত।

১৮ জানুয়ারি ২০২৩ • বুধবার
— ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগের যাত্রা শুরু।
— নির্বাহী আদেশে ছয় খাতে গ্যাসের দাম বৃদ্ধির ঘোষণা দেয় সরকার।

২০ জানুয়ারি ২০২৩ • শুক্রবার
— ৫৬তম বিশ্ব ইজতেমার তিন দিনব্যাপী দ্বিতীয় পর্ব শুরু।
— বাংলাদেশ সেনাবাহিনীর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হয় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন ২০২৩।
— মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর দফতরের গ্লোবাল উইমেনস বিষয়ক সিনিয়র কর্মকর্তা ক্যাট ফোটোভ্যাট চারদিনের সফরে বাংলাদেশে আসেন।

২৩ জানুয়ারি ২০২৩ • সোমবার
— সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নামকরণ ও বিদ্যমান নাম পরিবর্তন নীতিমালা ২০২৩ জারি করে সরকার।

২৪ জানুয়ারি ২০২৩ • মঙ্গলবার
— তিনদিনব্যাপী জেলা প্রশাসক (ডিসি) সম্মেলন শুরু।

২৫ জানুয়ারি ২০২৩ • বুধবার
— ২২তম রাষ্ট্রপতি নির্বাচনের তপশিল ঘোষণা করে নির্বাচন কমিশন।
— জাতীয় সংসদে 'যাকাত তহবিল ব্যবস্থাপনা বিল' পাস।



গ্লোবাল নিউজ

০১ জানুয়ারি ২০২৩ • রবিবার

— দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাপানের সবচেয়ে বড় প্রতিরক্ষা ব্যয়ের পরিকল্পনার বাস্তবায়ন শুরু।

— ১৯৮৮ সালের চুক্তি অনুযায়ী পারমাণবিক স্থাপনার তথ্য বিনিময় করে ভারত ও পাকিস্তান।

— মার্কিন নেতৃত্বাধীন দেশগুলোর হুমকি মোকাবিলায় নতুন আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও বৃহত্তর পারমাণবিক অস্ত্রাগার তৈরির আহ্বান জানান উত্তর কোরিয়ার নেতা কিম জং উন।

— ছয় মাসের জন্য EU কাউন্সিলের সভাপতির দায়িত্ব গ্রহণ করে সুইডেন।

০২ জানুয়ারি ২০২৩ • সোমবার

— ভারতে ২০১৬ সালে নোট বাতিলের সিদ্ধান্তকে 'নির্ভুল' আখ্যা দেন সুপ্রিম কোর্টের সাংবিধানিক বেঞ্চ।

০৪ জানুয়ারি ২০২৩ • বুধবার

— হাইপারসনিক ক্ষেপণাস্ত্র 'জিরকন' সজ্জিত রণতরী 'অ্যাডমিরাল গোর্শকভ' রাশিয়ার একটি বন্দর থেকে যাত্রা করে।

০৫ জানুয়ারি ২০২৩ • বৃহস্পতিবার

— মার্কিন রণতরী *ইউএসএস চুং হুন* তাইওয়ান প্রণালি অতিক্রম করে।

— ইউক্রেনে হামলার দীর্ঘ ৩১৭ দিনের মাথায় প্রথমবারের মতো ৩৬ ঘণ্টার যুদ্ধবিরতির নির্দেশ দেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তবে সেটি প্রত্যাখ্যান করে ইউক্রেন।

০৬ জানুয়ারি ২০২৩ • শুক্রবার

— অর্থোডক্স খ্রিষ্টানদের বড় দিন উপলক্ষে রাশিয়ার ঘোষণা করা ৩৬ ঘণ্টা যুদ্ধবিরতি শুরু।

০৭ জানুয়ারি ২০২৩ • শনিবার

— মার্কিন প্রতিনিধি পরিষদের নতুন স্পিকার হিসেবে শপথ নেন কেভিন ম্যাকার্থি।

০৮ জানুয়ারি ২০২৩ • রবিবার

— প্রায় তিন বছর পর চীনা কর্তৃপক্ষ করোনা ভাইরাস মহামারিসংক্রান্ত কোয়ারেন্টিন ব্যবস্থা তুলে নেয়। এর মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে পুনরায় বহির্বিশ্বের সঙ্গে উন্মুক্ত হয় চীনের সীমান্ত।

— ব্রাজিলের কংগ্রেস, রাষ্ট্রপতি ভবন ও সুপ্রিম কোর্টে হামলা করে বিক্ষোভকারীরা।

০৯ জানুয়ারি ২০২৩ • সোমবার

— গ্যাবনের প্রেসিডেন্ট আলী বঙ্গো ওনডিম্বা নতুন প্রধানমন্ত্রী ও সরকার প্রধান হিসেবে অ্যালেইন ক্লদ বিলে বাই এনসে'র নাম ঘোষণা করেন।

১০ জানুয়ারি ২০২৩ • মঙ্গলবার

— নেপালের সাবেক মাওবাদী নেতা পুষ্প কমল দহল (প্রচন্ড) তৃতীয়বারের মতো দেশটির প্রধানমন্ত্রী হন।

১৩ জানুয়ারি ২০২৩ • শুক্রবার

— টানা কয়েকদিন ব্যাপক যুদ্ধের পর খনিজ লবণ সমৃদ্ধ ইউক্রেনের পূর্বাঞ্চলীয় সোলেডার শহর বিজয়ের ঘোষণা দেয় রাশিয়া।

— বিশ্বের দীর্ঘতম নৌবিহারের জন্য প্রমোদতরী গঙ্গাবিলাসের উদ্বোধন করেন ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

১৫ জানুয়ারি ২০২৩ • রবিবার

— নেপালে পোখারা আন্তর্জাতিক বিমানবন্দরে ৭২ জন আরোহী নিয়ে ইয়েতি এয়ারলাইনসের একটি উড়োজাহাজ বিধ্বস্ত হয়।

১৬ জানুয়ারি ২০২৩ • সোমবার

— পশ্চিম এশিয়ায় শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে।

— সুইজারল্যান্ডের দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামের (WEF) বার্ষিক সভা শুরু।

১৮ জানুয়ারি ২০২৩ • বুধবার

— ইউক্রেনের কিয়েভ অঞ্চলে হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী দেনিস মোনাস্তিরস্কিসহ ১৬ জন নিহত হন।

১৯ জানুয়ারি ২০২৩ • বৃহস্পতিবার

— নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আরডার্ন পদত্যাগের ঘোষণা দেন।

— ইরানের ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কর্পসসহ বাসিজ ও কুদস ফোর্সকে সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে ইউরোপীয় পার্লামেন্টে প্রস্তাব পাস।

২১ জানুয়ারি ২০২৩ • শনিবার

— ব্রাজিলের প্রেসিডেন্ট লুলা দা সিলভা সেনাপ্রধান জুলিও সিজার দা আররুদাকে বরখাস্ত করেন।

— ১৪ মে ২০২৩ তুরস্কের পরবর্তী পার্লামেন্ট ও প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানান প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান।

— যুক্তরাষ্ট্রের লসঅ্যাঞ্জেলেসে বন্দুক হামলার ঘটনায় ১১ জন নিহত হয়।

২২ জানুয়ারি ২০২৩ • রবিবার

— জার্মানির বার্লিনে চার দিনব্যাপী কৃষিমন্ত্রীদের সম্মেলন শেষ।

২৫ জানুয়ারি ২০২৩ • বুধবার

— নিউজিল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন ক্রিস হিপকিন্স।

President of Bangladesh | Elected by an indirect election by the members of Parliament as per Article 48 of the Constitution.

RECENT AFFAIRS IN ENGLISH

BANGLADESH

- When was the country's first Metro Rail inaugurated?
— On 28 December 2022 (By Sheikh Hasina)
- Who is the logo designer of Dhaka Metro Rail?
— Ali Ahsan Nishan
- Who was the first Metro train operator of the country's first Metro Rail?
— Mariam Afiza
- What is the name of campaign of the initiative 'Cashless Bangladesh'?
— Cashless Bangladesh, Smart Bangladesh
- What is the present bank rate declared by Bangladesh Bank?
— 4%
- Who is the long term President of Bangladesh history?
— Md. Abdul Hamid
- Who has received state recognition as Bangladesh's first war child?
— Marina Khatun (From Tarash Upazila in Sirajgang)
- Who is the first ever organ donor declared 'brain dead' by the physicians?
— Sarah Islam

INTERNATIONAL

- When did the Brazilian soccer legend, Pele die?
— On 29 December 2022
- Who has been officially announced as 71st Miss Universe?
— R Bonney Gabriel (USA)
- Which city has been named as UNESCO World Book Capital for 2023?
— Accra (Ghana)
- Which country adopted the euro as the 20th member of the area?
— Croatia (On 1 January 2023)
- Who has been elected as a president of COP-28?
— Sultan al-Jaber (UAE)
- Which country will host COP-28 summit 2023?
— The United Arab Emirates
- What does United Nation (UN) declare 2023 as?
— International Year of Millets
- Which organization formally declared Iran's Islamic Revolution Guard Crops (IRGC) as a terrorist organization?
— European Union
- Who has been confirmed as a new prime minister of New Zealand?
— Chris Hipkins
- What is age of oldest living person on earth and what is his/ her name?
— 115 years of old and Maria Branyas Morera
- In Global Firepower review-2023, which country ranked the top?
— United States (Bangladesh ranked 40th out of 145 countries)
- What is name of the second earth-size world discovered by NASA?
— TOI 700
- What is the name of the world's first Covid Intra-nasal vaccine?
— iNCOVACC (Produced by Bharat Biotect, India)

REPORT

- According to Global Economic Prospects of World Bank, what will Bangladesh GDP growth be for FY 2023?
— 5.2%
- According to the opinion poll conducted by the RT Arabic channel, who is the most influential Arab leader of 2022?
— Mohammed Bin Salman
- According to the 2023 Henley Passport Index, which country is the world's most powerful passport?
— Japan out of 109 countries; Afghanistan world's least powerful, 109th
- According to the 2023 Henley Passport Index, what is Bangladesh's position?
— 101st

GAMES & SPORTS

- Which Bangladeshi al-rounder earned a spot in the Wisden's men's ODI squad of the year-2022?
— Mehedi Hasan Miraz
- Who has been selected for the award for Best Arab Sportsman in Saudi Arabia?
— Achraf Hakimi (Moroccan football player)
- What is the name of the youngest cricketer to score double century in the ODI?
— Shubman Gill (India)

কোনো কারণে (স্ট্রোক, মস্তিষ্কে আঘাত, মস্তিষ্কে অস্ত্রোপচার বা অন্য কোনো কারণে) যদি আমাদের ব্রেন স্টেমের কার্যক্রম বন্ধ হয়ে যায় তাকে বলা হয় | ব্রেন ডেথ



সাম্প্রতিক প্রশ্নোত্তর

বাংলাদেশ

প্রশ্ন : ২৪তম ও নতুন মন্ত্রিপরিষদ সচিবের নাম কী?
উত্তর: মো. মাহবুব হোসেন।
প্রশ্ন : রংপুর সিটি করপোরেশনের বর্তমান মেয়রের নাম কী?
উত্তর: মোস্তাফিজার রহমান মোস্তফা (জাতীয় পার্টি)।
প্রশ্ন : দেশের প্রথম মেট্রোরেল চালকের নাম কী?
উত্তর: মরিয়ম আফিজা।
প্রশ্ন : দেশের প্রথম মৃত ঘোষিত (ব্রেন ডেথ) ব্যক্তির নাম কী?
উত্তর: সারাহ ইসলাম ঐশ্বর্য।
প্রশ্ন : ১১ জানুয়ারি ২০২৩ কোন মাছকে নিষিদ্ধ করে চূড়ান্ত প্রজ্ঞাপন জারি করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়?
উত্তর: সাকার মাছ।
প্রশ্ন : সাকার মাছের ইংরেজি নাম কী?
উত্তর: Suckermouth Catfish বা Common Pleco।
প্রশ্ন : বাংলাদেশে শনাক্ত ওমিক্রনের সর্বশেষ নতুন উপধরনের নাম কী?
উত্তর: BF.7।
প্রশ্ন : বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন বিল ২০২৩ জাতীয় সংসদে পাস হয় কবে?
উত্তর: ১৬ জানুয়ারি ২০২৩।
প্রশ্ন : ক্যাশলেস বা নগদবিহীন বাংলাদেশ উদ্যোগের যাত্রা শুরু হয় কবে?
উত্তর: ১৮ জানুয়ারি ২০২৩।
প্রশ্ন : জাতীয় সংসদে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল ২০২৩ পাস হয় কবে?
উত্তর: ২৪ জানুয়ারি ২০২৩।
প্রশ্ন : মেট্রোরেলের লোগোর ডিজাইনার কে?
উত্তর: আলী আহসান (নিশান)।
প্রশ্ন : জাতীয় প্রতিবন্ধী জরিপ অনুযায়ী দেশে প্রতিবন্ধী মানুষের হার কত?
উত্তর: ২.৮০%; ৪০ লাখ ৩২ হাজার।
প্রশ্ন : জাতীয় প্রতিবন্ধী জরিপ অনুযায়ী দেশে সবচেয়ে বেশি প্রতিবন্ধী রয়েছে কোন বিভাগে?
উত্তর: খুলনা বিভাগে; ৩.৬২%।
প্রশ্ন : মাতৃভাষা পিডিয়া প্রকাশ করবে কোন সংস্থা?
উত্তর: আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (IMLI)।
প্রশ্ন : MRT-1 লাইনের মোট দৈর্ঘ্য কত?
উত্তর: ৩১ কিলোমিটার।

আন্তর্জাতিক

প্রশ্ন : প্রিন্স হ্যারির প্রকাশিত আত্মজীবনীর নাম কী?
উত্তর: Spare।
প্রশ্ন : গুজরাট দাঙ্গায় ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূমিকা নিয়ে বিবিসি'র সম্প্রচারিত তথ্যচিত্রের নাম কী?
উত্তর: India : The Modi Question; সম্প্রচার ১৭ জানুয়ারি ২০২৩।
প্রশ্ন : ইসরায়েলের প্রধান বন্দর হাইফা কিনে নিয়েছে কোন ভারতীয় সংস্থা?
উত্তর: আদানি গ্রুপ।
প্রশ্ন : মার্কিন প্রতিনিধি পরিষদের বর্তমান স্পিকারের নাম কী?
উত্তর: কেভিন ম্যাকার্থি।
প্রশ্ন : ইউক্রেনে রাশিয়ার বর্তমান কমান্ডারের নাম কী?
উত্তর: ভ্যালেরি গেরাসিমভ।
প্রশ্ন : পূর্ব ইউক্রেনের দনবাস অঞ্চলের সেলেডার শহর কী নামে বিখ্যাত?
উত্তর: লবণ খনির শহর।
প্রশ্ন : বিশ্বের প্রথম থ্রিডি প্রিন্ট মসজিদ কোথায় তৈরি হবে?
উত্তর: সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে।
প্রশ্ন : আফগানিস্তানের তৈরি প্রথম অত্যাধুনিক সুপার কারের নাম কী?
উত্তর: MADA-9।
প্রশ্ন : বিশ্বের সবচেয়ে পুরনো মেট্রোরেল কবে, কোথায় চালু হয়?
উত্তর: জানুয়ারি ১৮৬৩; যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে।
প্রশ্ন : মৌমাছির কোন রোগ থেকে বাঁচার জন্য যুক্তরাষ্ট্র প্রথম টিকার অনুমোদন দিয়েছে?
উত্তর: American Foulbrood।
প্রশ্ন : ৭১তম মিস ইউনিভার্সের নাম কী?
উত্তর: আর'বনি গ্যাব্রিয়েল (যুক্তরাষ্ট্র)।
প্রশ্ন : বর্তমান বিশ্বের সবচেয়ে বয়স্ক মানুষ কে?
উত্তর: মারিয়া ব্রানিয়াস মোরেরা (স্পেন); বয়স ১১৫ বছর।
প্রশ্ন : ২০২২ সালের সবচেয়ে প্রভাবশালী আরব নেতা হিসেবে মনোনীত হন কে?
উত্তর: সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান।

ক্রীড়াঙ্গন

প্রশ্ন : শেখ কামাল দ্বিতীয় বাংলাদেশ যুব গেমস ২০২৩-এর স্লোগান কী?
উত্তর: বুকে হাত রেখে, বিজয়ের বেশে, ছুঁয়ে দেবো আসমান।
প্রশ্ন : দেশের ইতিহাসে সেরা ক্রীড়াবিদের নাম কী?
উত্তর: সাকিব আল হাসান।
প্রশ্ন : ওয়ানডেতে সবচেয়ে কম বয়সে ডাবল সেঞ্চুরি করেন কে?
উত্তর: শুবমান গিল (ভারত); ২৩ বছর ১৩২ দিন।
প্রশ্ন : ২০২২ সালের বর্ষসেরা আরব ক্রীড়াবিদের পুরস্কার লাভ করেন কে?
উত্তর: আশরাফ হাকিমি (মরক্কো)।

আটজন | একজন ব্রেন ডেথ মানুষের দেওয়া অঙ্গগুলোর মাধ্যমে মোট আটজন মানুষের জীবন রক্ষা করা সম্ভব। দুটি কিডনি, দুটি ফুসফুস, একটি হৃদযন্ত্র, একটি অগ্ন্যাশয়, পূর্ণাঙ্গ অন্ত্রনালি ও যকৃৎ।



সাম্প্রতিক MCQ

বাংলাদেশ

০১. জাতীয় সংসদের বর্তমান সংসদ উপনেতা কে?
K আমির হোসেন আমু L মতিয়া চৌধুরী
M আব্দুর রাজ্জাক N ওবায়দুল কাদের

০২. MRT-1 লাইনের নির্মাণকাজ শুরু হয় কবে?
K ২০ জানুয়ারি ২০২৩ L ২৫ জানুয়ারি ২০২৩
M ২৬ জানুয়ারি ২০২৩ N ২ ফেব্রুয়ারি ২০২৩

০৩. ৯ জানুয়ারি ২০২৩ নিচের কোন পণ্যকে কৃষিপণ্য হিসেবে ঘোষণা করা হয়?
K চা L পাট M তামাক N তুলা

০৪. BRRI উদ্ভাবিত প্রথম সুগন্ধি ধান কোনটি?
K ব্রি ধান-১০৩ L ব্রি ধান-১০৪
M ব্রি হাইব্রিড ধান-১০৮ N ওপরের সবগুলো

০৫. বাংলাদেশকে বিষাক্ত জৈব রাসায়নিক কীটনাশক 'ডিডিটি'মুক্ত ঘোষণা করা হয় কবে?
K ৮ জানুয়ারি ২০২৩ L ৯ জানুয়ারি ২০২৩
M ১০ জানুয়ারি ২০২৩ N ১১ জানুয়ারি ২০২৩

০৬. দেশে প্রথমবারের মতো 'ব্রেন ডেথ' কোন ব্যক্তির অঙ্গ নিয়ে অঙ্গ প্রতিস্থাপন করা হয়?
K সায়েরা ইসলাম L সুফিয়া ইসলাম
M সারাহ ইসলাম N জারাহ ইসলাম

০৭. মুক্তিযুদ্ধকালীন চিকিৎসা ও স্বাস্থ্যসেবা নিয়ে সম্প্রতি প্রকাশিত বইয়ের নাম কী?
K মুক্তিযুদ্ধের চিকিৎসা ইতিহাস
L বীরযোদ্ধা ও চিকিৎসা সেবা
M মুক্তিযোদ্ধা ও স্বাস্থ্যসেবা
N মুক্তিযুদ্ধ ও চিকিৎসা

০৮. বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২ লাভ করেন কত জন?
K ১২ জন L ১৩ জন
M ১৪ জন N ১৫ জন

০৯. দেশে এখন গেজেটভুক্ত মুক্তিযোদ্ধার সংখ্যা কতজন?
K ১,৯৮,৮৭৩ জন L ১,৯৮,৩৯২ জন
M ১,৯০,৮৭৩ জন N ১,৯০,৩৯২ জন

১০. প্রথমবারের মতো জাতীয় প্রবাসী দিবস পালিত হয় কবে?
K ২৯ ডিসেম্বর ২০২২ L ৩০ ডিসেম্বর ২০২২
M ৩১ ডিসেম্বর ২০২২ N ১ জানুয়ারি ২০২৩

১১. গ্রাহকসেবায় বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চালু করা নতুন হটলাইন নম্বরটি কত?
K ৯৯৯ L ১৬৩১৮
M ১৬৯৯৯ N ১৬২০০

১২. রাষ্ট্রপতির মেয়াদ সম্পর্কে সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে?
K ৪৮ অনুচ্ছেদ L ৪৯ অনুচ্ছেদ
M ৫০ (১) অনুচ্ছেদ N ৫১ (১) অনুচ্ছেদ

১৩. বঙ্গভবনের বর্তমান আয়তন কত?
K ২০৪ বিঘা L ২০৫ বিঘা
M ২১০ বিঘা N ২১৫ বিঘা

১৪. IMF থেকে নেওয়া ঋণের শর্তে বছরে কতবার মুদ্রানীতির ঘোষণার কথা বলা হয়েছে?
K একবার L দুইবার
M তিনবার N চারবার

১৫. বর্তমানে দেশে নিবন্ধিত NGO'র সংখ্যা কতটি?
K ২,২০৩টি L ২,৪৫৪টি
M ২,৫৫৪টি N ২,৬৫০টি

১৬. বর্তমানে দেশে বিদেশি NGO'র সংখ্যা কতটি?
K ২০৩টি L ২৬৫টি M ৪৫৪টি N ৫৫৪টি

আন্তর্জাতিক

১৭. ২০২৩ সালের মুসলিম বিশ্বের সাংস্কৃতিক রাজধানী হিসেবে ঘোষণা করা হয় কোন শহরকে?
K ইস্তানবুল L আঙ্কারা
M আম্মান N নোয়াকচোট

১৮. নোয়াকচোট কোন দেশের রাজধানী?
K সোমালিয়া L আলজেরিয়া
M মৌরিতানিয়া N তিউনিসিয়া

১৯. প্রথমবারের মতো ভার্চুয়াল ব্যাংক চালুর ঘোষণা দিয়েছে কোন দেশ?
K থাইল্যান্ড L দক্ষিণ কোরিয়া
M সুইডেন N সুইজারল্যান্ড

২০. ব্রাজিলের বর্তমান প্রেসিডেন্টের নাম কী?
K লুলা দ্যা সিলভা L দিলমা রউসেফ
M মিশেল তেমের N ফার্নান্দো কার্দোসা

২১. ইসরায়েলের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী?
K নাফতালি বেনেত L বেঞ্জামিন নেতানিয়াহু
M এহুদ ওলমার্ট N ইয়ার লাপিদ

২২. MADA-9 কোন দেশের তৈরি অত্যাধুনিক সুপারকার?
K যুক্তরাষ্ট্র L চীন
M ভারত N আফগানিস্তান

২৩. বিশ্বে কোন দেশে সর্বপ্রথম হাইড্রোজেনচালিত ট্রেন চালু করা হয়েছিল?
K ইংল্যান্ড L ফ্রান্স M জার্মানি N স্পেন

২৪. ভারত বিশ্বের কততম রাষ্ট্র হিসেবে হাইড্রোজেন ট্রেন চালু করতে যাচ্ছে?
K প্রথম L দ্বিতীয় M তৃতীয় N চতুর্থ

উত্তর

০১	খ
০২	ঘ
০৩	খ
০৪	খ
০৫	ক
০৬	গ
০৭	ক
০৮	ঘ
০৯	ক
১০	খ
১১	ঘ
১২	গ
১৩	ক
১৪	খ
১৫	গ
১৬	খ
১৭	ঘ
১৮	গ
১৯	ক
২০	ক
২১	খ
২২	ঘ
২৩	গ
২৪	গ

২৫. পোপ ষোড়শ বেনেডিক্ট মৃত্যুবরণ করেন কবে?
K ২০ ডিসেম্বর ২০২২ L ২৫ ডিসেম্বর ২০২২
M ৩০ ডিসেম্বর ২০২২ N ৩১ ডিসেম্বর ২০২২

২৬. ৭১তম মিস ইউনিভার্সের মুকুট জিতেছেন কে?
K ক্যারোলিনা বিলাস্কা, পোল্যান্ড
L আর'বনি গ্যাব্রিয়েল, যুক্তরাষ্ট্র
M হারনাজ সান্ধু, ভারত
N আমান্ডা দুদামেল, ভেনিজুয়েলা

সংস্থা-সংগঠন

২৭. ACU'র সদস্য দেশের সংখ্যা কত?
K ৯ L ১০ M ১১ N ১২

২৮. ইন্টারন্যাশনাল রিনিউয়েবল এনার্জি এজেন্সি (IRENA)-এর বর্তমান সদস্য দেশের সংখ্যা কত?
K ১৬৮ L ১৬৯ M ১৭০ N ১৭১

২৯. বর্তমানে শেনঝেন অঞ্চলভুক্ত দেশের সংখ্যা—
K ২৪টি L ২৫টি M ২৬টি N ২৭টি

৩০. ২৭তম শেনঝেন অঞ্চলভুক্ত দেশ কোনটি?
K রোমানিয়া L বুলগেরিয়া
M ক্রোয়েশিয়া N মন্টিনিগ্রো

৩১. বর্তমানে ইউরো মুদ্রা চালু রয়েছে কতটি দেশে?
K ১৮টি L ১৯টি M ২০টি N ২১টি

৩২. ২০তম দেশ হিসেবে ইউরো মুদ্রা চালু করে কোন দেশ?
K ক্রোয়েশিয়া L বেলারুশ
M বুলগেরিয়া N মোনাকো

৩৩. জাতিসংঘের UNDP, UNFPA ও UNOPS-এর এক্সিকিউটিভ বোর্ডের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন কে?
K মুহাম্মদ আবদুল মুহিত L রাবাব ফাতিমা
M মাসুদ বিন মোমেন N ইসমাত জাহান

৩৪. ১৯ জানুয়ারি ২০২৩ কোন সংস্থা ইরানের ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কর্পসকে (IRGC) সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে?
K জাতিসংঘ L আরব লিগ
M ইউরোপীয় ইউনিয়ন N OPEC

চুক্তি-সম্মেলন

৩৫. সম্প্রতি কোন দেশের সাথে বিমান যোগাযোগ চালু করতে বাংলাদেশ চুক্তিতে স্বাক্ষর করেছে?
K চীন L রাশিয়া M রুয়ান্ডা N তুরস্ক

৩৬. তালেবান কোন দেশের সাথে তেল চুক্তি স্বাক্ষর করেছে?
K চীন L রাশিয়া
M ইন্দোনেশিয়া N সৌদি আরব

৩৭. সম্প্রতি দ্বিতীয় আন্তর্জাতিক বাঙালি সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
K আসাম, ভারত L কলকাতা, ভারত
M আগরতলা, ভারত N মেঘালয়, ভারত

রিপোর্ট-সমীক্ষা

৩৮. ওয়ার্ল্ড ইকোনমিক লীগ-এর বৃহত্তম অর্থনীতির দেশের তালিকায় বাংলাদেশের অবস্থান কততম?
K ৩২তম L ৩৩তম M ৩৪তম N ৩৫তম

৩৯. GDP'র ভিত্তিতে বিশ্ব অর্থনীতিতে শীর্ষ দেশ—
K চীন L জার্মানি M কানাডা N যুক্তরাষ্ট্র

৪০. শক্তিশালী পাসপোর্ট সূচকে শীর্ষ দেশ কোনটি?
K জাপান L যুক্তরাষ্ট্র
M অস্ট্রেলিয়া N জার্মানি

৪১. শক্তিশালী পাসপোর্ট সূচকে বাংলাদেশের অবস্থান—
K ১০০তম L ১০১তম M ১০২তম N ১০৩তম

৪২. শক্তিশালী পাসপোর্ট সূচকে সবার নিচে কোন দেশের অবস্থান?
K সিরিয়া L ইরাক
M আফগানিস্তান N মিয়ানমার

৪৩. গ্লোবাল ফায়ার পাওয়ার প্রতিবেদন অনুযায়ী, সামরিক শক্তিতে শীর্ষ দেশ কোনটি?
K যুক্তরাষ্ট্র L চীন
M ফ্রান্স N রাশিয়া

৪৪. গ্লোবাল ফায়ার পাওয়ার প্রতিবেদনে সামরিক শক্তিতে বাংলাদেশের অবস্থান কততম?
K ৩৯তম L ৪০তম M ৪১তম N ৪২তম

৪৫. গ্লোবাল ফায়ার পাওয়ার প্রতিবেদন অনুযায়ী সামরিক শক্তিতে সর্বনিম্ন দেশ কোনটি?
K বেনিন L মলদোভা M ভুটান N সোমালিয়া

৪৬. 'স্টেট অব দ্য গ্লোবাল ইসলামিক ইকোনমি রিপোর্ট' অনুযায়ী সর্ববৃহৎ ইসলামী অর্থনীতির দেশ কোনটি?
K তুরস্ক L আরব আমিরাত
M সৌদি আরব N মালয়েশিয়া

৪৭. বিশ্বব্যাংকের প্রতিবেদন অনুযায়ী, দক্ষিণ এশিয়ার সবচেয়ে দুর্বল অর্থনীতির দেশ কোনটি?
K আফগানিস্তান L পাকিস্তান
M নেপাল N শ্রীলংকা

ক্রীড়াঙ্গন

৪৮. বাংলাদেশ ক্রিকেট দলের প্রধান কোচ রাসেল ডমিঙ্গো পদত্যাগ করেন কবে?
K ২৩ ডিসেম্বর ২০২২ L ২৫ ডিসেম্বর ২০২২
M ২৭ ডিসেম্বর ২০২২ N ৩০ ডিসেম্বর ২০২২

৪৯. ফুটবলের রাজা পেলে ব্রাজিলের কোন দলের হয়ে খেলতেন?
K সান্তোস L সাও পাওলো
M কুরিতিবা N কাম্পেওনাতো

৫০. আইসিসি'র ২০২২ সালের বর্ষসেরা ওয়ানডে দলে জায়গা পান কোন বাংলাদেশি?
K মেহেদী হাসান মিরাজ L সাকিব আল হাসান
M তামিম ইকবাল N মোস্তাফিজুর রহমান

✓ উত্তর

২৫	ঘ
২৬	খ
২৭	ক
২৮	ক
২৯	ঘ
৩০	গ
৩১	গ
৩২	ক
৩৩	ক
৩৪	গ
৩৫	গ
৩৬	ক
৩৭	খ
৩৮	গ
৩৯	ঘ
৪০	ক
৪১	খ
৪২	গ
৪৩	ক
৪৪	খ
৪৫	গ
৪৬	ঘ
৪৭	খ
৪৮	গ
৪৯	ক
৫০	ক

BARD | স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্বায়ত্তশাসিত একটি প্রতিষ্ঠান। এর যাত্রা শুরু ২৭ মে ১৯৫৯।

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

নতুন মুখ

বাংলাদেশ

সচিব

- স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ : মো. আজিজুর রহমান; নিয়োগ ২৩ জানুয়ারি ২০২৩। আদেশ কার্যকর ১৪ ফেব্রুয়ারি ২০২৩।
- যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : মহিউদ্দিন আহমেদ; নিয়োগ ১৫ জানুয়ারি ২০২৩।
- মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ : সোলেমান খান; নিয়োগ ১৫ জানুয়ারি ২০২৩।

চেয়ারম্যান

- মোংলা বন্দর : রিয়ার অ্যাডমিরাল মীর এরশাদ আলী; নিয়োগ ১৯ জানুয়ারি ২০২৩।
- জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ : মুনিম হাসান; নিয়োগ ১৬ জানুয়ারি ২০২৩।
- বিমান বাংলাদেশ এয়ারলাইন্স : মোস্তফা কামাল উদ্দীন; নিয়োগ ১৫ জানুয়ারি ২০২৩।
- ভূমি আপিল বোর্ড : শামিমূল হক সিদ্দিক; নিয়োগ ১৪ জানুয়ারি ২০২৩।
- সুপ্রিম কোর্ট লিগ্যাল এইড : বিচারপতি নাইমা হায়দার। নিয়োগ ১২ জানুয়ারি ২০২৩।

নতুন মন্ত্রিপরিষদ সচিব

প্রশাসনের শীর্ষ পদ মন্ত্রিপরিষদ সচিব। ৩ জানুয়ারি ২০২৩ দেশের ২৪তম মন্ত্রিপরিষদ সচিব হিসেবে নিয়োগ লাভ করেন মো. মাহবুব হোসেন। তিনি কবির বিন আনোয়ারের স্থলাভিষিক্ত হন। কবির বিন আনোয়ার দেশের সবচেয়ে সংক্ষিপ্ত সময়ের জন্য মন্ত্রিপরিষদ সচিব ছিলেন; ১৯ দিন (১১ ডিসেম্বর ২০২২-৩ জানুয়ারি ২০২৩)। তার আগে সবচেয়ে স্বল্পকালীন মন্ত্রিপরিষদ সচিব ছিলেন ২০০২ সালে বিএনপি সরকারের আমলে ড. কামাল উদ্দিন সিদ্দিকী। তিনি এক মাস দুই দিনের জন্য মন্ত্রিপরিষদ সচিবের দায়িত্ব পালন করেছিলেন।



- বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (BCIC) : মোহাম্মদ সাইদুর রহমান; নিয়োগ ৩ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন (BIWTC) : মো. শফিউল হক; নিয়োগ ৩ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ করপোরেশন (PETROBANGLA) : জনেন্দ্রনাথ সরকার; নিয়োগ ১ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (BADC) : আবদুল্লাহ সাজ্জাদ; যোগদান ২৯ ডিসেম্বর ২০২২।
- বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন : ডা. অশোক কুমার পাল; নিয়োগ ২৭ ডিসেম্বর ২০২২।

মহাপরিচালক

- ইসলামিক ফাউন্ডেশন : ড. বশিরুল আলম; যোগদান ২৫ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI) : ড. দেবাশীষ সরকার; নিয়োগ ১৯ জানুয়ারি ২০২৩।
- বর্ডার গার্ড বাংলাদেশ (BGB) : মেজর জেনারেল এ কে এম নাজমুল হাসান; নিয়োগ ১৭ জানুয়ারি ২০২৩।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী : মেজর জেনারেল এ কে এম আমিনুল হক; নিয়োগ ১৭ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট : মোশারফ হোসেন মোল্লা; নিয়োগ ১৬ জানুয়ারি ২০২৩।
- স্বাস্থ্য অধিদফতর : অধ্যাপক ডা. আহমেদুল কবীর (রুটিন দায়িত্ব); নিয়োগ ৯ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ টেলিভিশন (BTV) : মো. মনিরুজ্জামান; নিয়োগ ৩ জানুয়ারি ২০২৩।
- জাতীয় সঞ্চয় অধিদপ্তর : মো. জাফর উল্লাহ; নিয়োগ ৩ জানুয়ারি ২০২৩।
- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর : মো. মিজানুর রহমান; নিয়োগ ৩ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড : প্রকৌশলী মাহবুব রহমান; যোগদান ১ জানুয়ারি ২০২৩।
- বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (BARD) : মো. মিজানুল হক; নিয়োগ ১ জানুয়ারি ২০২৩।

উপাচার্য

- সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় : অধ্যাপক ডা. এইচএম এনায়েত হোসেন; নিয়োগ ১ জানুয়ারি ২০২৩।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয় : রিয়ার অ্যাডমিরাল মোহাম্মদ মুসা; নিয়োগ ১৯ জানুয়ারি ২০২৩।

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত

- তুরস্ক : মো. আমানুল হক; নিয়োগ ২ জানুয়ারি ২০২৩।
- মিয়ানমার : মো. মনোয়ার হোসেন; নিয়োগ ১২ জানুয়ারি ২০২৩।

বিবিধ

- স্বাস্থ্য পরিচালক, চট্টগ্রাম বিভাগ : ডা. মো. মহিউদ্দীন; নিয়োগ ২৩ জানুয়ারি ২০২৩।
- ব্যবস্থাপনা পরিচালক (এমডি), বাংলাদেশ শিপিং করপোরেশন : কমোডর মো. জিয়াউল হক; নিয়োগ ১৯ জানুয়ারি ২০২৩।
- প্রধান প্রকৌশলী, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) : আবদুল মালেক; নিয়োগ ১৯ জানুয়ারি ২০২৩।
- সদস্য, সরকারি কর্ম কমিশন (পিএসসি) : খলিলুর রহমান ও সৈয়দ গোলাম ফারুক; নিয়োগ ৯ জানুয়ারি ২০২৩। বর্তমানে চেয়ারম্যানসহ পিএসসি'র মোট সদস্য ১৫ জন।
- বাংলাদেশে চীনের রাষ্ট্রদূত : ইয়াও ওয়েন। পরিচয়পত্র পেশ ৯ জানুয়ারি ২০২৩।
- সভাপতি, টেবিল টেনিস ফেডারেশন : মেজবাহ উদ্দিন; দায়িত্ব গ্রহণ ৩ জানুয়ারি ২০২৩।
- রেক্টর, ফরেন সার্ভিস একাডেমি : মাশফী বিনতে শামস; নিয়োগ ২ জানুয়ারি ২০২৩।
- সভাপতি, ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টস অব বাংলাদেশ (ICMAB) : আবদুর রহমান খান। তিনি ২০২৩ সালের জন্য এ দায়িত্ব পালন করবেন।

৭১তম মিস ইউনিভার্স

মিস ইউনিভার্সের ৭১তম আসরে সেরার মুকুট জয়লাভ করেন ফিলিপিনো বংশোদ্ভূত মার্কিন নাগরিক আর'বনি গ্যাব্রিয়েল। ২৮ বছর বয়সী গ্যাব্রিয়েল পেশায় একজন ফ্যাশন ডিজাইনার ও মডেল। মিস ইউনিভার্সের ৭১



বছরের ইতিহাসে ১২তম মুকুট 'ফোর্স ফর গুড' পরিয়ে দেওয়া হয় তাকে। ২০২৩ সালে উন্মোচন করা মুকুটটি ১১০ ক্যারেটের নীল পাথর ও ৪৮ ক্যারেটের সাদা ডায়মন্ড খচিত। মিস ইউনিভার্সের ইতিহাসে এটাই সবচেয়ে দামি মুকুট।

দিবস-প্রতিপাদ্য

জানুয়ারি


১ : বিশ্ব পরিবার দিবস।
২ : বিশ্ব জনসংখ্যা দিবস।
: ২০তম জাতীয় সমাজসেবা দিবস। প্রতিপাদ্য— উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায় দেশ গড়বো সমাজসেবায়।
৪ : বিশ্ব ব্রেইল দিবস।
৬ : বিশ্ব যুদ্ধ অনাথ শিশু দিবস।
১০ : বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস।
১৪ : জাতীয় হাঁটা দিবস। প্রতিপাদ্য— স্বল্প দূরত্বে হেঁটে যাই, যানবাহনের ওপর চাপ কমাই।
১৯ : জাতীয় শিক্ষক দিবস।
২০ : শহীদ আসাদ দিবস।
২৩ : বিশ্ব হাতের লেখা দিবস। প্রতিপাদ্য— বিশ্ব হাতের লেখা দিবসের অঙ্গীকার, সবার হাতের লেখা হোক সুন্দর, দ্রুত ও পরিষ্কার।
২৪ : গণঅভ্যুত্থান দিবস।
: আন্তর্জাতিক শিক্ষা দিবস। প্রতিপাদ্য— মানুষের মাঝে বিনিয়োগে শিক্ষায় অগ্রাধিকার।
২৫ : বিশ্ব শিশু ক্যান্সার দিবস।
: কম্পিউটারে বাংলা প্রচলন দিবস।
২৬ : আন্তর্জাতিক শুল্ক দিবস। প্রতিপাদ্য— ভবিষ্যৎ প্রজন্মের লালন : কাস্টমসে জ্ঞানচর্চা ও উত্তম পেশাদারিত্বের বিকাশ।
২৭ : আন্তর্জাতিক হলোকাস্ট স্মরণ দিবস।
২৮ : তথ্য সুরক্ষা দিবস।
২৯ : (জানুয়ারির শেষ রবিবার) : আন্তর্জাতিক কুষ্ঠ দিবস।

সাহিত্য-সংস্কৃতি


- **India : The Modi Question >** গুজরাট দাঙ্গায় নরেন্দ্র মোদির 'ভূমিকা' নিয়ে বিবিসি'র তথ্যচিত্র। ১৭ জানুয়ারি ২০২৩ এটি যুক্তরাজ্যের *বিবিসি* ২ চ্যানেলে সম্প্রচারিত হয়।
- **রূপালি গিটার :** গিটার জাদুকর ও নন্দিত কণ্ঠশিল্পী আইয়ুব বাচ্চুর জীবনী নিয়ে রচিত বই। প্রকাশ– অমর একুশে বইমেলা ২০২৩।
- **ভেঙ্গেছে দুয়ার, এসেছ জ্যোতির্ময় :** বিশেষ নিরাপত্তা বাহিনীর (SSF) মহাপরিচালক মেজর জেনারেল মো. মুজিবুর রহমান সম্পাদিত গ্রন্থ। প্রকাশ– ১০ জানুয়ারি ২০২৩ ও মোড়ক উন্মোচন– ১৪ জানুয়ারি ২০২৩। বইটিতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন এবং ১৯৬৬-৭৫ সাল পর্যন্ত সংবাদপত্র ও গণমাধ্যমে যেসব রিপোর্ট, বিশেষ প্রতিবেদন, ছবি ছাপা হয়েছিল সেই পত্রিকাগুলোর প্রথম পাতা বাছাই করে সংকলিত করা হয়।

হারানো মানুষ


- **রুবি গজনবী (১৯৩৫-১৪ জানুয়ারি ২০২৩) :** বাংলাদেশের প্রাকৃতিক রঙের পুনর্জাগরণ ও কারুশিল্প আন্দোলনের অন্যতম পথিকৃৎ। নকশা ও রঙ্গিন নামের দুটি বই লিখেছেন তিনি। ফুল, লতা-পাতা, ফলের খোসা দিয়ে তিনি আবিষ্কার করেছিলেন প্রায় ৩০টি প্রধান রং।
- **মোবাশ্বের হোসেন (২৭ ডিসেম্বর ১৯৪৩–০১ জানুয়ারি ২০২৩) :** স্থাপত্যবিদ, ক্রীড়া সংগঠক, পরিবেশকর্মী, নগর পরিকল্পনাবিদ, আলোচক ও বীর মুক্তিযোদ্ধা। তার জন্ম ব্রাহ্মণবাড়িয়ায়।



- **সুফিয়া খাতুন (মে ২০২২-০৭ জানুয়ারি ২০২৩) :** বিদূষী লেখক, শিক্ষক ও সমাজসেবক। তার জন্ম ময়মনসিংহে। ২০২১ সালে বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত *জীবন নদীর বাঁকে বাঁকে* গ্রন্থের রচয়িতা তিনি।
- **সিরাজুল করিম (মৃত্যু ১১ জানুয়ারি ২০২৩) :** আলোকচিত্রী। তার জন্ম মাদারীপুর জেলার কালকিনি উপজেলার দক্ষিণ রমজানপুরের তালুকদার বাড়িতে। স্বাধীনতার পর বাংলাদেশে ছাপানোর প্রায় প্রতিটি নোটেই তার তোলা ছবি ব্যবহার করা হয়। তার বড় ভাই রশিদ তালুকদারও আলোকচিত্র শিল্পী ছিলেন।
- **আশেক মাহমুদ (মৃত্যু ২১ জানুয়ারি ২০২৩) :** বিশ শতকের আশি ও নব্বই দশকের অসংখ্য জনপ্রিয় গানের গীতিকবি।
- **খন্দকার মাহবুব হোসেন (২০ মার্চ ১৯৩৮-৩১ ডিসেম্বর ২০২২) :** ১৯৭৩ সালে দালাল আইনে যুদ্ধাপরাধীদের বিচারের জন্যে গঠিত আদালতের প্রধান কৌসুলি। এছাড়া তিনি বাংলাদেশ সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ও সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশের ফৌজদারি আইন বিশেষজ্ঞ হিসেবে পরিচিত।



- **বিশু সিকদার (মৃত্যু ২১ জানুয়ারি ২০২৩) :** গীতিকবি। তার প্রকৃত নাম সেলিম জাহাঙ্গীর। তার জন্মস্থান নড়াইলের লোহাগড়ায়। তার লেখা উল্লেখযোগ্য গান— জনপ্রিয় কণ্ঠশিল্পী জেমস ও তার ব্যান্ড নগর বাউলের 'বিজলি', 'সেলাই দিদিমনি', 'দুষ্টু ছেলের দল', 'একা', 'তুফান'।
- **মুহাম্মদ নুরুদ্দিন ফতেহ্‌পুরী (১৯৪৮– ১৭ জানুয়ারি ২০২৩) :** শিলালিপি বিশেষজ্ঞ এবং আরবি ফারসি ও উর্দু ভাষার পণ্ডিত। তার জন্ম গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলার মুক্তারপুর ইউনিয়নের পোর্টান (ফতেহপুর) গ্রামে।
- **হিরাবেন মোদি (১৯২৩–২৯ ডিসেম্বর ২০২২) :** ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মা। তার স্বামীর নাম দামোর দাস।
- **বারবারা ওয়াল্টার্স (২৫ সেপ্টেম্বর ১৯২৯–৩০ ডিসেম্বর ২০২৩) :** যুক্তরাষ্ট্রের প্রথম নারী উপস্থাপক। তার মাধ্যমেই মার্কিন টিভি সাংবাদিকতা ও উপস্থাপনায় নারীর পদার্পণ ঘটে। যুক্তরাষ্ট্রের টেলিভিশনে তাকেই 'নারী সাংবাদিকতায় পথিকৃৎ' হিসেবে অভিহত করা হয়।
- **রাজা দ্বিতীয় কনস্ট্যান্টাইন (২ জুন ১৯৪০-১০ জানুয়ারি ২০২৩) :** গ্রিসের সাবেক রাজা।
- **লিসা মেরি প্রিসলি (১ ফেব্রুয়ারি ১৯৬৮–১২ জানুয়ারি ২০২৩) :** বিশ্ববিখ্যাত গায়ক পপ সম্রাট মাইকেল জ্যাকসনের সাবেক স্ত্রী এবং 'রক অ্যান্ড রোল'-এর রাজা খ্যাত এলভিস প্রিসলির একমাত্র মেয়ে।
- **পোপ ষোড়শ বেনেডিক্ট (১৬ এপ্রিল ১৯২৭–৩১ ডিসেম্বর ২০২২) :** ভ্যাটিকান সিটির প্রাক্তন পোপ। প্রায় আট বছর ভ্যাটিকান গির্জার পোপের দায়িত্ব পালন করে ২০১৩ সালে তিনি পদত্যাগ করেন। তিনি ছিলেন স্বেচ্ছায় পোপের পদ থেকে সরে যাওয়া দ্বিতীয় ব্যক্তি। তার আগে ১৪১৫ সালে পোপের পদ থেকে ইস্তফা দেন দ্বাদশ গ্রেগরি।



- **জেফ বেক (২৪ জুন ১৯৪৪-১০ জানুয়ারি ২০২৩) :** 'গিটার জাদুকর' খ্যাত ব্রিটিশ কিংবদন্তী গিটারিস্ট। তার পুরো নাম জিওফ্রে আর্নল্ড বেক।
- **শারদ যাদব (১ জুলাই ১৯৪৭-১১ জানুয়ারি ২০২৩) :** ভারতের সাবেক কেন্দ্রীয় মন্ত্রী এবং দেশটির অন্যতম প্রধান সমাজতান্ত্রিক নেতা।
- **জিনা লল্লো ব্রিজিদা (৪ জুলাই ১৯২৭–১৬ জানুয়ারি ২০২৩) :** ইউরোপীয় চলচ্চিত্র জগতে 'লোলা' নামে পরিচিত ইতালির খ্যাতনামা অভিনেত্রী।
- **ওয়াল্টার কানিংহাম (১৬ মার্চ ১৯৩২–৩ জানুয়ারি ২০২৩) :** অ্যাপোলো ৭-এর সর্বশেষ নভোচারী। তিনি নভোচারী পরিচয়ের বাইরে ছিলেন যুদ্ধবিমানের পাইলট। পদার্থবিদ ও উদ্যোক্তাও ছিলেন তিনি। এর বাইরে তিনি সর্বোপরি একজন অনুসন্ধানকারী ছিলেন।

গ্রন্থশোলন

মসজিদে নববীর স্থাপত্যের বিশ্বকোষ

২ ডিসেম্বর ২০২২ সৌদি আরবের মদিনায় মসজিদে নববীর স্থাপত্যের বিশ্বকোষ মোড়ক উন্মোচন করা হয়। ইসলামের প্রথম যুগ থেকে বর্তমান পর্যন্ত ১৫০০ বছরে মসজিদটির স্থাপত্য বিবরণ ও অবকাঠামোর ইতিহাস তুলে ধরা হয়েছে এ বিশ্বকোষে। এতে সন্নিবেশিত হয়েছে মসজিদের ভেতর ও বাইরের ছয় হাজারের বেশি ছবি। রয়েছে বিভিন্ন সময়ে এর মেরামত ও সম্প্রসারণের নথিপত্র, মানচিত্রসহ ইসলামিক স্থাপত্যশিল্পের গুরুত্বপূর্ণ তথ্য। ২০১৮ সালে এ বিশ্বকোষ বিভাগের কাজ শুরু হয়। ৬৫০ জনের বেশি সদস্য এ গবেষণা কাজে যুক্ত ছিলেন।

বঙ্গবন্ধুর চিঠি নিয়ে বই



প্রকাশক
বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর
পৃষ্ঠা ২৫০
মূল্য ৪০০ টাকা

কারাগার থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লিখিত ৩৫টি চিঠি নিয়ে 'চিঠিপত্র : শেখ মুজিবুর রহমান' নামে বাংলা ও ইংরেজিতে দুটি বই সংকলিত হয়েছে। ৩ জানুয়ারি ২০২৩ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বই দুটির মোড়ক উন্মোচন করেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৪৮-১৯৫০ সাল পর্যন্ত কারাগার থেকে যে চিঠিগুলো লিখেছেন, সেগুলোর মধ্য থেকে ৩৫টি চিঠি নিয়ে বইটির প্রথম খণ্ড প্রকাশিত হয়েছে। পর্যায়ক্রমে এর আরো নয়টি খণ্ড প্রকাশ করা হবে।

মুক্তিযুদ্ধের চিকিৎসা ইতিহাস

মুক্তিযুদ্ধকালীন চিকিৎসা ও স্বাস্থ্যসেবা বিষয় নিয়ে গবেষণা করেন যুক্তরাজ্যের সাসেক্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, বিশিষ্ট কথাসাহিত্যিক শাহাদুজ্জামান এবং ওয়াটারএইড দক্ষিণ এশিয়ার আঞ্চলিক পরিচালক চিকিৎসক খায়রুল ইসলাম। তাদের সেই গবেষণাকাজই ২৮ ডিসেম্বর ২০২২ বই আকারে প্রকাশিত হয়, যার নাম রাখা হয় 'মুক্তিযুদ্ধের চিকিৎসা ইতিহাস'। বইটির ১১টি অধ্যায়ে স্থান পেয়েছে মুক্তিযুদ্ধকালে ঢাকা ও ঢাকার বাইরের চিকিৎসাসেবা ব্যবস্থা, শরণার্থীশিবিরের চিকিৎসা ও স্বাস্থ্যপুষ্টির যুদ্ধ, সেক্টরভিত্তিক মেডিকেলের ইতিহাস এবং চিকিৎসাযুদ্ধের সাংগঠনিক পর্বের মতো ইতিহাসগুলো।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকার দেশ নির্মাণের মৌলিক রূপরেখা

২৩ জানুয়ারি ২০২২ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকার : দেশ নির্মাণের রূপরেখা' শীর্ষক একটি বইয়ের মোড়ক উন্মোচন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দীর্ঘ গবেষণা শেষে বইটি লিখেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. তোফাজ্জল হোসেন মিয়া। এই বইয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকার পরিচালনা সংশ্লিষ্ট মোট ৪৭টি বিষয়ে আলোকপাত করা হয়। মোট ৪৯২ পৃষ্ঠার বইটির মুখবন্ধ লিখেন প্রধানমন্ত্রী নিজেই।

মাতৃভাষা পিডিয়ার উদ্বোধন

মাতৃভাষা পিডিয়া প্রকাশ করতে যাচ্ছে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (IMLI)। পাঁচখণ্ডে বাংলা ও ইংরেজি



ভাষায় প্রকাশিত হবে এ মাতৃভাষা বিশ্বকোষ। ২১ ফেব্রুয়ারি ২০২৪ এর উদ্বোধন হতে পারে। ১১ জানুয়ারি ২০২৩ এর প্রকাশনা কার্যক্রমের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

মাতৃভাষা পিডিয়া হবে সাধারণ বিশ্বকোষের চেয়ে ভিন্ন প্রকৃতির। এটি হবে প্রধানত প্রত্যেকের মাতৃভাষায় ব্যবহৃত ধ্বনি, শব্দ, বাক্য, শব্দের ব্যুৎপত্তি, শব্দ ও বাক্যের অর্থ ও প্রয়োগ, ব্যাকরণসহ ভাষা-সংশ্লিষ্ট সামগ্রিক আলোচনাসমৃদ্ধ একটি বিশ্বকোষ। এতে পৃথিবীর সব দেশের সব জাতির মাতৃভাষা স্থান পাবে। তবে প্রথম পর্যায়ে এটিতে বাংলাদেশের অভ্যন্তরে ব্যবহৃত মাতৃভাষাগুলো স্থান পাবে। মাতৃভাষা চর্চা, শিক্ষা ও গবেষণা সম্পর্কিত বিভিন্ন পরিভাষা, বিষয়, উপাদান ইত্যাদি মাতৃভাষা পিডিয়ার ভুক্তি হিসেবে অন্তর্ভুক্ত হবে। ভুক্তির সংখ্যা হবে অনধিক ১,৫০০।

উপদেষ্টা পরিষদ

কবি ও লেখক ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম।

সম্পাদনা পরিষদ

IMLI'র প্রফেসর ড. হাকিম আরিফ, IMLI'র প্রাক্তন মহাপরিচালক অধ্যাপক ড. জীনাত ইমতিয়াজ আলী, বাংলা একডেমির মহাপরিচালক নুরুল হুদা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউটের অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য প্রমুখ।

রঙিন ছবি

বিশ্বে প্রথম তোলা হয় ১৮৯০ সালে।
বাংলাদেশে প্রথম রঙিন প্রিন্ট শুরু হয় ১৯৭৯ সালে।

৮০তম গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ড

১১ জানুয়ারি ২০২৩ ঘোষণা করা হয় ৮০তম গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ড।

চলচ্চিত্র

- সেরা চলচ্চিত্র ➤ ড্রামা : দ্য ফেবেলম্যানস ● মিউজিক্যাল/কমেডি : দ্য বানশিজ অব ইনিশেরিন ● বিদেশি ভাষার চলচ্চিত্র : আর্জেন্টিনা, ১৯৮৫ ● অ্যানিমেটেড চলচ্চিত্র : গুইয়ের্মো দেল তোরো'স পিনোকিও; চলচ্চিত্র-নেটফ্লিক্স।
- সেরা পরিচালক : স্টিভেন স্পিলবার্গ; চলচ্চিত্র-দ্য ফেবেলম্যানস।
- অভিনেতা ➤ ড্রামা : অস্টিন বাটলার; চলচ্চিত্র-এলভিস ● মিউজিক্যাল/কমেডি : কলিন ফারেল; চলচ্চিত্র-দ্য বানশিজ অব ইনিশেরিন।
- অভিনেত্রী ➤ ড্রামা : কেট ব্ল্যানচেট; ছবি-টার ● মিউজিক্যাল/কমেডি : মিশেল ইও; চলচ্চিত্র-এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স।
- সেরা পার্শ্ব-অভিনেতা : কে হুই কোয়ান; চলচ্চিত্র- এভরিথিং এভরিহোয়্যার অল অ্যাট ওয়ান্স
- সেরা পার্শ্ব-অভিনেত্রী : অ্যাঞ্জেলা ব্যাসেট; চলচ্চিত্র-ব্ল্যাক প্যান্থার : ওয়াকান্ডা ফরএভার।
- সেরা মৌলিক গান : নাটু নাটু; চলচ্চিত্র-আরআরআর।

টেলিভিশন

- সেরা টেলিভিশন সিরিজ ➤ ড্রামা : হাউস অব দ্য ড্রাগন (HBO) ● মিউজিক্যাল/কমেডি : অ্যাবট এলিমেন্টারি (ABC)।
- অভিনেতা ➤ ড্রামা : কেভিন কস্টনার; সিরিজ-ইয়েলোস্টোন ● মিউজিক্যাল/কমেডি : জেরেমি অ্যালেন হোয়াইট; সিরিজ-দ্য বিয়ার।
- অভিনেত্রী ➤ ড্রামা : জেন্ডায়া; সিরিজ-ইউফোরিয়া ● মিউজিক্যাল/কমেডি : কিস্টা ব্রানসন; সিরিজ-অ্যাবট এলিমেন্টারি।



জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২১

আজীবন সম্মাননা	ডলি জহুর	ইলিয়াস কাঞ্চন



ক্যাটাগরি	পরিচালক/শিল্পী ও কলা-কুশলী	চলচ্চিত্র
চলচ্চিত্র	মাতিয়া বানু শুকু (প্রযোজক)	লাল মোরগের ঝুঁটি
	রেজওয়ান শাহরিয়ার সুমিত	নোনাজলের কাব্য
স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র	আকা রেজা গালিব	ধড়
প্রামাণ্য চলচ্চিত্র	কাওসার চৌধুরী	বধ্যভূমিতে একদিন
চলচ্চিত্র পরিচালক	রেজওয়ান শাহরিয়ার সুমিত	নোনাজলের কাব্য
অভিনেতা	মো. সিয়াম আহমেদ	মৃধা বনাম মৃধা
	মীর সাব্বির মাহমুদ	রাতজাগা ফুল
অভিনেত্রী	আজমেরী হক বাঁধন	রেহানা মরিয়ম নূর
	তাসনুভা তামান্না	নোনাজলের কাব্য
পার্শ্ব-অভিনেতা	এম ফজলুল রহমান বাবু	নোনাজলের কাব্য
পার্শ্ব-অভিনেত্রী	শম্পা রেজা	পদ্মপুরাণ
খল অভিনেতা	মো. আবদুল মান্নান জয়রাজ	লাল মোরগের ঝুঁটি
কৌতুক অভিনেতা	প্রভাষ কুমার ভট্টাচার্য্য মিলন	মৃধা বনাম মৃধা
শিশু শিল্পী	আফিয়া তাবাসসুম	রেহানা মরিয়ম নূর
বিশেষ শিশু শিল্পী	জান্নাতুল মাওয়া ঝিলিক	যা হারিয়ে যায়
সংগীত পরিচালক	সুজেয় শ্যাম	যৈবতী কন্যার মন
গায়ক	কে. এম. আবদুল্লাহ-আল-মুর্তজা মুহিন (শোনাতে এসেছি আজ)	পদ্মপুরাণ
গায়িকা	চন্দনা মজুমদার (দেখলে ছবি পাগল হবি)	পদ্মপুরাণ
গীতিকার	প্রয়াত গাজী মাজহারুল আনোয়ার (অন্তরে অন্তর জ্বালা)	যৈবতী কন্যার মন
সুরকার	সুজেয় শ্যাম (অন্তরে অন্তর জ্বালা)	যৈবতী কন্যার মন
কাহিনিকার	রেজওয়ান শাহরিয়ার সুমিত	নোনাজলের কাব্য
চিত্রনাট্যকার	নূরুল আলম আতিক	লাল মোরগের ঝুঁটি
সংলাপ রচয়িতা	তৌকির আহমেদ	স্ফুলিঙ্গ
সম্পাদক	সামির আহমেদ	লাল মোরগের ঝুঁটি
শিল্প নির্দেশক	শিহাব নূরুন নবী	নোনাজলের কাব্য
চিত্রগ্রাহক	সৈয়দ কাশেফ শাহবাজি, সুমন কুমার সরকার, মাজহারুল ইসলাম রাজু	লাল মোরগের ঝুঁটি
শব্দগ্রাহক	শৈব তালুকদার	রেহানা মরিয়ম নূর
পোশাক ও সাজ-সজ্জা	ইদিলা কাছরিন ফরিদ	নোনাজলের কাব্য
মেক-আপম্যান (দলগত)	মো. ফারুখ, মো. ফরহাদ রেজা মিলন	লাল মোরগের ঝুঁটি

পদক পুরস্কার

কবি জসীমউদ্‌দীন সাহিত্য পুরস্কার

২০১৯ সালে বাংলা একাডেমি প্রবর্তিত দ্বিবার্ষিক পুরস্কার। ২০২৩ সালে এ পুরস্কার লাভ করেন কবি মোহাম্মদ রফিক। তার আগে এ পুরস্কারপ্রাপ্ত দুইজন হলেন যথাক্রমে কবি নির্মলেন্দু গুণ ও আহমদ রফিক।

IFIC ব্যাংক সাহিত্য পুরস্কার

IFIC ব্যাংক সাহিত্য পুরস্কার সেরা লেখক পুরস্কার লাভ করেন—

২০২০

- সাংবাদিক ও লেখক মশিউল আলম; 'দুধ' গল্পগ্রন্থের জন্য ।

২০২১

- কবি ও গবেষক আমিনুল ইসলাম 'নজরুল সংগীত : বাণীর বৈভব' প্রবন্ধগ্রন্থের জন্য ।
- কথাসাহিত্যিক স্বকৃত নোমান; 'উজানবাঁশি' উপন্যাসের জন্য ।

রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২২

বাংলা একাডেমি পরিচালিত প্রথম 'রাবেয়া খাতুন কথাসাহিত্য পুরস্কার ২০২২' লাভ করেন—

- কথাসাহিত্যিক জ্যোতিপ্রকাশ দত্ত; কথাসাহিত্যে সামগ্রিক অবদানের জন্য।
- কথাসাহিত্যিক স্বকৃত নোমান; 'উজানবাঁশি' উপন্যাসের জন্য।

মমতাজউদ্দীন নাট্যকার পুরস্কার ২০২২

মমতাজউদ্দীন নাট্যকার পুরস্কার ২০২২ লাভ করেন কবি ও নাট্যকার রুমা মোদক। অধ্যাপক মমতাজউদ্দীন আহমদ নাট্যজন পুরস্কার নামে আরেকটি পুরস্কার প্রদান করা হয় বাংলা একাডেমি থেকে।

জেমকন সাহিত্য পুরস্কার

৫ জানুয়ারি ২০২৩ প্রদান করা জেমকন সাহিত্য পুরস্কারপ্রাপ্তরা হলেন—

ক্যাটাগরি	সাহিত্যকর্ম	পুরস্কারপ্রাপ্ত সাহিত্যিক
কাব্যগ্রন্থ	স্তব্ধতা যারা শিখে গেছে	কবি কামাল চৌধুরী
তরুণ-কবিতা	ঘুমিয়ে থাকা বাড়ি	সাকিব মাহমুদ
তরুণ কথাসাহিত্য	সোনার নাও পবনের বৈঠা	সাজেদুল ইসলাম

জায়েদ সাসটেইনেবিলিটি পুরস্কার-২০২৩

মধ্যপ্রাচ্যভিত্তিক আন্তর্জাতিক পুরস্কার 'জায়েদ সাসটেইনেবিলিটি অ্যাওয়ার্ড'। ২০২৩ সালের এ পুরস্কার লাভ করে বিশ্বের মোট ১০টি সংগঠন। এর মধ্যে সুন্দরবন ও উপকূলীয় অঞ্চলে বিশুদ্ধ পানি সরবরাহে বিশেষ অবদান রাখায় পুরস্কার লাভ করে বাংলাদেশের বেসরকারি উন্নয়ন সংগঠন লোকাল এনভায়রনমেন্ট ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার রিসার্চ সোসাইটি (LEDARS)।


বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২

সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় ২৫ জানুয়ারি ২০২৩ ঘোষণা করা হয় বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০২২। ১১টি বিভাগে মোট ১৫ জন এ পুরস্কার লাভ করেন। বিভাগওয়ারী পুরস্কারপ্রাপ্তরা— **কবিতা :** ফারুক মাহমুদ ও তারিক সুজাত । **কথাসাহিত্য :** তাপস মজুমদার ও পারভেজ হোসেন । **প্রবন্ধ/গবেষণা :** মাসুদুজ্জামান । **অনুবাদ :** আলম খোরশেদ । **নাটক :** মিলন কান্তি দে ও ফরিদ আহমদ দুলাল । **শিশুসাহিত্য :** ধ্রুব এষ । **মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা :** মুহাম্মদ শামসুল হক । **বঙ্গবন্ধু বিষয়ক গবেষণা :** সুভাষ সিংহ রায় । **বিজ্ঞান/ কল্পবিজ্ঞান/ পরিবেশ বিজ্ঞান :** মোকারম হোসেন । **আত্মজীবনী/ স্মৃতিকথা/ ভ্রমণকাহিনি :** ইকতিয়ার চৌধুরী । **ফোকলোর :** আবদুল খালেক ও মুহম্মদ আবদুল জলিল।

বাদশাহ ফয়সাল পুরস্কার ২০২৩

মুসলিম বিশ্বের সবচেয়ে সম্মানিত পুরস্কার 'কিং ফয়সাল প্রাইজ'। ২০২৩ সালের পুরস্কারপ্রাপ্তরা হলেন—

আরবি ভাষা ও সাহিত্য



মরক্কোর অধ্যাপক আবদেল ফাত্তাহ কিলিতো

ইসলামী শিক্ষা



যুক্তরাজ্যের অধ্যাপক রবার্ট হিলেনব্র্যান্ড

ইসলামের সেবা



আরব আমিরাতের শেখ নাসের বিন আবদুল্লাহ আল-জাবি



দক্ষিণ কোরিয়ার অধ্যাপক ড. চৈ ইয়ং কিল হামিদ

বিজ্ঞান



যুক্তরাষ্ট্রের অধ্যাপক জ্যাকি ই রু ইং



যুক্তরাষ্ট্রের অধ্যাপক চাদ আলেকজান্ডার মিরকিন

চিকিৎসা



যুক্তরাজ্যের অধ্যাপক সারাহ ক্যাথরিন গিলবার্ট



যুক্তরাষ্ট্রের অধ্যাপক ড্যান হাং বারুচ

২,০২,০৮০ কিলোমিটার | পৃথিবীর দীর্ঘতম সমুদ্র তটরেখা কানাডার।



শহর স্বাস্থ্য সমীক্ষা ২০২১

৩ জানুয়ারি ২০২৩ জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) তৃতীয় বাংলাদেশ আরবান হেলথ সার্ভে (BUHS) বা শহর স্বাস্থ্য সমীক্ষা ২০২১ এর ফলাফল প্রকাশ অনুষ্ঠানে জানায় যে—

- শিশু জন্মদানে সবচেয়ে বেশি, প্রায় ৮৮% মায়ের অস্ত্রোপচার হয় শহরের বেসরকারি হাসপাতালে। সরকারি হাসপাতালে এই হার ৩৭% এবং বেসরকারি সংস্থায় (এনজিও) ৪৭%।
- বস্তির বাইরে থাকা জনগোষ্ঠীর ৫৯.৪% অস্ত্রোপচারের মাধ্যমে জন্ম নেয়। শহরে এই হার ৫০.৫% ও বস্তিতে ৩১.৩%।
- বস্তির বাইরে স্বাস্থ্যসেবা পাওয়া জনগোষ্ঠীর ৭৭% শিশুর জন্ম হয় অস্ত্রোপচারে।
- শহরে বসবাসরত ৭৫% ও বস্তির জনগোষ্ঠীর ৫৮.৩% শিশুর জন্ম অস্ত্রোপচারের মাধ্যমে।



বাংলাদেশ ন্যাশনাল হেলথ অ্যাকাউন্টস ১৯৯৭-২০২০

প্রকাশ : ৪ জানুয়ারি ২০২৩ | প্রকাশক : স্বাস্থ্য অর্থনীতি ইউনিট | প্রতিবেদন ব্যাপ্তি: ৯৭ পৃষ্ঠা | প্রকাশনা : ষষ্ঠ। প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী—

- ২০২০ সালে স্বাস্থ্য খাতে মোট ব্যয় হয় ৭৭,৭৩৪ কোটি টাকা। এর মধ্যে ব্যক্তি বা খানার ব্যয় ৬৮.৫%, সরকারের ব্যয় ২৩.১%, উন্নয়ন সহযোগীদের ব্যয় ৫% এবং ব্যক্তি প্রতিষ্ঠান ও এনজিওর ব্যয় ৩.৩%।



- দেশে বর্তমানে মানুষের মাথাপিছু গড় স্বাস্থ্য ব্যয় ৪,৫৭৮ টাকা।
- মাথাপিছু হিসেবে সর্বোচ্চ ব্যয় ঢাকা বিভাগে; ৭,০৩৯ টাকা এবং সর্বনিম্ন ময়মনসিংহ বিভাগে; ২,০৬০ টাকা।
- চিকিৎসা করাতে গিয়ে মানুষ সবচেয়ে বেশি খরচ করেন ওষুধের পেছনে; ৬৪.৬%।
- চিকিৎসা ব্যয় বহন করতে গিয়ে বছরে দারিদ্র্যসীমার নিচে চলে যাচ্ছে ৮৬ লাখের বেশি মানুষ।
- বর্তমানে সরকারি সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হয় ১৫০টি ওষুধের দাম।
- সার্কভুক্ত দেশের মধ্যে স্বাস্থ্যসেবায় রোগীর নিজস্ব ব্যয় সবচেয়ে বেশি যথাক্রমে আফগানিস্তান, বাংলাদেশ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা, ভুটান, নেপাল ও মালদ্বীপে।

ICT ব্যবহার জরিপ ২০২২

জরিপকারী প্রতিষ্ঠান
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)

প্রকাশ
২৮ ডিসেম্বর ২০২২



- মোবাইল ফোন ব্যবহার করে ৯০% মানুষ।
- নিজস্ব মোবাইল আছে ৬১.৪% মানুষের।
- ব্যক্তি পর্যায়ে স্মার্টফোন ব্যবহার করে প্রায় ৩১% মানুষ।
- সবচেয়ে বেশি কম্পিউটার ব্যবহার করে চট্টগ্রাম বিভাগের মানুষ।
- সবচেয়ে কম কম্পিউটার ব্যবহার করে বরিশাল বিভাগের মানুষ।
- কম্পিউটার আছে ৮.৭% পরিবারে।
- কম্পিউটার ব্যবহার করে ৭.৪% মানুষ। এর মধ্যে নিজস্ব কম্পিউটারের মালিক ৩.৭%।
- ইন্টারনেট ব্যবহার করে ৩৮.৯% মানুষ
- দিনে অন্তত একবার ইন্টারনেট ব্যবহার করে ৬৮.২% মানুষ
- ইন্টারনেটের কোনো প্রয়োজন নেই বলে মনে করেন ৬৩%-এর বেশি মানুষ
- ইন্টারনেট আছে ৩৮.১% পরিবারে
- বিদ্যুৎ ব্যবহার করে এমন পরিবার ৯৮.৯%
- ফিক্সড টেলিফোন রয়েছে ০.৮% পরিবারে; সবচেয়ে বেশি ঢাকা বিভাগে এবং সবচেয়ে কম রংপুর বিভাগে
- রেডিও রয়েছে ১২.৮% পরিবারে; সবচেয়ে বেশি বরিশাল বিভাগে এবং সবচেয়ে কম রংপুর বিভাগে
- টেলিভিশন রয়েছে ৬২% পরিবারে; সবচেয়ে বেশি ঢাকা বিভাগে এবং সবচেয়ে কম ময়মনসিংহ বিভাগে

২০২২ সালের জুন প্রান্তিক শেষে দেশের ব্যাংকগুলোকে কোটিপতি আমানতকারীর সংখ্যা। *সূত্র : বাংলাদেশ ব্যাংক* | ১,০৮,৪৫৭ জন

বাংলাদেশের অর্থনীতির ৫ ঝুঁকি

১১ জানুয়ারি ২০২৩ The World Economic Forum (WEF) জরিপের মাধ্যমে বিশ্বের ১২১টি দেশের অর্থনীতির ঝুঁকি চিহ্নিত করে একটি প্রতিবেদন প্রকাশ করে। ৭ সেপ্টেম্বর–৫ অক্টোবর ২০২২ সময়কালে 'বিশ্ব ঝুঁকি উপলব্ধি' নামে পরিচালিত এ জরিপ অনুযায়ী বাংলাদেশের অর্থনীতির প্রধান ঝুঁকি পাঁচটি।



কৃষি শুমারি ২০১৯



প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (*BBS*) | প্রকাশকাল : ২৭ ডিসেম্বর ২০২২ | জরিপকাল: ১৪ এপ্রিল ২০১৮-১৩ এপ্রিল ২০১৯। শুমারি তথ্য—

মোট খানা (লাখ)	৩৫৫.৫২
কৃষি খানা (লাখ)	১৬৮.৮১
কৃষিমজুর খানা (লাখ)	৯২
মৎস্যজীবী খানা (লাখ)	১২.১৮
পরিচালনাধীন জমি (লাখ একর)	২২৯.৭৫
নিট আবাদি জমি (লাখ একর)	১৮৬.৮১
নিট অস্থায়ী ফসলাধীন জমি (লাখ একর)	১৭৬.৭১
স্থায়ী ফসলাধীন জমি (লাখ একর)	১২.৭৬
হালে পতিত জমি (লাখ একর)	১.৫
সেচের অধীন জমি (লাখ একর)	১১৯.৮১
শস্যের নিবিড়তা	২১৪
মোরগ-মুরগি (লাখ)	১৯৯৪.০৩
গরু (লাখ)	২৯৪.৫২
ছাগল (লাখ)	১৯৪.৪৪
মহিষ (লাখ)	৬.৩৬

পানিতে ডুবে শিশুর মৃত্যু

প্রকাশ : ১৬ জানুয়ারি ২০২৩ | জরিপকাল : ১ জানুয়ারি – ৩১ ডিসেম্বর ২০২২ | জরিপকারী সংগঠন : শিশুদের জন্য ফাউন্ডেশন। জরিপ অনুযায়ী ২০২২ সালে—

- পানিতে ডুবে মৃত্যু : ১,৬৭১ শিশু; ছেলে ৬২.৩৬% ও মেয়ে ৩৭.৬৪%
- ০-৫ বছর বয়সী শিশুর মৃত্যু ৯৬০ জন
- সবচেয়ে বেশি মৃত্যু চট্টগ্রাম জেলায়; ১৩২ জন
- মৃত্যুর কারণ : মৃগী রোগ, আঘাতজনিত মৃত্যু বা দুর্ঘটনা, সাঁতার না জানা, অসচেতনতা।

জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০২১

প্রকাশ : ২৭ ডিসেম্বর ২০২২ | প্রকাশক : বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (*BBS*)। প্রতিবেদন অনুযায়ী—

- প্রতিবন্ধিতার ধরন : ১২টি— অটিজম, শারীরিক, মানসিক, দৃষ্টি, বাক, বুদ্ধি, শ্রবণ, সেরিব্রাল পালসি, ডাউন সিনড্রোম, বহুমাত্রিক ও অন্যান্য প্রতিবন্ধিতা।



- প্রতিবন্ধী মানুষ : ৪০,৩২,০০০; পুরুষ ২৩,৬৫,০০০ ও নারী : ১৬,৬৭,০০০।
- প্রতিবন্ধী মানুষের হার : ২.৮০%।
- সবচেয়ে বেশি প্রতিবন্ধী : খুলনা বিভাগে।
- সবচেয়ে বেশি প্রতিবন্ধিতা শারীরিক।

বিশ্বে বাংলাদেশ

- চাল উৎপাদনে ও স্বাদু পানির মুক্ত জলাশয়ের মাছ আহরণে **তৃতীয়**
- কাঁঠাল উৎপাদনে **দ্বিতীয়**
- চাষ করা মাছ উৎপাদনে **পঞ্চম**
- আলু উৎপাদনে **সপ্তম**
- পেঁয়াজ, রসুন উৎপাদনে **১৮তম**
- সবজি উৎপাদনে **২০তম**
- ফল উৎপাদনে **৩৭তম**
- আম ও পেয়ারা উৎপাদনে **অষ্টম**
- দানাদার খাদ্য উৎপাদনে **নবম**
- মুরগির ডিম উৎপাদনে **২৯তম**

৪.৫ সেকেন্ডে এক শিশুর মৃত্যু

১১ জানুয়ারি ২০২৩ জাতিসংঘের চাইল্ড মর্টালিটি এস্টিমেশন এক প্রতিবেদনে জানায়।

শক্তিশালী পাসপোর্ট সূচক

প্রকাশক : যুক্তরাজ্যভিত্তিক পরামর্শক প্রতিষ্ঠান Henley and Partners ▌প্রকাশকাল : ১০ জানুয়ারি ২০২৩ ▌অন্তর্ভুক্ত দেশ : ১০৯টি। সূচক অনুযায়ী—

- ▌শীর্ষ দেশ : জাপান; ২২৭টি দেশ ও অঞ্চলের মধ্যে ভিসামুক্ত ভ্রমণ ১৯৩টি দেশে।
- ▌সর্বনিম্ন দেশ : আফগানিস্তান; ২২৭টি দেশ ও অঞ্চলের মধ্যে ভিসামুক্ত ভ্রমণ ২৭টি দেশে।

সার্কভুক্ত দেশ, অবস্থান ও ভিসামুক্ত ভ্রমণ করা দেশ

৬১	মালদ্বীপ	৮৯	১০৩	নেপাল	৩৮
৮৫	ভারত	৫৯	১০৬	পাকিস্তান	৩২
১০১	**বাংলাদেশ**	**৪১**	১০৯	আফগানিস্তান	২৭

IPI প্রতিবেদন

প্রকাশক : *International Press Institute (IPI)* ▌প্রকাশ : ২৯ ডিসেম্বর ২০২২। প্রতিবেদন অনুযায়ী—

- ▌২০২২ সালে বিশ্বে পেশাগত কারণে ২৩ দেশে নিহত হন ৬৬ সাংবাদিক ও গণমাধ্যমকর্মী। এর মধ্যে ৮ নারী এবং ৫৮ পুরুষ।

দেশওয়ারী নিহত সাংবাদিক

১৪	মেক্সিকো
৮	রাশিয়া-ইউক্রেন ও হাইতি
৫	ফিলিপাইন
৪	কলম্বিয়া
৩	ইকুয়েডর ও হন্ডুরাস
২	ব্রাজিল, ভারত, মিয়ানমার, সিরিয়া ও ইয়েমেন
১	বাংলাদেশ, শাদ, চিলি, গুয়াতেমালা, কেনিয়া, কাজাখস্তান, ফিলিস্তিন, প্যারাগুয়ে, সোমালিয়া, তুরস্ক ও যুক্তরাষ্ট্র

International Press Institute IPI

—অস্ট্রিয়ার ভিয়েনাভিত্তিক IPI ১৯৯৭ সাল থেকে বিশ্বব্যাপী সাংবাদিক হত্যার তথ্য নথিভুক্ত করে আসছে।

The Top Heavy Global Economy

প্রকাশক : কানাডার অনলাইন প্রকাশনা সংস্থা ভিজ্যুয়াল ক্যাপিটালিস্ট ▌প্রকাশকাল : ২৯ ডিসেম্বর ২০২২ ▌অন্তর্ভুক্ত দেশ : ১৯২টি

জিডিপি'র আকারে বিশ্বের শীর্ষ পাঁচ বড় অর্থনীতির দেশ

দেশ	জিডিপি (ডলারে)	দেশ	জিডিপি (ডলারে)
যুক্তরাষ্ট্র	২৫.০৩ ট্রিলিয়ন	জার্মানি	৪.০৩ ট্রিলিয়ন
চীন	১৮.৩২ ট্রিলিয়ন	ভারত	৩.৪৬ ট্রিলিয়ন
জাপান	৪.৩০ ট্রিলিয়ন		

- ▌জিডিপি'র আকারে সবচেয়ে ছোট অর্থনীতির দেশ : টুভ্যালু; জিডিপি ৬৬ মিলিয়ন ডলার
- ▌**বাংলাদেশের অবস্থান : ৩৫তম; জিডিপি'র আকার ৪৬৫ বিলিয়ন ডলার।**

বৃহত্তম অর্থনীতির দেশের তালিকা

World Economic League Table (WELT)

Cebr

প্রকাশক : যুক্তরাজ্যভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান Centre for Economics and Business Research (CEBR) ▌প্রকাশকাল : ২৭ ডিসেম্বর ২০২২ ▌অন্তর্ভুক্ত দেশ : ১৯২টি।

- ▌জিডিপি'র ভিত্তিতে শীর্ষ ১০ দেশ : যুক্তরাষ্ট্র, চীন, জাপান, জার্মানি, ভারত, যুক্তরাজ্য, ফ্রান্স, ইতালি, ব্রাজিল ও কানাডা।
- ▌ক্রয়ক্ষমতার ভিত্তিতে শীর্ষ তিন দেশ : চীন, যুক্তরাষ্ট্র ও ভারত।

দক্ষিণ এশিয়ার দেশগুলোর অবস্থান

সাল	অবস্থান	সাল	অবস্থান
ভারত	৫ম	নেপাল	১০১তম
বাংলাদেশ	**৩৪তম**	মালদ্বীপ	১৫২তম
পাকিস্তান	৪৩ তম	ভুটান	১৬৪তম
শ্রীলঙ্কা	৭৫তম		

বিভিন্ন সময়ে বাংলাদেশের অবস্থান

সাল	অবস্থান	সাল	অবস্থান	সাল	অবস্থান
২০২১	৩৬তম	২০২৩	৩৫তম	২০৩২	২৪তম
২০২২	৩৪তম	২০২৭	২৬তম	২০৩৭	২০তম

বিশেষ তথ্য

বাংলাদশে বর্তমানে জিডিপি'র আকার ৪২,৯০০ কোটি বা ৪২৯ বিলিয়ন মার্কিন ডলার। ২০৩৭ সালে হবে ১,৬২,৮০০ কোটি মার্কিন ডলার।

গ্লোবাল ইকোনমিক প্রসপেক্টস জানুয়ারি-২০২৩

প্রকাশক : বিশ্বব্যাংক ▌প্রকাশ : ১০ জানুয়ারি ২০২৩ প্রতিবেদন অনুযায়ী—

২০২৩ সালের বৈশ্বিক প্রবৃদ্ধি : ১.৭%

উল্লেখযোগ্য দেশ ও অঞ্চলের প্রবৃদ্ধি

দেশ	অর্থবছর ২০২২-২৩	দেশ	অর্থবছর ২০২২-২৩
যুক্তরাষ্ট্র	০.৫%	থাইল্যান্ড	৩.৬%
জাপান	১%	সৌদি আরব	৩.৭%
ইউরোপ	০.০১%	ইরান	২.২%
চীন	৪.৪%	মিসর	১.৯%
ইন্দোনেশিয়া	৪.৮%		

দক্ষিণ এশিয়ার দেশগুলোর প্রবৃদ্ধি

দেশ	অর্থবছর ২০২২-২৩	দেশ	অর্থবছর ২০২২-২৩
ভারত	৬.৯%	ভুটান	৪.১%
বাংলাদেশ	৫.২%	পাকিস্তান	২%
নেপাল	৫.১%	শ্রীলঙ্কা	-৪.২%

** ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি হবে ৬.২%।*

বর্তমানে বিলিয়নিয়ারের সংখ্যা। বিশ্বখ্যাত মার্কিন সাময়িকী *ফোর্বস*-এর প্রতিবেদন অনুযায়ী, ২০২২ সালে সব মিলিয়ে দুই ট্রিলিয়ন ডলার হারান বিলিয়নিয়াররা। | ২,৫২৩

সবচেয়ে প্রভাবশালী আরব নেতা



রাশিয়ান টেলিভিশন চ্যানেল *আরটি* পরিচালিত একটি জরিপের ফলাফল অনুযায়ী ২০২২ সালের সবচেয়ে প্রভাবশালী আরব নেতা মনোনীত হন সৌদি আরবের প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমান। টানা দ্বিতীয়বারের মতো তিনি প্রথম হন। জরিপে দ্বিতীয় ও তৃতীয় হন যথাক্রমে সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান এবং মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ আল-সিসি।

বাড়ছে সোনার মজুদ

ওয়ার্ল্ড গোল্ড কাউন্সিলের (WGC) হিসাব অনুযায়ী, ২০২২ সালের তৃতীয় প্রান্তিকে বিশ্বের কেন্দ্রীয় ব্যাংকগুলো মোট ৪০০ টন সোনা ক্রয় করে, যা ২০২১ সালের একই সময়ের চেয়ে ৩০০% বেশি। একই প্রান্তিকে বিশ্বে সোনার চাহিদা বেড়ে হয়েছে ১,১৮১ টন, যা আগের বছরের একই সময়ের চেয়ে ২৮% বেশি। স্বর্ণ মজুদে—

শীর্ষ পাঁচ দেশ		দক্ষিণ এশিয়ার দেশসমূহ	
দেশ	**পরিমাণ**	**দেশ**	**পরিমাণ**
যুক্তরাষ্ট্র	৮১৩৩ টন	ভারত	৭৮৫.৩৫ টন
জার্মানি	৩৩৫৫ টন	পাকিস্তান	৬৪.৬৫ টন
ইতালি	২৪৫২ টন	আফগানিস্তান	২১.৮৭ টন
ফ্রান্স	২৪৩৬ টন	**বাংলাদেশ**	**১৪.০৩ টন**
রাশিয়া	২২৯৯ টন	নেপাল	৭.৯৯ টন
		শ্রীলঙ্কা	৬.৭ টন

পর্যটন শহর তালিকা

২০২২ সালে পর্যটকরা বিশ্বের কোন কোন শহরে সবচেয়ে বেশি অর্থ ব্যয় করেছে, সে তথ্য বিশ্লেষণ করেছে ওয়ার্ল্ড ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম কাউন্সিল (WTTC)। পাশাপাশি পর্যটনকেন্দ্র হিসেবে জিডিপিতে মোট অবদানের ওপর ভিত্তি করে শক্তিশালী পর্যটন শহরের তালিকা তৈরি করেছে সংস্থাটি। WTTC তথ্যানুয়ায়ী—



শক্তিশালী ১০ পর্যটন শহর

১. প্যারিস, ফ্রান্স; ২. বেইজিং, চীন ৩. অরল্যান্ডো, যুক্তরাষ্ট্র; ৪. সাংহাই, চীন; ৫. লাসভেগাস, যুক্তরাষ্ট্র; ৬. নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র; ৭. টোকিও, জাপান; ৮. মেক্সিকো সিটি, মেক্সিকো; ৯. লন্ডন, যুক্তরাজ্য ও ১০. গুয়াংঝু, চীন।

আন্তর্জাতিক পর্যটকরা সবচেয়ে বেশি ব্যয় করেছে এমন পাঁচ শহর

১. দুবাই, সংযুক্ত আরব আমিরাত; ২. দোহা, কাতার, ৩. লন্ডন, যুক্তরাজ্য; ৪. ম্যাকাও, চীন এবং ৫. আমস্টারডাম, নেদারল্যান্ডস।

গ্লোবাল ফায়ার পাওয়ার ২০২৩

প্রকাশ : ৫ জানুয়ারি ২০২৩ ▌প্রকাশক : গ্লোবাল ফায়ার পাওয়ার ডটকম ▌তালিকাভুক্ত দেশ: ১৪৫টি।



- ▌সামরিক শক্তির দিক থেকে শীর্ষ ১০ দেশ : ১. যুক্তরাষ্ট্র, ২. রাশিয়া, ৩. চীন, ৪. ভারত, ৫. যুক্তরাজ্য, ৬. দক্ষিণ কোরিয়া, ৭. পাকিস্তান, ৮. জাপান, ৯. ফ্রান্স ও ১০. ইতালি।
- ▌সামরিক শক্তির দিক থেকে সর্বনিম্ন দেশ : ভুটান।
- ▌**দক্ষিণ এশিয়ার দেশসমূহ ও অবস্থান :** ৪. ভারত, ৭. পাকিস্তান, ৩৮. মিয়ানমার, **৪০. বাংলাদেশ,** ৭১. শ্রীলঙ্কা, ১২৯. নেপাল ও ১৪৫. ভুটান।
- ▌**উল্লেখযোগ্য আরো কয়েকটি দেশ ও অবস্থান :** ১১. তুরস্ক, ১২. ব্রাজিল, ১৫. ইউক্রেন, ১৮. ইসরাইল।

বাংলাদেশের সামরিক চিত্র *[প্রতিবেদন অনুযায়ী]*

সেনাবাহিনী	নৌবাহিনী	বিমানবাহিনী
সক্রিয় সেনা ১,৭৫,০০০	সদস্য প্রায় ৩০,০০০	সদস্য ২১,১০০
ট্যাংক ২৮১টি	জাহাজ- ফ্রিগেট ৭টি	উড়োজাহাজ ২০৪টি
সামরিক যান ১৩,১০০টি	করভেট ৬টি	যুদ্ধবিমান ৪৪টি
সেলফ প্রোপেলড আর্টিলারি ৩০টি	সাবমেরিন ২টি	হেলিকপ্টার ৬৫টি
টোয়েড আর্টিলারি ৩৭০টি	টহল নৌযান ৩০টি	পরিবহন বিমান ১৭টি
রকেট আর্টিলারি ৭০টি	মাইন ওয়ারফেয়ার ৫টি	প্রশিক্ষণ বিমান ৭৫টি এবং বিশেষ অভিযানের জন্য রয়েছে দুটি বিমান



সংসদ কর্নার

২১তম অধিবেশন

৫ জানুয়ারি ২০২৩ শুরু হয় একাদশ জাতীয় সংসদের ২১তম ও ২০২৩ সালের প্রথম অধিবেশন। রীতি অনুযায়ী জাতীয় সংসদের প্রথম এ অধিবেশনে ভাষণ দেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। এটাই রাষ্ট্রপতি হিসেবে সংসদে দেয়া তার সর্বশেষ ভাষণ। ৯ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত চলবে এ অধিবেশন। ২৪ জানুয়ারি ২০২৩ পর্যন্ত এ অধিবেশনে বিল পাস হয় চারটি। পাসকৃত বিলসমূহ—

- ৯ জানুয়ারি : বাংলাদেশ সুপ্রিম কোর্টের বিচারক (ছুটি, পেনশন ও বিশেষাধিকার) বিল-২০২৩
- ১৬ জানুয়ারি : বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন বিল-২০২৩।
- ২৩ জানুয়ারি : বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (সংশোধন) বিল-২০২৩।
- ২৪ জানুয়ারি : সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল-২০২৩।

সংসদ উপনেতা মতিয়া চৌধুরী

১১ সেপ্টেম্বর ২০২২ একাদশ জাতীয় সংসদের উপনেতা সাজেদা চৌধুরী বার্ধক্যজনিত কারণে মারা গেলে তার পদটি শূন্য হয়। ১২ জানুয়ারি ২০২৩ আওয়ামী লীগের সংসদীয় দলের সভায় দলের সভাপতিমণ্ডলীর সদস্য ও সাবেক কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরীকে একাদশ জাতীয় সংসদের উপনেতা করা হয়। ১৭ জানুয়ারি ২০২৩ তাকে মন্ত্রীর পদমর্যাদা দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়। ১৪ জানুয়ারি ২০২৩ থেকে তার মন্ত্রীর পদমর্যাদা ও সুবিধাদি প্রদান করা হয়।

সংসদে প্রশ্নোত্তর

? ২০২৩ সালে হজে যাবে ১,২৭,১৯৮ জন। *[সংসদে ধর্ম প্রতিমন্ত্রী; ৮ জানুয়ারি ২০২৩]*

? বিশ্বের বিভিন্ন দেশে বাংলাদেশের ৮১টি মিশনের মধ্যে বর্তমানে ১৭টি মিশনে বাংলাদেশের মালিকানাধীন নিজস্ব চ্যান্সারি ভবন (দূতাবাস ভবন) এবং ১৪টি মিশনে নিজস্ব মালিকানাধীন রাষ্ট্রদূত ভবনের বাসভবন রয়েছে। *[সংসদে পররাষ্ট্রমন্ত্রী; ১২ জানুয়ারি ২০২৩]*

? জলবায়ু ঘাতসহিষ্ণু ১০টি শস্যের জাত উদ্ভাবন করেছে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট। *[সংসদে কৃষিমন্ত্রী; ১৭ জানুয়ারি ২০২৩]*

? বর্তমানে দেশে শনাক্ত হওয়া HIV রোগীর সংখ্যা ৯,৭০৮ জন, চিকিৎসাধীন ৬,০৭৫ জন এবং এ যাবৎ মৃত্যুবরণ করেছেন ১,৮২০ জন। বর্তমানে ১১টি সরকারি হাসপাতাল থেকে HIV রোগীদের বিনামূল্যে ওসুধ সরবরাহ করা হচ্ছে। ২৩টি সরকারি হাসপাতালে বিনামূল্যে HIV পরীক্ষা করা হচ্ছে। *[সংসদে স্বাস্থ্যমন্ত্রী; ২২ জানুয়ারি ২০২৩]*

? দেশে নিবন্ধিত NGO'র সংখ্যা ২৫৫৪টি। এর মধ্যে দেশি NGO ২,২৮৯টি এবং বিদেশি NGO ২৬৫টি। বর্তমানে NGO বিষয়ক ব্যুরোর অধীনে বৈদেশিক অনুদানে পরিচালিত নিবন্ধিত NGO'র সংখ্যা ২,২৮৯টি এবং বিদেশি NGO ২৬৫টি। *[সংসদে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত মুক্তিযুদ্ধবিষয় মন্ত্রী; ২৩ জানুয়ারি ২০২৩]*

সন্তানের অভিভাবক হিসেবে মাকে স্বীকৃতি প্রদান

শিক্ষাক্ষেত্রের বিভিন্ন স্তরে ব্যবহৃত সব ফরম পূরণে সন্তানের অভিভাবক হিসেবে বাবার পাশাপাশি মাকেও স্বীকৃতি দিয়ে রায় দেন হাইকোর্ট। ২৪ জানুয়ারি ২০২৩ বিচারপতি নাইমা হায়দার ও মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় ঘোষণা করেন।

ভোলায় নতুন কূপে গ্যাসের সন্ধান

ভোলায় আবিষ্কৃত দ্বিতীয় গ্যাসক্ষেত্র ভোলা নর্থের নতুন একটি কূপে (ভোলা নর্থ-২) গ্যাসের সন্ধান পাওয়া গেছে। ২৩ জানুয়ারি ২০২৩ ভোলা সদরের পশ্চিম ইলিশা ইউনিয়নের দক্ষিণ চরপাতা গ্রামে অবস্থিত এ কূপে গ্যাসের সন্ধান পাওয়ার ঘোষণা দেয় বাপেক্স। এ কূপটি খনন করেছে রাশিয়ার রাষ্ট্রীয় কোম্পানি গ্যাজপ্রম। ৫ ডিসেম্বর ২০২২ ভোলা নর্থ-২ কূপের খনন কার্যক্রম শুরু হয়। ৩,৪২৮ মিটার গভীরতায় সফলভাবে কূপ খনন শেষ হয় ১৭ জানুয়ারি ২০২৩। নতুন এ কূপে ৬২০ বিলিয়ন ঘনমিটার (BCM) বা আরও অধিক গ্যাস মজুদ আছে বলে ধারণা করছে বাপেক্স।

অর্থকথা

- বিপুল সংখ্যক মানুষকে আর্থিক সেবার আওতায় নিয়ে আসার জন্য নতুন ওয়েবসাইট চালু করেছে বাংলাদেশ ব্যাংক। ওয়েবসাইটের লিংক finlit.bb.org.bd।
- যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউইয়র্ক থেকে বাংলাদেশের রিজার্ভ চুরির মামলা বাতিলের দুই আবেদন খারিজ করে দেন নিউইয়র্কের আদালত। ১৩ জানুয়ারি ২০২৩ দেশটির সুপ্রিম কোর্ট বা স্টেট কোর্ট ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংক (RCBC) ও ৬ আসামীর করা মামলা বাতিলের আবেদন খারিজ করে দেওয়ার পাশাপাশি এ মামলার অভিযুক্ত অপর আসামী কিম অংয়ের মামলা বাতিলের আবেদনও খারিজ করে দেন। এ রায়ের বিরুদ্ধে পরবর্তীতে আপিল করে ফিলিপাইনের অভিযুক্ত ব্যাংক RCBC।
- ৩ জানুয়ারি ২০২৩ অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপন অনুযায়ী, রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক (ডিজিএম) থেকে মহাব্যবস্থাপক (জিএম) হিসেবে পদোন্নতি ও পদোন্নতিপ্রাপ্ত মহাব্যবস্থাপকদের পদায়নের কাজ করবে অর্থমন্ত্রণালয়। এতদিন এ কাজটি করতো স্ব স্ব ব্যাংক কর্তৃপক্ষ।

স্বাস্থ্য ও চিকিৎসা

প্রথম 'ব্রেন ডেথ' ঘোষণা ও অঙ্গ প্রতিস্থাপন

১৮-১৯ জানুয়ারি ২০২৩ দেশে প্রথমবারের মতো মৃত ঘোষিত (ব্রেন ডেথ) রোগীর অঙ্গদানের মাধ্যমে সফল ক্যাডাভেরিক ট্রান্সপ্ল্যান্ট (অঙ্গ প্রতিস্থাপন) সম্পন্ন করে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (BSMMU)। এতে এক রোগীর অঙ্গদানের মাধ্যমে দু'জন কিডনি বিকল রোগী এবং দু'জন অন্ধ ব্যক্তির কর্নিয়া প্রতিস্থাপন সফলভাবে করা হয়। দেশে প্রথম মৃত ঘোষিত ঐ ব্যক্তি হলেন ২০ বছর বয়সী সারাহ ইসলাম ঐশ্বর্য। তার দান করা কিডনি দুটি প্রতিস্থাপন করা হয় শামীমা আহমেদ ও হাসিনা আক্তার নামের দু'জনের শরীরে। অন্যদিকে কর্নিয়া দুটি বসানো হয় শিক্ষিকা ফেরদৌস আখতার ও মোহাম্মদ সুজনের চোখে।



তিন ঘণ্টায় কালাজ্বর শনাক্ত

দ্রুততম সময়ের মধ্যে প্রাণঘাতী রোগ কালাজ্বর নির্ভুলভাবে শনাক্ত করার পদ্ধতি উদ্ভাবন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অণুজীববিজ্ঞান বিভাগের অধ্যাপক মুহাম্মদ মনজুরুল করিমের নেতৃত্বে একটি গবেষক দল। রিয়েল টাইম পিসিআরভিত্তিক (RT-PCR) এই মলিকুলার ডায়াগনস্টিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে দ্রুততার সাথে কালাজ্বর শনাক্ত করা সম্ভব, যা রোগীর দ্রুত চিকিৎসা ও রোগ নিরাময়ের জন্য অনেক গুরুত্বপূর্ণ। গবেষণার ফল বিশ্বখ্যাত জার্নাল *পিএলওএস গ্লোবাল পাবলিক হেলথে* প্রকাশিত হয়েছে।

কালাজ্বর নির্ণয়ের ক্ষেত্রে আগে রক্তের ইমিউনোক্রোমাটোগ্রাফিক পরীক্ষা এবং অস্থিমজ্জা, যকৃৎ, প্লীহা, লিম্ফ নোডের টিস্যু অণুবীক্ষণ যন্ত্রের মাধ্যমে পরীক্ষা করা হতো। এতে রোগ শনাক্ত করতে সাত দিন সময় লাগত। নতুন উদ্ভাবিত পদ্ধতিতে মূত্র বা প্রস্রাবের নমুনা ব্যবহার করে মাত্র তিন ঘণ্টায় এখন কালাজ্বর শনাক্ত করা যাবে।

'ক্যাশলেস বাংলাদেশ'-এর যাত্রা শুরু

'সর্বজনীন পরিশোধ সেবায় নিশ্চিত হবে স্মার্ট বাংলাদেশ' স্লোগান নিয়ে ১৮ জানুয়ারি ২০২৩ থেকে রাজধানী ঢাকার মতিঝিলে শুরু হয় ক্যাশলেস বা নগদবিহীন বাংলাদেশ প্রচারণা। এ উদ্যোগের অংশ হিসেবে এরই মধ্যে মতিঝিল এলাকায় চা দোকান, মুদি দোকান, হোটেল, মুচিসহ ভাসমান বিক্রেতাদের QR কোড সুবিধা দেয়া হয়েছে। এর মাধ্যমে গ্রাহকরা সেবা বিল পরিশোধ করতে পারবেন। বাংলা QR কোডভিত্তিক লেনদেনকে উৎসাহিত করতে এ উদ্যোগ নেয়া হয়েছে। এ উদ্যোগের সমন্বয় করছে বাংলাদেশ ব্যাংক। প্রথম পর্যায়ে ১০টি ব্যাংক, তিনটি এমএফএস (মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস) ও তিনটি আন্তর্জাতিক পেমেন্ট স্কিম এতে অংশ নিয়েছে। ক্যাশলেস সেবা নিতে বা পেতে শুধুমাত্র একটা ব্যাংকের অ্যাপ থাকলেই চলবে। অ্যাপে বাংলা QR কোডের মাধ্যমে সব ব্যাংকের গ্রাহক পণ্যের মূল্য পরিশোধ করতে পারবেন। অন্যদিকে এ হিসাবের অধীন যেসব ব্যবসায়ী, তাদের ব্যবসায়িক লেনদেন সম্পন্ন করবেন, তাঁরা মাইক্রো-মার্চেন্ট হিসেবে গণ্য হচ্ছেন।



QR পেমেন্ট কী?

QR'র পূর্ণরূপ Quick Response। এটি একটি কন্টাক্টলেস পেমেন্ট পদ্ধতি, যেখানে QR কোডটি মোবাইল অ্যাপে স্ক্যান করে দ্রুত, সহজ ও সুলভে লেনদেন করা যায়।

২৮ ডিসেম্বর ২০২২ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (BRRI) কীটতত্ত্ব বিভাগে দেশের প্রথম জৈব বালাইনাশক গবেষণাগার উদ্বোধন করা হয় ।

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ ও নব্বইয়ের স্বৈরাচারবিরোধী গণঅভ্যুত্থানে অনন্য ভূমিকা রাখা বিবিসি বাংলার রেডিও সম্প্রচার অবশেষে বন্ধ হয়ে গেল। দীর্ঘ ৮১ বছর সম্প্রচার শেষে স্মৃতির পাতায় ঠাঁই নিল এক সময়ের তুমুল শ্রোতাপ্রিয় এ গণমাধ্যমটি। ৩১ ডিসেম্বর ২০২২ প্রচারিত হয় বিবিসি বাংলা রেডিওর শেষ অধিবেশন।



বিবিসি বাংলা রেডিওর যাত্রা শুরু হয়েছিল ১১ অক্টোবর ১৯৪১। তবে বাংলাদেশের মানুষের কাছে বিবিসি নামটি সবচেয়ে বেশি পরিচিতি পায় ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের সময়। তখন বিবিসি'র খবরের ওপর শ্রোতাদের আস্থা আর বিবিসি বাংলা রেডিওর জনপ্রিয়তা ব্যাপকভাবে বেড়ে যায়। মানুষ সে সময় যুদ্ধের খবরের জন্য পুরোপুরি নির্ভর করত বিবিসি বাংলার ওপর। মানুষের কাছে বিবিসি বাংলার গ্রহণযোগ্যতা এতটাই ছিল যে, দেশের একটি বাজারের নামই হয়ে গিয়েছিল 'বিবিসি বাজার'। ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের খবর জানতে পাবনা জেলার ঈশ্বরদীতে বহু মানুষ জড়ো হতো কাশেম মোল্লার চায়ের দোকানে। তিনি সকাল-সন্ধ্যা রেডিও ছেড়ে বিবিসি'র খবর শোনাতেন তাদের। একটি চায়ের দোকান থেকে ব্যস্ত বাজার এলাকাটি পরিচিতি পায় 'বিবিসি বাজার' নামে।

বিয়ে ও তালাকের খরচ বাড়লো

২১ ডিসেম্বর ২০২২ 'মুসলিম ম্যারেজেস অ্যান্ড ডিভোর্সেস (রেজিস্ট্রেশন) অ্যাক্ট, ১৯৭৪'-এ দেওয়া ক্ষমতাবলে বিধিমালা সংশোধনের প্রজ্ঞাপন জারি করে আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ। এর ফলে বিয়ে ও তালাক নিবন্ধনের ফি বৃদ্ধি পায়। একই সঙ্গে নিকাহ রেজিস্ট্রারের (কাজী) লাইসেন্স ফি এবং বার্ষিক ফিও বাড়ানো হয়।

বিয়ে ও তালাক নিবন্ধন ফি

সংশোধিত বিধিমালা অনুযায়ী, এখন থেকে একজন নিকাহ রেজিস্ট্রার ৫ লাখ টাকা পর্যন্ত দেনমোহরের ক্ষেত্রে প্রতি ১,০০০ টাকা দেনমোহর বা এর অংশ বিশেষের জন্য ১৪ টাকা হারে বিবাহ নিবন্ধন ফি আদায় করতে পারবেন। দেনমোহরের পরিমাণ ৫ লাখ টাকার বেশি হলে এর পরের প্রতি এক লাখ টাকা দেনমোহর বা এর অংশ বিশেষের জন্য ১০০ টাকা বিবাহ নিবন্ধন ফি আদায় করতে পারবেন। তবে দেনমোহরের পরিমাণ যাই হোক না কেন, ফি ২০০ টাকার কম হবে না। তালাক নিবন্ধনের জন্য ১,০০০ টাকা ফি নিতে পারবেন।

দেশে তৈরি হবে হুন্দাইয়ের গাড়ি

বাংলাদেশে কারখানা নির্মাণের ঘোষণা দিয়েছে বিশ্বখ্যাত গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান হুন্দাই মোটর। এ নিয়ে বাংলাদেশি প্রতিষ্ঠান ফেয়ার গ্রুপের মোটরগাড়িভিত্তিক অঙ্গপ্রতিষ্ঠান ফেয়ার টেকনোলজি লিমিটেডের সঙ্গে চুক্তি করেছে দক্ষিণ কোরিয়াভিত্তিক কোম্পানিটি। ফলে এখন থেকে Made in Bangladesh বা বাংলাদেশে তৈরি ট্যাগে গাড়ি উৎপাদন করবে প্রতিষ্ঠানটি। ১৯ জানুয়ারি ২০২৩ গাজীপুরের কালিয়াকৈরে অবস্থিত বঙ্গবন্ধু হাইটেক সিটিতে গাড়ি তৈরির কারখানার উদ্বোধন করা হয়। প্রায় ছয় একর জমি নিয়ে গড়ে উঠছে হুন্দাই গাড়ির কারখানা।

HYUNDAI

কৃষিকথা

পাট এখন কৃষিপণ্য

ঋণ প্রাপ্তি ও পণ্য রপ্তানিতে কৃষিপণ্যের মতো সুযোগ-সুবিধা দিতে এখন থেকে পাটকে কৃষিপণ্য হিসেবে বিবেচনা করা হবে। ৯ জানুয়ারি ২০২৩ মন্ত্রিসভার বৈঠকে পাটকে কৃষিপণ্য হিসেবে বিবেচনা করার নির্দেশনা দেওয়া হয়। এর ফলে এখন থেকে পাট খাত কৃষির সব সুযোগ-সুবিধা পাবে। এক্ষেত্রে পাট চাষিরা কৃষি ঋণের মতো ঋণ পাবেন। রপ্তানি খাতের সব সুযোগ-সুবিধা পাবেন। আগে অনেক ক্ষেত্রে পাটকে শিল্পজাত পণ্য হিসেবে বিবেচনা করা হতো।

ধানের নতুন তিনটি জাত

জাতীয় বীজ বোর্ডের অনুমোদন পেয়েছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) উদ্ভাবিত ধানের নতুন তিনটি জাত। ২৬ ডিসেম্বর ২০২২ জাতীয় বীজ বোর্ডের ১০৮তম সভায় ঐ অনুমোদন দেওয়া হয়। BRRI উদ্ভাবিত নতুন তিনটি জাত হচ্ছে আমন মৌসুমের জন্য ব্রি ধান-১০৩ এবং বোরো মৌসুমের জন্য ব্রি ধান-১০৪ ও ব্রি হাইব্রিড ধান-৮। এর মধ্যে সুগন্ধি ব্রি ধান ১০৪ BRRI উদ্ভাবিত প্রথম সুগন্ধি ধান।

ব্রয়লার মুরগি নিরাপদ খাদ্য

ব্রয়লার মুরগির মাংসে মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর অ্যান্টিবায়োটিক, হেভি মেটালসহ অন্যান্য উপাদান রয়েছে কি-না তা নিয়ে কৃষি মন্ত্রণালয়ের অর্থায়নে ও উদ্যোগে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (BARC) অধীনে পরিচালিত দীর্ঘ গবেষণার পর ১২ জানুয়ারি ২০২৩ কৃষিমন্ত্রী বলেন, উৎস নির্বিশেষে ব্রয়লারের মাংসে সর্বোচ্চ সহনশীল মাত্রার অনেক কম পরিমাণ অ্যান্টিবায়োটিক এবং ভারী ধাতুর অবশিষ্টাংশ রয়েছে। ফলে ব্রয়লার মাংস একটি নিরাপদ খাদ্য এবং এ ধরনের ব্রয়লার মাংস খাওয়া জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিমুক্ত।

খাগড়াছড়ির মহালছড়ি উপজেলার অরণ্য কুটির বৌদ্ধ বিহারে প্রায় ৮০ লাখ টাকা ব্যয়ে স্থাপন করা হয়

৩৮ ফুট উঁচু বুদ্ধমূর্তি

দেশে সরকারি চাকরি চিত্র

জুন ২০২২ প্রকাশিত Statistics of Civil Officers and Staffs 2021 অনুযায়ী—

- দেশে সরকারি চাকরিজীবীর সংখ্যা ১৫,৫৪,৯২৭ জন; পুরুষ ১১,৫০,৩৩৬ এবং নারী ৪,০৪,৫৯১ জন।
- সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর ও কার্যালয়গুলোতে শূন্য পদের সংখ্যা ৩,৫৮,১২৫টি।
- শ্রেণি অনুযায়ী শূন্য পদের সংখ্যা—

শ্রেণি	পদসংখ্যা
প্রথম শ্রেণি	৪৩,৩৩৬টি
দ্বিতীয় শ্রেণি	৪০,৫৬১টি
তৃতীয় শ্রেণি	১,৫১,৫৪৮টি
চতুর্থ শ্রেণি	১,২২,৬৮০টি

দ্বিতীয় শ্রেণি ১০-১৩তম গ্রেডের পদের নিয়োগ পিএসসি'র মাধ্যমে হয়ে থাকে। ১৪-২০তম গ্রেডের নিয়োগ হয়ে থাকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থার নিয়োগবিধি অনুযায়ী।

ভোটার তালিকার খসড়া প্রকাশ

জুন – নভেম্বর ২০২২ দেশব্যাপী ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলে। বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করে ভোটার তালিকা হালনাগাদ করা হয়। ১৫ জানুয়ারি ২০২৩ হালনাগাদের খসড়া তালিকা প্রকাশ করা হয়। হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২ মার্চ ২০২৩। প্রকাশিত খসড়া ভোটার তালিকা অনুযায়ী—

- মোট ভোটার ১১,৯০,৬১,১৫৮ জন।
  পুরুষ ৬,০৩,৮৩,১১২ জন।
  নারী ৫,৮৬,৭৭,২০৯ জন।
  হিজড়া ৮৩৭ জন।
- নতুন ভোটার ৭৯,৮৩,২৭৭ জন।
- মৃত ভোটার বাদ হয়েছে ২২,০৯,১২৯ জন

২০০৭-২০০৮ সালে ছবিযুক্ত ভোটার তালিকা প্রণয়নের পর এ পর্যন্ত ভোটার তালিকা হালনাগাদ করা হয়েছে পাঁচবার। ২০০৯-২০১০ সাল, ২০১২-২০১৩ সাল, ২০১৫-২০১৬ সাল, ২০১৭-২০১৮ সাল ও ২০১৯-২০২০ সালে বাড়ি বাড়ি গিয়ে হালনাগাদ কার্যক্রম পরিচালনা করে ইসি।

বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন আইন ২০২৩

১৬ জানুয়ারি ২০২৩ জাতীয় সংসদে পাস হয় 'বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন বিল-২০২৩'। ১৯৭৭ সালে প্রণীত বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন অর্ডিন্যান্স রহিত করে প্রণীত হয় নতুন এ আইন। বিলের উল্লেখযোগ্য বিষয়—

পরীক্ষায় অসদুপায় ও প্রশ্ন ফাঁসে জেল-জরিমানা

- বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন অর্ডিন্যান্সের অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এমনভাবে বহাল থাকবে যেন এটি নতুন আইনের অধীনে প্রতিষ্ঠিত হয়েছে।
- একজন সভাপতি ও ছয় থেকে সর্বোচ্চ ১৫ জন সদস্যের সমন্বয়ে কমিশন গঠিত হবে। কমিশন প্রজাতন্ত্রের জনবল নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান সাপেক্ষে পরীক্ষা গ্রহণের পদ্ধতি ও শর্তাবলি নির্ধারণ করতে পারবে।
- কোনো ব্যক্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগে পরীক্ষার জন্য প্রণীত কোনো প্রশ্ন সংবলিত কাগজ বা তথ্য, পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোনো প্রশ্ন সংবলিত কাগজ বা তথ্য অথবা পরীক্ষার জন্য প্রণীত প্রশ্নের সঙ্গে হুবহু মিল রয়েছে বলে বিবেচিত হওয়ার অভিপ্রায়ে কোনো প্রশ্ন সংবলিত কাগজ বা তথ্য যেকোনো উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা দণ্ডনীয় অপরাধ হিসেবে বিবেচিত হবে। এর শাস্তি সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ড ও অর্থদণ্ড। এই অপরাধ আমলযোগ্য ও অজামিনযোগ্য হবে।
- কোনো ব্যক্তি পরীক্ষার্থী না হয়েও নিজেকে পরীক্ষার্থী হিসেবে হাজির করলে বা মিথ্যা তথ্য দিয়ে পরীক্ষার হলে প্রবেশ করলে বা অন্য কোনো ব্যক্তির নামে বা কোনো কল্পিত নামে পরীক্ষায় অংশ নিলে তা অপরাধ হিসেবে গণ্য হবে। এর শাস্তি সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড বা অর্থদণ্ড বা উভয় দণ্ড।
- কোনো ব্যক্তি কোনো পরীক্ষাসংক্রান্ত উত্তরপত্র বা এর অংশবিশেষের পরিবর্তে অন্য কোনো উত্তরপত্র বা এর অংশবিশেষ প্রতিস্থাপন করলে বা পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীর লিখিত হয়নি, এ ধরনের উত্তর সংবলিত অতিরিক্ত পৃষ্ঠা কোনো উত্তরপত্রের সঙ্গে সংযোজন করলে তার জন্য দুই বছরের কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া যাবে।
- কোনো ব্যক্তি কোনো পরীক্ষার্থীকে কোনো লিখিত উত্তর, বই, লিখিত কাগজ, পৃষ্ঠা বা এখান থেকে কোনো উদ্ধৃতি পরীক্ষার হলে সরবরাহ করলে বা মৌখিকভাবে বা যান্ত্রিক কোনো ডিভাইসের মাধ্যমে সহায়তা করলে তার দণ্ড হবে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড ও অর্থদণ্ড।

ইহসান ও ইমামুর

আন্তর্জাতিক কোনো আলট্রা ট্রেইল ম্যারাথন ক্যাটাগরিতে অংশ নেওয়া প্রথম দুই বাংলাদেশি।

বিশ্বমঞ্চে বাংলাদেশ

- জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মুহাম্মদ আবদুল মুহিত UNDP, UNFPA ও UNOPS'র নির্বাহী বোর্ডের ২০২৩ সালের ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হন। অন্য ভাইস প্রেসিডেন্টরা হলেন কোস্টারিকা, ইউক্রেন ও তুরস্কের রাষ্ট্রদূত। কেনিয়ার রাষ্ট্রদূত বোর্ডের সভাপতি নির্বাচিত হন।
- দক্ষিণ এশিয়ার প্রকৃতিভিত্তিক ১৪টি সেরা প্রকল্পের তালিকা প্রকাশ করে পরিবেশ বিষয়ক আন্তর্জাতিক সংস্থা ক্লাইমেট অ্যান্ড ডেভেলপমেন্ট নলেজ নেটওয়ার্ক (CDKN)। তালিকায় স্থান লাভ করে বাংলাদেশের তিনটি প্রকল্প— রাজধানীর হাতিরঝিল, রংপুরের কারুপল্লী ও কক্সবাজারের রোহিঙ্গা আশ্রয়শিবিরের মাধুরছড়াকে দূষণমুক্ত করার উদ্যোগ।
- মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসার জেট প্রোপালশন ল্যাবরেটরির (JPL) গবেষক হিসেবে ২০২৩ সালের জানুয়ারির প্রথম সপ্তাহে যোগ দেন নরসিংদীর আল ইমরান। ক্যালিফোর্নিয়ার প্যাসাডেনায় অবস্থিত JPL নাসার সবচেয়ে গুরুত্বপূর্ণ, মর্যাদাসম্পন্ন গবেষণা ও উন্নয়ন কেন্দ্রগুলোর একটি। নাসার জন্য মনুষ্যবিহীন নভোযান তৈরি, পরিচালনা ও গবেষণার কাজ করে JPL।
- ইংল্যান্ডে বসবাসকারী শাজ হক প্রথম বাংলাদেশি বংশোদ্ভূত হিসেবে ফ্লাই ওয়েট ক্যাটাগরিতে বিশ্বচ্যাম্পিয়ন হন। ৩১ ডিসেম্বর ২০২২ লন্ডনে 'কেজ ওয়ারিয়র্স ওয়ার্ল্ড টাইটেল' নামে এ শিরোপা লড়াই অনুষ্ঠিত হয়েছিল। চ্যাম্পিয়নশিপ লড়াইয়ে তার প্রতিদ্বন্দ্বী ছিলেন স্যাম ক্রিসি।
- এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোয় কর্তৃত্ববাদী সরকারের দমন-পীড়নের বিপরীতে মানবাধিকার, বাকস্বাধীনতা ও সংবাদমাধ্যমের স্বাধীনতা রক্ষায় ভূমিকা রাখা ব্যক্তিদের নিয়ে ৫ জানুয়ারি ২০২৩ একটি নিবন্ধ প্রকাশ করে ১১৯টির বেশি সংস্থা ও সংগঠনের বৈশ্বিক নেটওয়ার্ক কানাডাভিত্তিক ইন্টারন্যাশনাল ফ্রিডম অব এক্সপ্রেশন এক্সচেঞ্জ (IFIX)। এতে বাংলাদেশের *প্রথম আলো*র বিশেষ প্রতিনিধি রোজিনা ইসলামসহ অন্য দুই সাংবাদিকের ভূমিকা উল্লেখ করা হয়। অন্য দুই সাংবাদিক হলেন শান্তিতে নোবেল বিজয়ী ফিলিপাইনের সাংবাদিক মারিয়া রেসা ও ভারতের রানা আইয়ুব।



- ১৮২৩ সাল থেকে প্রকাশিত যুক্তরাজ্যভিত্তিক বিশ্বখ্যাত বিজ্ঞান সাময়িকী *ল্যানসেটের* ১০ বিজ্ঞানীর তালিকায় প্রথম কোনো বাংলাদেশি হিসেবে জায়গা করে নেন সেঁজুতি সাহা।
- বিশ্বের ১৯টি ধনী দেশ এবং ইউরোপীয় ইউনিয়নের সমন্বয়ে গঠিত G20 শীর্ষ সম্মেলনের ২০২৩ সালের আয়োজক দেশ ভারত। এজন্য সদস্য দেশগুলোর বাইরেও বিভিন্ন অঞ্চলের ৯টি দেশকে 'গেস্ট কান্ট্রি' হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। দক্ষিণ এশিয়ার একমাত্র দেশ হিসেবে 'গেস্ট কান্ট্রি' হিসেবে অন্তর্ভুক্ত হয় বাংলাদেশ। অন্য দেশগুলো হলো— মিসর, মরিশাস, নেদারল্যান্ডস, নাইজেরিয়া, ওমান, সিঙ্গাপুর, স্পেন ও সংযুক্ত আরব আমিরাত।

IMO'র মহাসচিব নির্বাচনে বাংলাদেশ



জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘ সম্মেলনের চুক্তি অনুসারে ১৯৪৮ সালে প্রতিষ্ঠিত হয়েছিল আন্তর্জাতিক সামুদ্রিক সংস্থা (IMO)। আন্তর্জাতিক নৌনিরাপত্তা, নৌবাণিজ্য এবং নৌ চলাচলে পরিবেশদূষণ রোধে কর্মপন্থা গ্রহণের সুপারিশ করে থাকে সংস্থাটি। বর্তমানে IMO'র সদস্যসংখ্যা ১৭৮। এর মধ্যে কাউন্সিল সদস্যদেশ ৪০। মূলত এই ৪০ দেশ মহাসচিব পদে নির্বাচনে ভোট দিতে পারে। বাংলাদেশ ১৯৭৬ সালে IMO'র সদস্য হয়।

জুলাই ২০২৩ অনুষ্ঠিত হবে IMO'র মহাসচিব পদের নির্বাচন। এবারের নির্বাচনে বাংলাদেশসহ চারটি দেশ প্রতিদ্বন্দ্বিতা করতে যাচ্ছে। অন্য তিনটি দেশ হলো— পানামা, কেনিয়া ও তুরস্ক। মহাসচিব পদে বাংলাদেশের প্রার্থী হিসেবে সরকার মঈন আহমেদের নাম চূড়ান্ত করে। তিনি বর্তমানে আন্তর্জাতিক মোবাইল স্যাটেলাইট অর্গানাইজেশনের (IMSO)'র মহাপরিচালক। রাষ্ট্রনিয়ন্ত্রিত স্যাটেলাইটগুলোর যোগাযোগের নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করে IMSO।

২৪ এপ্রিল ২০১৩ দেশের ২০তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নেন মো. আবদুল হামিদ। এরপর ২৪ এপ্রিল ২০১৮ দ্বিতীয় মেয়াদে ২১তম রাষ্ট্রপতি হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন তিনি। সংবিধান অনুযায়ী, একজন ব্যক্তি দুবারের বেশি রাষ্ট্রপতি পদে থাকতে পারেন না। তাই এ বিষয়ে নিশ্চিত যে, নতুন কেউই হচ্ছেন দেশের ২২তম রাষ্ট্রপতি। রাষ্ট্রপতির পাঁচ বছরের মেয়াদ শেষ হওয়ার আগের ৯০ দিন থেকে ৬০ দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করার কথা বলা হয়েছে সংবিধানের ১২৩ অনুচ্ছেদে। অর্থাৎ বর্তমান রাষ্ট্রপতির মেয়াদ শেষ হওয়ার আগেই নতুন রাষ্ট্রপতি নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সে অনুযায়ী ২৪ জানুয়ারি ২০২৩ শুরু হয় রাষ্ট্রপতি নির্বাচন প্রক্রিয়া।

রাষ্ট্রপতি নির্বাচন ২০২৩

রাষ্ট্রপতি নির্বাচন ও যোগ্যতা

জনগণের সরাসরি ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হন না। সংসদীয় গণতন্ত্রে রাষ্ট্রপতি নির্বাচিত হন সংখ্যাগরিষ্ঠ সংসদ সদস্যের ভোটে। ৩৫ বছর বয়সী ও সংসদ সদস্য নির্বাচিত হবার যোগ্য যেকোনো ব্যক্তি রাষ্ট্রপতি পদে প্রার্থী হতে পারবেন। তবে সংসদ সদস্যের মধ্য থেকে একজনকে প্রস্তাবক এবং একজনকে সমর্থক হতে হয়। অভিশংসন দ্বারা রাষ্ট্রপতির পদ হতে অপসারিত ব্যক্তি রাষ্ট্রপতি নির্বাচিত হবার যোগ্য নন।

রাষ্ট্রপতির মেয়াদ

সংবিধানের ৫০ (১) অনুচ্ছেদে বলা হয়েছে, সংবিধানের বিধানাবলী সাপেক্ষে রাষ্ট্রপতি কার্যভার গ্রহণের তারিখ হইতে পাঁচ বৎসরের মেয়াদে তাঁহার পদে অধিষ্ঠিত থাকিবেন: তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতির পদের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরাধিকারী-কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকিবেন। সংবিধানের ৫০ (২) অনুচ্ছেদ অনুযায়ী, একাদিক্রমে হউক বা না হউক— দুই মেয়াদের অধিক রাষ্ট্রপতির পদে কোন ব্যক্তি অধিষ্ঠিত থাকিবেন না।

রাষ্ট্রপতির দায়িত্ব, ক্ষমতা ও কর্তব্য

সংসদীয় গণতন্ত্রে রাষ্ট্রপতির ক্ষমতা সীমিত। রাষ্ট্রের প্রধান হলেও রাষ্ট্রপতির তেমন কোনো নির্বাহী ক্ষমতা নেই। সরকার প্রধান কিংবা প্রধানমন্ত্রীর পরামর্শে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেন রাষ্ট্রপতি। সংবিধানের ৪৮ (৩) অনুচ্ছেদ অনুযায়ী, কেবল প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগের ক্ষেত্র ব্যতীত রাষ্ট্রপতি তাঁহার অন্য সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন।

সংবিধানের ৪৯ অনুচ্ছেদ অনুযায়ী, কোন আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে-কোন দণ্ডের মার্জনা, বিলম্বন ও বিরাম মঞ্জুর করিবার এবং যেকোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করিবার ক্ষমতা রাষ্ট্রপতির থাকিবে।

সংবিধানের ৫১ (১) অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি তাহার দায়িত্ব পালন করিতে গিয়া কিংবা অনুরূপ বিবেচনায় কোন কার্য করিয়া থাকিলে বা না করিয়া থাকিলে সেইজন্য তাঁহাকে কোন আদালতে জবাবদিহি করিতে হইবে না।

তথ্যে বাংলাদেশের রাষ্ট্রপতি

- বাংলাদেশের রাষ্ট্রপ্রধান— রাষ্ট্রপতি।
- বাংলাদেশের রাষ্ট্রপতির মেয়াদকাল— ৫ বছর।
- বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান— স্পিকার (সংবিধানের পঞ্চদশ সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি)।
- রাষ্ট্রপতি পদত্যাগ করেন— স্পিকারের নিকট।
- বাংলাদেশের রাষ্ট্রপতি হওয়ার ন্যূনতম বয়স— ৩৫ বছর।
- রাষ্ট্রপতির অনুপস্থিতিতে বা পদ শূন্য হলে রাষ্ট্রপতির মেয়াদ পালন করেন— স্পিকার।
- প্রধানমন্ত্রী পদত্যাগ করেন— রাষ্ট্রপতির নিকট।
- জাতীয় সংসদ অধিবেশন আহ্বান ও স্থগিত এবং জাতীয় সংসদ ভেঙ্গে দেয়ার ক্ষমতা রাখেন— রাষ্ট্রপতি।
- রাষ্ট্রপতি অভিশংসন বা অপসারণ করতে প্রয়োজন— দুই-তৃতীয়াংশ সংসদের ভোট।
- রাষ্ট্রপতির কার্যালয়ের ইংরেজি নাম— President's Office.
- প্রধানমন্ত্রীর কার্যালয়ে রাষ্ট্রপতির কার্যালয় ছিল— ১৯৮৭-১৯৯১ সাল।
- রাষ্ট্রপতির কার্যালয় ও সরকারি বাসভবনের নাম— বঙ্গভবন।
- রাষ্ট্রপতির বিশেষ নিরাপত্তা বাহিনীর নাম— প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট (PGR) ও স্পেশাল সিকিউরিটি ফোর্স (SSF)।

রাষ্ট্রপতি নির্বাচন

- প্রথম রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়— ৮ এপ্রিল ১৯৭৩।
- প্রথম প্রত্যক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়— ৩ জুন ১৯৭৮।
- সরাসরি জনগণের ভোটে নির্বাচিত প্রথম রাষ্ট্রপতি— লেফটেন্যান্ট জেনারেল জিয়াউর রহমান।

প্রত্যক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচন

আয়োজন	সময়কাল	নির্বাচিত রাষ্ট্রপতি
প্রথম	৩ জুন ১৯৭৮	লে. জে. জিয়াউর রহমান
দ্বিতীয়	১৫ নভেম্বর ১৯৮১	বিচারপতি আব্দুস সাত্তার
তৃতীয়	১৫ অক্টোবর ১৯৮৬	লে. জে. হুসেইন মুহাম্মদ এরশাদ

মেট্রোরেল বিচিত্রা



মেট্রোরেলে প্রথম যাত্রী : প্রধানমন্ত্রী শেখ হাসিনা
চালক : মরিয়ম আফিজা

২৮ ডিসেম্বর ২০২২ মেট্রোরেলের যুগে প্রবেশ করে বাংলাদেশ। তবে বিশ্বে মেট্রোরেল চালু হয়েছে ১৫০ বছরের বেশি সময় আগে। বাংলাদেশে মেট্রোরেল চালুর এ মাহেন্দ্রক্ষণে আসুন জেনে নেই বাংলাদেশের মেট্রোরেল বৃত্তান্ত।

মেট্রোরেলের লোগো

মেট্রোরেলের লোগো এবং মেট্রোরেল স্টেশনে যেসব সাইন বা চিহ্ন রয়েছে, সেগুলো তৈরি করেছেন আলী আহসান (নিশান)।

MRT-1-এর নির্মাণকাজ উদ্বোধন

২ ফেব্রুয়ারি ২০২৩ উদ্বোধন করা হবে MRT-1-এর নির্মাণকাজ। উড়াল ও পাতাল পথে ৩১ কিলোমিটার দীর্ঘ এ মেট্রোরেলের বিমানবন্দর-কমলাপুর অংশ নির্মিত হবে মাটির নিচে, অর্থাৎ পাতালে। সে হিসেবে এটাই হবে দেশের প্রথম পাতাল মেট্রোরেল। অন্যদিকে নতুন বাজার থেকে পূর্বাচল পর্যন্ত অংশ হবে উড়াল পথ। নতুন বাজারে হবে দুই অংশের ইন্টারচেঞ্জ। ২০২৬ সালে চালু হবে MRT-1। এতে ২৫টি ট্রেন দিনে ৮ লাখ যাত্রী পরিবহন করবে।

পাতাল পথ

- **মোট দৈর্ঘ্য :** ১৯.৮৭২ কিলোমিটার
- **রুট :** বিমানবন্দর-কমলাপুর।
- **স্টেশন :** ১২টি—হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর টার্মিনাল-৩, খিলক্ষেত, নন্দা, নতুন বাজার, উত্তর বাড্ডা, বাড্ডা, আফতাবনগর, হাতিরঝিল, রামপুরা, মালিবাগ, রাজারবাগ ও কমলাপুর।

উড়াল পথ

- **মোট দৈর্ঘ্য :** ১১.৩৭ কিলোমিটার
- **রুট :** নতুন বাজার-পূর্বাচল
- **স্টেশন :** ৯টি— নতুনবাজার, নন্দা, জোয়ারসাহারা, বোয়ালিয়া, মস্তল, শেখ হাসিনা স্টেডিয়াম, পূর্বাচল সেন্টার, পূর্বাচল পূর্ব, পূর্বাচল টার্মিনাল ও পিতলগঞ্জ।

MRT-6

রুট : উত্তরা-কমলাপুর ▮ মোট দৈর্ঘ্য : ২১.২৬ কিলোমিটার ▮ স্টেশন সংখ্যা : ১৭টি ▮ নির্মাণব্যয় : ৩৩,৪৭২ কোটি টাকা ▮ ট্রেন চলবে : ২৪টি ▮ গতি : ১১০ কিলোমিটার।

তিন পর্যায়ে চালু হবে MRT-6

পর্যায়	অংশ	স্টেশন	দৈর্ঘ্য (কিমি)	চালুর সময়
প্রথম	উত্তরা-আগারগাঁও	৯টি	১১.৭৩	২৮ ডিসেম্বর ২০২২
দ্বিতীয়	আগারগাঁও-মতিঝিল	৭টি	৮.৩৭	২০২৩ সালের শেষে
তৃতীয়	মতিঝিল-কমলাপুর	১টি	১.১৬	২০২৫ সালে

প্রযুক্তিতে চার মাইলফলক স্পর্শ

২৮ ডিসেম্বর ২০২২ মেট্রোরেল উদ্বোধনের মধ্য দিয়ে একই সঙ্গে প্রযুক্তিতে বাংলাদেশ চারটি মাইলফলক স্পর্শ করে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মাইলফলকসমূহ—

- মেট্রোরেল নিজেই একটি মাইলফলক।
- বাংলাদেশ প্রথম বৈদ্যুতিক যানের যুগে প্রবেশ করে।
- ডিজিটাল রিমোট কন্ট্রোল যান মেট্রোরেল, যা স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের একটি ধাপ।
- দ্রুতগতিসম্পন্ন যানের যুগে প্রবেশ করে বাংলাদেশ; ঘণ্টায় গতি ১১০ কিলোমিটার।

মেট্রোরেল বিচিত্রা



৫০ টাকার স্মারক নোট

দেশে প্রথম মেট্রোরেল উদ্বোধন উপলক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ৫০ টাকা মূল্যমানের একটি স্মারক নোট মুদ্রণ করে। ২৮ ডিসেম্বর ২০২২ আনুষ্ঠানিকভাবে স্মারক নোটটি অবমুক্ত করা হয়।

মেট্রোরেলে সন্তান প্রসব

১২ জানুয়ারি ২০২৩ মেট্রোরেলের আগারগাঁও স্টেশনে এক ছেলে শিশুর জন্ম দেন সোনিয়া রানি রায় নামের এক যাত্রী। চিকিৎসকের কাছে যাওয়ার পথে মেট্রোরেলে উঠেন তিনি। হঠাৎ তার প্রসব বেদনা উঠলে ফার্স্ট এইড সেন্টারে সন্তান প্রসব করেন ঐ নারী।

Rapid transit, a frequent electric rail system commonly called a metro. Metro Rail



Widespread Impact of DHAKA METRO RAIL

Traffic congestion is a regular phenomenon for the residents of Dhaka city. According to the World Bank, 32 and 16 lakh working hours are being lost daily in the capital and the port city of Chattogram respectively due to traffic congestion. The yearly financial loss for one lakh working hours is estimated to be Tk 1,000 crores. According to research by the BRAC Institute of Governance and Development, the average vehicle speed on Dhaka roads in 2004 was 21.2 kilometers per hour. In 2022 that speed dropped to just 6.8 kilometers per hour. The government tried to save its citizens from this nightmare for many years by taking many initiatives like flyovers, crossings, expansion of roads, traffic reduction policy etc. But nothing worked well. At last, to mitigate the sufferings of the city dwellers, it started the construction work in 2016 and on 28 December 2022, Prime Minister, Sheikh Hasina, inaugurated the country's first Metro Rail in the heart of Dhaka. By this inauguration, Bangladesh enters the era of Metro Rail.

Economic Impact

The 33 crore Metro Rail project will save not only time and energy but also money as traveling by metro takes less time than traveling by public and private transports. Tk $2.4 billion a year will be saved by Metro Rail which is equivalent to 1.5% GDP of the country and 17% revenue of the total project. Thus, Metro Rail will not only restructure the capital's communication system but will also have a positive impact on the country's economy. This new communication infrastructure will support the economy's goal of becoming developed by 2041.

Traffic Jam Reduction

Dhaka ranked fourth worldwide according to the Global Traffic Index 2022. According to the Copenhagen Consensus, the average traffic speed in Dhaka may fall to 4.7 kph by 2035, which is about as slow as walking. With this Metro Rail, city dwellers will be able to travel from Uttara to Kamalapur in 40 minutes instead of three and a half hours. Besides, it will save time for the 60,000 users and non-users. One-third of those who use buses or private cars will switch to Metro Rail, significantly reducing the number of vehicles on the route. As a result, citizens will be able to enjoy less congested travel.

Environmental Impact

Air pollution in Dhaka is primarily caused by older vehicles which produce a lot of black smoke that significantly contributes to air pollution. Metro Rail is eco-friendly as it emits less carbon monoxide. It is using the Clean Development Mechanism to reduce costs and CO2 emissions. Solar energy is also being used to power the Metro rail. In addition, Metro Rail utilizes mass-spring system (MSS) technology to lessen noise, shock, and vibration.

Mobility & Safety

Metro Rail will reduce the passengers' travel time. It will provide improved transportation safety, so it will reduce accidental deaths to a great extent.

Employment Opportunities & Women Empowerment

Each rail station has a waiting lounge, fire-fighting system, lifts, operating room and ticket counters. These require numerous job opportunities. Metro Rail has offered women equal job opportunities, meaning gender equality through women empowerment.

After Padma Bridge, the inauguration of Metro Rail was another milestone for the country. Through it, Bangladesh entered the era of the country's first electronic Metro Rail, and this Metro Rail will undoubtedly contribute to making Bangladesh Smart Bangladesh by 2041.

টানেল যুগে বাংলাদেশ

শীঘ্রই যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত বাংলাদেশের প্রথম সুড়ঙ্গপথ বা টানেল। শুধু বাংলাদেশ নয়, দক্ষিণ এশিয়ায় নদী তলদেশের প্রথম ও দীর্ঘতম সড়ক টানেল হচ্ছে এটি।



- **নাম :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল।
- **অবস্থান :** চট্টগ্রামে পতেঙ্গার নেভাল একাডেমি প্রান্ত থেকে শুরু হয়ে টানেলটি নদীর তলদেশ হয়ে চলে গেছে আনোয়ারায় অবস্থিত চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড এবং কর্ণফুলী ফার্টিলাইজার লিমিটেড কারখানার মাঝামাঝি স্থানে।
- **মূল টানেলের দৈর্ঘ্য :** ৩.৩২ কিলোমিটার।
- **সংযোগসড়কসহ টানেলের সর্বমোট দৈর্ঘ্য :** ৯.৩৯ কিলোমিটার।
- **ভিত্তিপ্রস্তর স্থাপন করেন :** ১৪ অক্টোবর ২০১৬ প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও চীনের প্রেসিডেন্ট শি চিন পিং।
- **নির্মাণকাজ উদ্বোধন করেন :** ২৪ ফেব্রুয়ারি ২০১৯ প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
- **নির্মাণ ব্যয় :** ১০,৩৭৪ কোটি টাকা। এর মধ্যে বাংলাদেশ সরকার দিচ্ছে ৪,৪৬১ কোটি টাকা আর বাকি ৫,৯১৩ কোটি টাকা দিচ্ছে চীন সরকার। চীনের এক্সিম ব্যাংক ২% সুদে ২০ বছর মেয়াদি এ ঋণ দিয়েছে।

নির্মাণ তথ্য

- কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে সুড়ঙ্গ তৈরি করা হয়েছে ১৮-৩৬ মিটার গভীরতায়। নদীর মাঝ পয়েন্টে এ গভীরতা ১৫০ ফুট।
- নদীর নিচে সুড়ঙ্গের মাধ্যমে তৈরি করা হয় ১০.৮০ মিটার ব্যাসের দুইটি টিউব, যার প্রতিটির দৈর্ঘ্য ২.৪৫ কিলোমিটার।
- টানেলে টিউব দুইটি থাকলেও সংযোগপথ আছে তিনটি। এর মধ্যে একটি বিকল্প পথ হিসেবে প্রথম দুটির সাথে যুক্ত রয়েছে।
- দুই সুড়ঙ্গের মধ্যে প্রথম সংযোগ পথের দৈর্ঘ্য ১২.১৪ মিটার। দ্বিতীয় বা মধ্যবর্তী সংযোগ পথের দৈর্ঘ্য ১২.৩৪ মিটার। শেষটির দৈর্ঘ্য ১০.৭৪ মিটার। প্রতিটির ব্যাস গড়ে ৪.৫ মিটার।

যানচলাচল

টানেলটি নির্মাণের ফলে ঢাকা-চট্টগ্রাম ও কক্সবাজারের মধ্যে আধুনিক যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠবে এবং এশিয়ান হাইওয়ের সাথে সংযোগ স্থাপিত হবে। টানেল চালুর পর এর ভেতর দিয়ে বছরে ৬৩ লাখ গাড়ি চলাচল করতে পারবে। সেই হিসাবে দিনে চলতে পারবে ১৭,২৬০টি গাড়ি। ২০২৫ সাল নাগাদ টানেল দিয়ে গড়ে প্রতিদিন ২৮,৩০৫টি যানবাহন চলাচল করবে, যার মধ্যে অর্ধেক থাকবে পণ্যবাহী যানবাহন। ২০৩০ সাল নাগাদ প্রতিদিন গড়ে ৩৭,৯৪৬টি এবং ২০৬৭ সাল নাগাদ প্রতিদিন ১,৬২,০০০ যানবাহন চলাচলের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে।

পরিবহনের ধরন	টোল পরিমাণ
কার, জিপ	২০০ টাকা
পিকআপ	২০০ টাকা
মাইক্রোবাস	২৫০ টাকা
বাস (৩১ আসন বা তার কম)	৩০০ টাকা
বাস (৩২ আসন বা তার বেশি)	৪০০ টাকা
বাস (৩ এক্সেল)	৫০০ টাকা
ট্রাক (৫ টন পর্যন্ত)	৪০০ টাকা
ট্রাক (৫.০১-৮ টন)	৫০০ টাকা
ট্রাক (৮.০১-১১ টন)	৬০০ টাকা
ট্রাক (৩ এক্সেল পর্যন্ত)	৮০০ টাকা
ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত)	১০০০ টাকা
ট্রেইলার (৪ এক্সেলের অধিক)	১০০০ টাকা + প্রতি এক্সেল ২০০





পটভূমি

প্রশ্ন : ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেবে কোন দিনটি পালন করা হতো? *[৪২তম বিসিএস]*

উত্তর: ১১ মার্চ।

প্রশ্ন : কিসের ভিত্তিতে পূর্ব বাংলায় ভাষা আন্দোলন হয়েছিল? *[৩৮তম বিসিএস]*

উত্তর: বাঙালি জাতীয়তাবাদ।


ধীরেন্দ্রনাথ দত্ত

প্রশ্ন : পাকিস্তানের গণপরিষদের অধিবেশনে বাংলাকে রাষ্ট্রভাষা করার প্রথম দাবি উত্থাপন করেন কে? *[৩৫তম বিসিএস; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার ২০২০]*

উত্তর: ধীরেন্দ্রনাথ দত্ত; ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮।

প্রশ্ন : বাংলা ভাষাকে রাষ্ট্রভাষার মর্যাদা দেওয়ার দাবিতে প্রথম ধর্মঘট হয় কবে? *[জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার ২০১৭]*

উত্তর: ১১ মার্চ ১৯৪৮।

প্রশ্ন : বাঙালি জাতীয়তাবাদের মূলভিত্তি কী? *[ঢাবি 'খ' ইউনিট ২০১৯-২০]*

উত্তর: ভাষা ও সংস্কৃতি।

প্রশ্ন : কোন ঘটনার প্রেক্ষিতে বাঙালি জাতীয়তাবাদী চেতনার পরিপূর্ণ বিকাশ ঘটে? *[জাবি 'বি' ইউনিট ২০১৭-১৮]*

উত্তর: ভাষা আন্দোলন।

প্রশ্ন : ভাষা আন্দোলনের সূত্রপাত হয় কবে?

উত্তর: ১৯৪৮ সালে।

প্রশ্ন : 'উর্দুই হবে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা – অন্য কোনো ভাষা নয়।'— কে, কবে ও কোথায় এ ঘোষণা দেন?

উত্তর: মুহাম্মদ আলী জিন্নাহ; ২১ মার্চ ১৯৪৮ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে।

প্রশ্ন : যুক্তফ্রন্ট প্রণীত ২১ দফার প্রথম দফা কী ছিল?

উত্তর: বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা হবে।

তমদ্দুন মজলিস

প্রশ্ন : রাষ্ট্রভাষা আন্দোলনে কোন সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে? *[৪২তম বিসিএস]*


উত্তর: তমদ্দুন মজলিস।

প্রশ্ন : 'বাংলা'কে রাষ্ট্রভাষা করার দাবিতে প্রথম কোন সংগঠনটি প্রতিষ্ঠিত হয়? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপজেলা/আরবান প্রোগ্রাম কো-অর্ডিনেটর ২০২০]*

উত্তর: তমদ্দুন মজলিস।

প্রশ্ন : তমদ্দুন মজলিস সংগঠনটি কিসের সাথে সম্পৃক্ত ছিল? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯]*

উত্তর: ভাষা আন্দোলন।



প্রশ্ন : ভাষা আন্দোলনের সাথে জড়িত প্রতিষ্ঠান তমদ্দুন মজলিস কার নেতৃত্বে গঠিত হয়? *[মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন জুনিয়র অডিটর ২০১৪]*

উত্তর: অধ্যাপক আবুল কাশেম।

প্রশ্ন : 'তমদ্দুন মজলিস' সংগঠনটি কার নেতৃত্বে গঠিত হয়?

উত্তর: অধ্যাপক আবুল কাসেম।

প্রশ্ন : তমদ্দুন মজলিস গঠিত হয় কবে?

উত্তর: ১ সেপ্টেম্বর ১৯৪৭ *[সূত্র: বাংলাপিডিয়া]* এবং ২ সেপ্টেম্বর ১৯৪৭ *[সূত্র: স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র]*।

প্রশ্ন : ভাষা আন্দোলনের মুখপত্র ছিল কোন পত্রিকা?

উত্তর: তমদ্দুন মজলিসের উদ্যোগে প্রকাশিত 'সাপ্তাহিক সৈনিক'।

প্রশ্ন : 'সাপ্তাহিক সৈনিক' প্রথম কবে প্রকাশিত হয়?

উত্তর: ১৪ নভেম্বর ১৯৪৮।

ভাষা আন্দোলনে সংগ্রাম পরিষদ বা কমিটি

প্রশ্ন : সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়– *[৩৬তম বিসিএস]*

উত্তর: ১৯৫২ সালের ৩০ জানুয়ারি। *[সূত্র : স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র; প্রথম খণ্ড (পৃষ্ঠা ২৩০)।]*

প্রশ্ন : 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয় কোন সালে? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হিসাবরক্ষক ২০১৯]*


নূরুল হক ভূঁইয়া

উত্তর: ১৯৪৭ সালে।

প্রশ্ন : রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের আহবায়ক কে ছিলেন? *[জাককানইবি 'ডি' ইউনিট ২০১৭-১৮]*

উত্তর: নূরুল হক ভূঁইয়া।

রাষ্ট্রভাষা বাংলার দাবিতে সংগ্রাম পরিষদ

নাম	গঠন	আহ্বায়ক
রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ	১ অক্টোবর ১৯৪৭	নূরুল হক ভূঁইয়া
রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (পুনর্গঠিত)	২ মার্চ ১৯৪৮	শামসুল আলম
বিশ্ববিদ্যালয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ	১১ মার্চ ১৯৫০	আবদুল মতিন
সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ	৩০ জানুয়ারি ১৯৫২	কাজী গোলাম মাহবুব

[সূত্র : *বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র; প্রথম খণ্ড (পৃষ্ঠা ২৩০); একুশে ফেব্রুয়ারী সংকলন (পৃষ্ঠা ১৩৯) এবং জাতীয় রাজনীতি ১৯৪৫-১৯৭৫; লেখক: ভাষা সৈনিক অলি আহাদ (পৃষ্ঠা ১৩০)।]*

বাংলা ভাষার সাংবিধানিক স্বীকৃতি

প্রশ্ন : বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদ কোন তারিখে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়? *[৩৬তম বিসিএস]*

উত্তর: ৭ মে ১৯৫৪। *[সূত্র : স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র; প্রথম খণ্ড (পৃষ্ঠা ৩৯৫)।]*

প্রশ্ন : বাংলা পাকিস্তানের দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে সাংবিধানিক স্বীকৃতি পায় কবে?

উত্তর: ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬ (২৩ মার্চ ১৯৫৬ সংবিধান কার্যকরের মাধ্যমে চূড়ান্ত রূপ লাভ করে)।

প্রশ্ন : সংবিধানের কোন অনুচ্ছেদে বাংলাকে পাকিস্তানের দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়?

উত্তর: ২১৪(১) অনুচ্ছেদে।

প্রশ্ন : সংবিধানের ২১৪(১) অনুচ্ছেদে রাষ্ট্রভাষা সম্পর্কে কী বলা হয়েছিল?

উত্তর: The State Language of Pakistan shall be Urdu and Bengali [পাকিস্তানের রাষ্ট্রভাষা হবে উর্দু ও বাংলা]।

ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু

প্রশ্ন : ভাষা আন্দোলনে জড়িত থাকার কারণে শেখ মুজিবুর রহমান প্রথম গ্রেপ্তার হন কবে?

উত্তর: ১১ মার্চ ১৯৪৮।



প্রশ্ন : ভাষা আন্দোলনকে বেগবান করতে ১৬ মার্চ ১৯৪৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় আয়োজিত সভায় সভাপতিত্ব করেন কে?

উত্তর: শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক রচিত 'বায়ান্নর দিনগুলো'তে কারাগারে অনশনরত বঙ্গবন্ধুর সঙ্গী কে ছিলেন? *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর ২০১৮]*

উত্তর: মহিউদ্দিন আহমদ।

ভাষা শহিদ ও ভাষা সৈনিক

প্রশ্ন : ভাষার জন্য যারা প্রাণ দিয়েছেন, তাদের একজনের নাম উল্লেখ করুন। *[জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইন্সট্রাক্টর ২০১৮]*

উত্তর: সালাম।

প্রশ্ন : ১৯৫২ সালের ভাষা আন্দোলনে শহীদ আবুল বরকতের ডাক নাম কী ছিল? *[ঢাবি 'ঘ' ইউনিট ২০১৬-১৭]*

উত্তর: আবাই।

প্রশ্ন : ভাষা আন্দোলনের উল্লেখযোগ্য শহিদ কারা?

উত্তর: রফিকউদ্দিন আহমদ, আবদুল জব্বার, আবুল বরকত, আবদুস সালাম, শফিউর রহমান, আব্দুল আউয়াল ও অহিউল্লাহ।



প্রশ্ন : ভাষা শহিদদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন কে?

উত্তর: আবুল বরকত (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ)।

প্রশ্ন : ভাষা আন্দোলনে প্রথম শহিদ হন কে?

উত্তর: রফিকউদ্দিন আহমদ।

প্রশ্ন : রফিকউদ্দিন আহমদ কবে শহীদ হন?

উত্তর: ২১ ফেব্রুয়ারি ১৯৫২।

প্রশ্ন : ভাষা আন্দোলনের দ্বিতীয় শহিদ কে?

উত্তর: আবদুল জব্বার।

প্রশ্ন : আবদুল জব্বার কবে শহিদ হন?

উত্তর: ২১ ফেব্রুয়ারি ১৯৫২।

প্রশ্ন : আবদুল জব্বারকে কবে একুশে পদকে (মরণোত্তর) ভূষিত করা হয়?

উত্তর: ২০০০ সালে।

প্রশ্ন : ভাষা আন্দোলনে ছাত্রীদের নেতৃত্ব দেন কে?

উত্তর: ড. শাফিয়া খাতুন।

প্রশ্ন : ভাষা আন্দোলনের প্রথম কারাবন্দী নারী কে?

উত্তর: সালেহা বেগম।

বাংলা ভাষার বিশ্বায়ন

প্রশ্ন : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন সালে স্বীকৃত হয়? *[২৬তম বিসিএস; পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে প্রশাসনিক কর্মকর্তা ২০০১]*

উত্তর: ১৯৯৯।

প্রশ্ন : বর্তমান বিশ্বে বাংলা ভাষার অবস্থান কততম? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হিসাবরক্ষক ২০১৯]*

উত্তর: ৭ম (ভাষাভাষীর দিক থেকে)।

প্রশ্ন : ইউনেস্কোর কততম সম্মেলনে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয়? *[১৬তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়) ২০১৯]*

উত্তর: ৩০তম সম্মেলনে।

প্রশ্ন : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি সম্বলিত ডাকটিকেট বিশ্বের কোন দেশ প্রকাশ করেছে? *[১৫তম শিক্ষক নিবন্ধন (স্কুল/সমপর্যায়) ২০১৯]*

উত্তর: যুক্তরাষ্ট্র।

প্রশ্ন : কোন সংস্থা ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ২০১৯]*



উত্তর: UNESCO।

প্রশ্ন : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কোন তারিখে পালিত হয়? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন সেবা পরিদপ্তরের সিনিয়র স্টাফ নার্স ২০১৬]*

উত্তর: ২১ ফেব্রুয়ারি।

প্রশ্ন : ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয় কত সালের কত তারিখে? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (৩য় ধাপ) ২০১৯]*

উত্তর: ১৭ নভেম্বর ১৯৯৯।

প্রশ্ন : সম্প্রতি ভারতের কোন রাজ্যে বাংলা ভাষাকে দ্বিতীয় সরকারি ভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে? *[স্বাস্থ্য মন্ত্রণালয়ের সহকারী প্রকৌশলী ২০১৬]*

উত্তর: ঝাড়খণ্ড।

প্রশ্ন : কোন দেশে 'বাংলা' একটি দাপ্তরিক ভাষা? *[রাবি A ইউনিট (গ্রুপ-২) ২০১৯-২০]*

উত্তর: সিয়েরা লিওন।

প্রশ্ন : কোন দেশ বাংলা ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে? *[বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সিনিয়র স্টাফ নার্স ২০২০]*

উত্তর: সিয়েরা লিওন।

প্রশ্ন : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রথম পালিত হয় কবে?

উত্তর: ২০০০ সালে (১৮৮টি দেশে)।

প্রশ্ন : সিয়েরা লিওন বাংলা ভাষাকে সে দেশের অন্যতম সরকারি ভাষা ঘোষণা করে কবে?

উত্তর: ১২ ডিসেম্বর ২০০২।

প্রশ্ন : বর্তমানে বিশ্বের কতটি দেশের সরকারি ভাষা বাংলা?

উত্তর: ৩টি— বাংলাদেশ, ভারত ও সিয়েরা লিওন।

প্রশ্ন : জাতিসংঘ একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয় কবে?

উত্তর: ৫ ডিসেম্বর ২০০৮।

সাহিত্যে ভাষা আন্দোলন

প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ ফেব্রুয়ারি' গানের রচয়িতা কে? *[১৯তম, ১০ম বিসিএস]*

উত্তর: আবদুল গাফ্ফার চৌধুরী।

প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি'– গানটির সুরকার কে? *[১৩তম বিসিএস; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সহকারী পরিচালক ২০১২]*

উত্তর: আলতাফ মাহমুদ (প্রথম সুরকার আবদুল লতিফ)।

প্রশ্ন : 'এখানে যারা প্রাণ দিয়েছে রমনার ঊর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার নীচে সেখানে আমি কাঁদতে আসিনি'– এর রচয়িতা— *[১২তম বিসিএস]*

উত্তর: মাহবুব-উল-আলম চৌধুরী।

প্রশ্ন : অমর একুশের প্রথম সাহিত্য সংকলন 'একুশে ফেব্রুয়ারি' সম্পাদনা করেন কে? *[বিভিন্ন মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯]*

উত্তর: হাসান হাফিজুর রহমান।

প্রশ্ন : 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা'-গানের রচয়িতা কে? *[১৫তম প্রভাষক নিবন্ধন (কলেজ/সমপর্যায় ২০১৯)]*

উত্তর: অতুল প্রসাদ সেন।

প্রশ্ন : ভাষা আন্দোলনের ভিত্তিতে রচিত উপন্যাস কোনটি? *[মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের অধীন অডিটর ২০১৪]*


মাহবুব উল আলম চৌধুরী

উত্তর: আরেক ফাল্গুন।

প্রশ্ন : একুশের প্রথম উপন্যাস আরেক ফাল্গুনের রচয়িতা কে?

উত্তর: জহির রায়হান।

প্রশ্ন : ২১ ফেব্রুয়ারিকে নিয়ে রচিত প্রথম কবিতার কবি কে? *[চবি 'বি১' ইউনিট (কলা ও মানবিক) ২০১৬-১৭]*

উত্তর: মাহবুব উল আলম চৌধুরী।

প্রশ্ন : 'অমর একুশে' শীর্ষক কবিতার কবির নাম কী? *[জবি ঘ ইউনিট ২০০৯-১০]*

উত্তর: হাসান হাফিজুর রহমান।

প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি...' গানটির বর্তমান সুরকার কে?

উত্তর: আলতাফ মাহমুদ ।

প্রশ্ন : 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি...' গানটির কণ্ঠশিল্পী কে?

উত্তর: সমবেত কণ্ঠ (প্রথম কণ্ঠশিল্পী আবদুল লতিফ)।

প্রশ্ন : 'কবর' নাটকটি প্রথম মঞ্চস্থ হয় কবে, কোথায়?

উত্তর: ২১ ফেব্রুয়ারি ১৯৫৩; ঢাকা কেন্দ্রীয় কারাগারে।

প্রশ্ন : 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা'– গানের রচয়িতা কে?

উত্তর: অতুল প্রসাদ সেন।

শহীদ স্মৃতিস্তম্ভ | ঢাকা মেডিকেল কলেজের ছাত্ররা ২৩ ফেব্রুয়ারি ১৯৫২ রাতে শহিদ মিনার তৈরি করে তাতে হাতে লেখা কাগজে এ নামটি গেঁথে দিয়েছিল।

প্রশ্ন : ভাষা আন্দোলন নিয়ে নির্মিত চলচ্চিত্র কী কী?
উত্তর: জীবন থেকে নেয়া, বাঙলা ও ফাগুন হাওয়ায়।
প্রশ্ন : ভাষা আন্দোলনের প্রথম গান 'শোনেন হুজুর, বাঘের জাত এই বাঙালেরা'-এর রচয়িতা কে?
উত্তর: অধ্যাপক আনিসুল হক চৌধুরী।
প্রশ্ন : ১৯৫৩ সালে শহিদ দিবসের প্রথম প্রভাতফেরিতে কোন গানটি গাওয়া হয়?
উত্তর: মৃত্যুকে যারা তুচ্ছ করিল ভাষা বাঁচাবার তরে (রচয়িতা মোশাররফ হোসেন)।
প্রশ্ন : একুশের প্রথম গান 'ভুলব না, ভুলব না একুশে ফেব্রুয়ারি ভুলব না'-এর রচয়িতা কে?
উত্তর: ভাষা সৈনিক আ ন ম গাজীউল হক।
প্রশ্ন : ২৪ ফেব্রুয়ারি ১৯৫২ শহিদ মিনার ধ্বংসের প্রতিবাদে রচিত প্রথম কবিতা 'স্মৃতিস্তম্ভ'-এর রচয়িতা কে?
উত্তর: কবি আলাউদ্দিন আল আজাদ।
প্রশ্ন : 'কুমড়ো ফুলে ফুলে নুয়ে পড়েছে লতাটা খোকা তুই কবে আসবি'– অপেক্ষমাণ মায়ের আকুতিপূর্ণ এই পঙ্‌ক্তির রচয়িতা কে?
উত্তর: আবু জাফর ওবায়দুল্লাহ।

স্থাপত্য ও ভাস্কর্য

প্রশ্ন : কেন্দ্রীয় শহীদ মিনার প্রথম কোন তারিখে নির্মিত হয়? *[বাংলাদেশ কোস্ট গার্ড ও কৃষি প্রশিক্ষণ একাডেমির নার্স এবং ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্স-এর ফোরম্যান ২০১৯]*
উত্তর: ২৩ ফেব্রুয়ারি ১৯৫২।
প্রশ্ন : বাংলাদেশের বাইরে প্রথম শহীদ মিনার স্থাপিত হয় কোন দেশে? *[কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (CGDF)-এর কার্যালয়ের জুনিয়র অডিটর ২০১৯]*
উত্তর: যুক্তরাজ্যে (উদ্বোধন ৫ অক্টোবর ১৯৯৭)।
প্রশ্ন : কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে? *[সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১৬; রাবি 'আই' ইউনিট ২০১৬-১৭]*


হামিদুর রহমান

উত্তর: হামিদুর রহমান।
প্রশ্ন : বাংলা একাডেমির প্রাক্তন নাম কী? *[রাবি 'এ' ইউনিট (বিজোড়) ২০১৬-১৭]*
উত্তর: বর্ধমান হাউস।
প্রশ্ন : ভাষা আন্দোলনের ফলে কোন প্রতিষ্ঠানটি সৃষ্টি হয়? *[জবি এ ইউনিট ২০১২-১৩; জবি খ ইউনিট ২০০৯-১০]*
উত্তর: বাংলা একাডেমি।
প্রশ্ন : সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের কোথায় স্থায়ী শহীদ মিনার নির্মাণ করা হচ্ছে? *[রাবি ইউনিট ই-৫ (ভাষা বিভাগ) ২০১২-১৩]*
উত্তর: নিউইয়র্কে।
প্রশ্ন : ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে প্রথম শহিদ মিনার নির্মাণ করা হয় কবে?
উত্তর: ২৩ ফেব্রুয়ারি ১৯৫২।
প্রশ্ন : বাংলাদেশের বাইরে সরকারি অর্থায়নে প্রথম শহিদ মিনার নির্মিত হয় কোথায়?
উত্তর: টোকিও, জাপান; উদ্বোধন ১৬ জুলাই, ২০০৬।
প্রশ্ন : মধ্যপ্রাচ্যের কোন দেশে প্রথম শহিদ মিনার নির্মিত হয়?
উত্তর: ওমান, উদ্বোধন ২০০৫ সালে।
প্রশ্ন : জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্মিত 'স্মৃতির মিনার'-এর স্থপতি কে?
উত্তর: হামিদুজ্জামান খান।
প্রশ্ন : '৫২-এর ভাষা আন্দোলনের শহিদদের স্মরণে কবে প্রথম শহিদ মিনার অনানুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়?



উত্তর: ২৩ ফেব্রুয়ারি ১৯৫২; উচ্চতা ১০.৫ ফুট। এর নকশাকার বদরুল আলম।
প্রশ্ন : প্রথম তৈরি 'শহিদ মিনার' উন্মোচন করেন কে?
উত্তর: শহিদ শফিউর রহমানের পিতা মাহবুবুর রহমান।
প্রশ্ন : প্রথম শহিদ মিনার পুলিশ ভেঙে দেয় কবে?
উত্তর: ২৪ ফেব্রুয়ারি ১৯৫২। *[সূত্র : বাংলাদেশ ও প্রাচীন বিশ্বসভ্যতার ইতিহাস, পৃষ্ঠা ১০৮]*
প্রশ্ন : কেন্দ্রীয় শহিদ মিনারের অবস্থান কোথায়?
উত্তর: ঢাকা মেডিকেল কলেজ প্রাঙ্গণ।
প্রশ্ন : কেন্দ্রীয় শহিদ মিনারের উদ্বোধন করা হয় কবে?
উত্তর: ২১ ফেব্রুয়ারি ১৯৬৩।
প্রশ্ন : কেন্দ্রীয় শহিদ মিনারের উদ্বোধক কে?
উত্তর: হাসিনা বেগম (আবুল বরকতের মাতা)।
প্রশ্ন : দেশের সর্বোচ্চ শহিদ মিনারের অবস্থান কোথায়?
উত্তর: জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
প্রশ্ন : দেশের সর্বোচ্চ শহিদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন কবে?
উত্তর: ৬ নভেম্বর ২০০৪।
প্রশ্ন : দেশের সর্বোচ্চ এ শহিদ মিনারের স্থপতি কে?
উত্তর: রবিউল হুসাইন।
প্রশ্ন : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (IMLI)-এর অবস্থান কোথায়?
উত্তর: সেগুনবাগিচা, ঢাকা।
প্রশ্ন : IMLI'র ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয় কবে?
উত্তর: ১৫ মার্চ ২০০১ (উদ্বোধন: ২১ ফেব্রুয়ারি ২০১০)।
প্রশ্ন : IMLI'র ভিত্তিপ্রস্তর স্থাপন করেন কে?
উত্তর: তৎকালীন ও বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
প্রশ্ন : IMLI'র ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কে?
উত্তর: জাতিসংঘের তৎকালীন মহাসচিব কফি আনান।

প্রশ্নোত্তরে বইমেলা

প্রশ্ন : 'বইমেলা' শব্দটির সাথে কী জড়িয়ে আছে?
উত্তর: বাঙালির প্রাণের আবেগ।
প্রশ্ন : কত শতকে জোহানস গুটেনবার্গ ছাপাখানার সূচনা করেন?
উত্তর: খ্রিষ্টীয় পনেরো শতকে।
প্রশ্ন : বাংলাদেশে বইমেলার চিন্তাটি প্রথমে কার মাথায় আসে?
উত্তর: কথাসাহিত্যিক ও জাতীয় গ্রন্থকেন্দ্রের সাবেক পরিচালক সরদার জয়েন উদ্দীনের।
প্রশ্ন : সরদার জয়েন উদ্দীন কোন সময়কালে গ্রন্থকেন্দ্রের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন?
উত্তর: ০১ জুলাই ১৯৭২-২৬ ফেব্রুয়ারি ১৯৭৮।
প্রশ্ন : সেন্ট্রাল পাবলিক লাইব্রেরিতে (বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরি) সর্বপ্রথম শিশু গ্রন্থমেলার আয়োজন করা হয় কবে?
উত্তর: ১৯৬৫ সালে।



প্রশ্ন : নারায়ণগঞ্জ ক্লাবের সহযোগিতায় নারায়ণগঞ্জে গ্রন্থমেলার আয়োজন করা হয় কবে?
উত্তর: ১৯৭০ সালে।
প্রশ্ন : ইউনেস্কো কোন সালকে 'আন্তর্জাতিক গ্রন্থবর্ষ' হিসেবে ঘোষণা করে?
উত্তর: ১৯৭২ সাল।
প্রশ্ন : আন্তর্জাতিক গ্রন্থবর্ষ উপলক্ষে সরদার জয়েন উদ্দীন বাংলা একাডেমি প্রাঙ্গণে একটি আন্তর্জাতিক গ্রন্থমেলার আয়োজন করেন কবে?
উত্তর: ১৯৭২ সালের ডিসেম্বর মাসে।
প্রশ্ন : প্রথম কবে বাংলা একাডেমির উদ্যোগে জাতীয় সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয়?
উত্তর: ১৪ ফেব্রুয়ারি ১৯৭৪।
প্রশ্ন : বাংলা একাডেমির উদ্যোগে জাতীয় সাহিত্য সম্মেলন উদ্বোধন করেন কে?
উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
প্রশ্ন : বাংলা একাডেমি কর্তৃপক্ষ 'একুশে গ্রন্থমেলা'র মেয়াদ কমিয়ে ২১ দিনের পরিবর্তে ১৪ দিন করে কবে?
উত্তর: ১৯৮১ সালে।
প্রশ্ন : 'একুশে গ্রন্থমেলা'র মেয়াদ পুনরায় ২১ দিন করা হয় কবে?
উত্তর: ১৯৮২ সালে।
প্রশ্ন : বইমেলার আয়োজন করা সম্ভব হয়নি কোন সালে?
উত্তর: ১৯৮৩ সালে।
প্রশ্ন : 'একুশে গ্রন্থমেলা'র পরিবর্তে 'অমর একুশে গ্রন্থমেলা' নামকরণ কার্যকর হয় কবে?
উত্তর: ১৯৮৪ সালে।

বিবিধ

প্রশ্ন : ১৯৫২ সালে তৎকালীন ভাষা আন্দোলন কিসের জন্ম দিয়েছিল? *[১৪তম বিসিএস]*
উত্তর: এক নতুন জাতীয় চেতনার।
প্রশ্ন : ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে তৎকালীন পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন? *[১৩তম বিসিএস; প্রাথমিক সহকারী শিক্ষক ২০১০ (কপোতাক্ষ)।]*
উত্তর: খাজা নাজিমুদ্দীন।
প্রশ্ন : '৫২-এর ভাষা আন্দোলনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর কে ছিলেন? *[সিনিয়র স্টাফ নার্স ২০১৮]*
উত্তর: ড. সৈয়দ মোয়াজ্জেম হোসেন।
প্রশ্ন : ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা সাল কত ছিল? *[NSI সহকারী পরিচালক ২০১৫]*
উত্তর: ১৩৫৮ সাল।
প্রশ্ন : ১৯৫২ সাল বাংলাদেশের ইতিহাসে যে জন্য বিখ্যাত– *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ২০১৪(স্কুল/সমপর্যায়-২)]*
উত্তর: ভাষা আন্দোলন।
প্রশ্ন : ২১ ফেব্রুয়ারি ১৯৫২ কী বার ছিল?
উত্তর: বৃহস্পতিবার।
প্রশ্ন : ২১ ফেব্রুয়ারি ১৯৫২ বাংলা সনের কত তারিখ ছিল?
উত্তর: ৮ ফাল্গুন ১৩৫৮।
প্রশ্ন : বাংলা ভাষা প্রচলন আইন জাতীয় সংসদে কবে পাস হয়?
উত্তর: ২৬ ফেব্রুয়ারি ১৯৮৭ (কার্যকর ৮ মার্চ ১৯৮৭)।

ভাষা আন্দোলনের সময়...	
পাকিস্তানের গভর্নর জেনারেল	মালিক গোলাম মুহাম্মদ
পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী	নুরুল আমিন
পূর্ব বাংলার গভর্নর	মালিক মোহাম্মদ ফিরোজ খান নুন
পাকিস্তানের প্রধানমন্ত্রী	স্যার খাজা নাজিমুদ্দীন
ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর	ড. সৈয়দ মোয়াজ্জেম হোসেন

একুশের প্রথম...		
বিষয়	**শিরোনাম**	**রচয়িতা**
গান	ভুলবে না, ভুলব না	আ ন ম গাজীউল হক
প্রভাতফেরির গান	মৃত্যুকে যারা তুচ্ছ করিল	মোশারফ উদ্দিন আহমদ
কবিতা	কাঁদতে আসিনি	মাহবুব উল আলম চৌধুরী
নাটক	কবর	মুনীর চৌধুরী
সংকলন	একুশে ফেব্রুয়ারী	হাসান হাফিজুর রহমান
উপন্যাস	আরেক ফাল্গুন	জহির রায়হান

গুয়াদালাজারা আন্তর্জাতিক বইমেলা | মেক্সিকোতে অনুষ্ঠিত বিশ্বের দ্বিতীয় বৃহত্তম বইমেলা। প্রতি বছর নভেম্বরের শেষ সপ্তাহে শুরু হয় এ মেলা।



অমর একুশে বইমেলা

অমর একুশে বইমেলা বাঙালির প্রাণের মেলা। প্রতিবছর লেখক-কবি-সাহিত্যিক-সাংবাদিক-সংস্কৃতিকর্মীসহ সর্বস্তরের পাঠকের পদচারণায় মুখরিত হয়ে ওঠে বইমেলা প্রাঙ্গণ। লাখো বইয়ের সমারোহ, লেখক-পাঠকের সেতুবন্ধ রচনা আর ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে বই ও সাহিত্য-সংস্কৃতির প্রতি ভালোবাসা তৈরিতে 'অমর একুশে বইমেলা'র গুরুত্ব অপরিসীম। অমর একুশে বইমেলা বাঙালি সংস্কৃতির এক অবিচ্ছেদ্য অংশ।

বিশ্বে বইমেলার উৎপত্তি

১৪৫৪ সালে জোহানেস গুটেনবার্গের মুদ্রণযন্ত্র বা প্রিন্টিং প্রেস আবিষ্কারের পর জার্মানির ফ্রাঙ্কফুর্টে ১৪৬২ সালে বইমেলার সূচনা হয়। এরপর জার্মানির লিপজিগ শহরে এবং ১৭ শতকের পর বিশ্বজুড়ে বিভিন্ন দেশে বইমেলা শুরু হয়। বর্তমানে সবচেয়ে জনপ্রিয় বইমেলাগুলো হলো ফ্রাঙ্কফুর্ট বইমেলা, বুকএক্সপো আমেরিকা, লন্ডন বইমেলা, গুয়াদালাজারা বইমেলা, বেইজিং বইমেলা, নয়াদিল্লি বিশ্ব বইমেলা, কলকাতা বইমেলা ইত্যাদি।

বাংলাদেশে বইমেলার সূচনা


বাংলাদেশে (তৎকালীন পূর্ব পাকিস্তান) প্রথম বইমেলা শুরু হয় ১৯৬৫ সালে। আর এ বইমেলা আয়োজনের উদ্যোগ নেন কথাসাহিত্যিক ও জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক সরদার জয়েনউদ্দীন। ১৯৬২ সালে তিনি বাংলা একাডেমির সহকারী প্রকাশনা কর্মকর্তা হিসেবে চাকরিতে যোগ দেন। বাংলা একাডেমিতে থাকাকালীন একটি বিদেশি বই পড়তে গিয়ে হঠাৎ Book Fair শব্দটি দেখে তিনি পুলকিত হন। এ ভাবনা থেকে ১৯৬৫ সালে তিনি তৎকালীন সেন্ট্রাল পাবলিক লাইব্রেরিতে (বর্তমান ঢাবি লাইব্রেরি) একটি শিশু গ্রন্থমেলার আয়োজন করেন। এরপর ১৯৭০ সালে আরও বড় পরিসরে তিনি নারায়ণগঞ্জে একটি গ্রন্থমেলার আয়োজন করেন। ১ জুলাই ১৯৭২ তিনি জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক পদে নিয়োগ পান।

অমর একুশে বইমেলার ইতিহাস

জাতিসংঘ সংস্কৃতি সংস্থা ইউনেস্কো ১৯৭২ সালকে 'আন্তর্জাতিক গ্রন্থবর্ষ' ঘোষণা করে। সরদার জয়েনউদ্দীন তখন জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক। আন্তর্জাতিক গ্রন্থবর্ষ উপলক্ষ্যে ১৯৭২ সালের ২০-২৫ ডিসেম্বর তিনি বাংলা একাডেমি প্রাঙ্গণে একটি আন্তর্জাতিক গ্রন্থমেলার আয়োজন করেন। তখন থেকেই বাংলা একাডেমিতে আনুষ্ঠানিক বইমেলার সূচনা। একাডেমি প্রাঙ্গণে আনুষ্ঠানিক বইমেলার সূচনার আগে ১৯৭২ সালের ফেব্রুয়ারি মাসে একাডেমির দেয়ালের বাইরে স্ট্যান্ডার্ড পাবলিশার্সের রুহুল আমিন নিজামী সোভিয়েত ইউনিয়নের কিছু বই নিয়ে বসেন। তার দেখাদেখি মুক্তধারার চিত্তরঞ্জন সাহা এবং বর্ণমিছিলের তাজুল ইসলামও তাদের বই নিয়ে বসে যান। ১৪ ফেব্রুয়ারি ১৯৭৪ বাংলা একাডেমির উদ্যোগে জাতীয় সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয়। এই মেলায় স্ট্যান্ডার্ড, মুক্তধারা ও বর্ণমিছিলসহ সাত-আটটি প্রকাশনা সংস্থা একাডেমির দেয়ালঘেঁষে বই সাজিয়ে বসেন। ১৯৭৫ সালে বাংলা একাডেমি প্রাঙ্গণে প্রকাশকদের জন্য স্থান নির্দিষ্ট করে দেওয়া হয়। ১৯৭৮ সালে একাডেমির মহাপরিচালক আশরাফ সিদ্দিকীর উদ্যোগে বাংলা একাডেমিকে মেলার সঙ্গে সম্পৃক্ত করা হয়। ১৯৭৯ সালে মেলার সঙ্গে যুক্ত হয় বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি। তখন অমর একুশে উপলক্ষ্যে ৭-২৮ ফেব্রুয়ারি পর্যন্ত মোট ২১ দিন বইমেলা অনুষ্ঠিত হতো এবং বইমেলার নামকরণ করা হয় 'একুশে গ্রন্থমেলা'। ১৯৮১ সালে 'একুশে গ্রন্থমেলা'র মেয়াদ কমিয়ে ২১ দিনের পরিবর্তে ১৪ দিন করা হয়। ১৯৮২ সালে মেয়াদ পুনরায় ২১ দিন করা হয়। ১৯৮৩ সাল থেকে এ মেলার নতুন নামকরণ করা হয় 'অমর একুশে গ্রন্থমেলা'। ১৯৮৪ সাল থেকে ফেব্রুয়ারি মাসজুড়ে এ মেলা অনুষ্ঠিত হয়ে আসছে।



বিশ্বজুড়ে



নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডার পদত্যাগ

১৯ জানুয়ারি ২০২৩ আকস্মিকভাবে পদত্যাগের ঘোষণা দেন সবচেয়ে কম বয়সে প্রধানমন্ত্রী হয়ে বিশ্বব্যাপী আলোচিত হওয়া নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিন্ডা আরডার্ন। নতুন মুখ হিসেবে ২৬ অক্টোবর ২০১৭ জেসিন্ডা নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী হন। তখন তার বয়স ছিল মাত্র ৩৭ বছর। ১৮৫৬ সালের পর তিনি সবচেয়ে কম বয়সে দেশটির প্রধানমন্ত্রী হন। এমনকি তিনি তখন বিশ্বের সবচেয়ে কমবয়সী নারী সরকারপ্রধান হওয়ারও নজির গড়েন।

প্রগতিশীল রাজনীতির বৈশ্বিক 'আইকন'

প্রধানমন্ত্রী থাকাকালে ২০১৮ সালে মেয়েশিশুর জন্ম দিয়ে আলোচনায় আসেন জেসিন্ডা আরডার্ন। শিশু কোলে নিয়ে তিনি জাতিসংঘের অধিবেশনে যোগ দিয়েছিলেন। পাকিস্তানের বেনজির ভুট্টোর পর জেসিন্ডা বিশ্বের দ্বিতীয় নারী প্রধানমন্ত্রী, যিনি সরকারপ্রধানের পদে থাকা অবস্থায় সন্তান জন্ম দেন। ১৫ মার্চ ২০১৯ নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চ শহরের দুটি মসজিদে মুসল্লিদের ওপর এক বন্দুকধারী নির্বিচারে গুলি চালালে ৫১ জন নিহত হন। আহত হন ৪০ জন। এই হামলা পুরো নিউজিল্যান্ডকে বদলে দেয়। জেসিন্ডা শক্ত হাতে পরিস্থিতি সামাল দেন। ক্রাইস্টচার্চে হামলার পরবর্তী সময়ে বলিষ্ঠ ভূমিকা দেশে-বিদেশি জেসিন্ডার জনপ্রিয়তা বাড়িয়ে দেয়। একই সঙ্গে আগ্নেয়গিরির প্রাণঘাতী উদ্গীরণ ও করোনা মহামারির চ্যালেঞ্জ মোকাবেলায় সফল ব্যবস্থাপনার জন্য তিনি প্রশংসিত হন।



এসব কারণে ২০২০ সালে প্রধানমন্ত্রী পদে পুনর্নির্বাচিত হন তিনি। চ্যালেঞ্জ মোকাবেলায় বলিষ্ঠ ভূমিকা রাখায় এবং সৌহার্দ্য ও সম্প্রীতির বার্তাবাহক হিসেবে জেসিন্ডা পরিণত হন প্রগতিশীল রাজনীতির বৈশ্বিক 'মূর্ত প্রতীক' বা 'আইকন'-এ।

জেসিন্ডার উত্তরসূরি

জেসিন্ডা আরডার্নের পদত্যাগের পর নিউজিল্যান্ডের নতুন প্রধানমন্ত্রী হন ৪৪ বছর বয়সী ক্রিস হিপকিন্স। ২৫ জানুয়ারি ২০২৩ তিনি প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। মহামারি করোনা মোকাবিলার জন্য 'চিপ্পি' নামে পরিচিত হিপকিন্সের দেশব্যাপী বেশ সুনাম রয়েছে।

ইরানের IRGC সন্ত্রাসী সংগঠন

১৯ জানুয়ারি ২০২৩ ইরানের ইসলামিক রেভ্যুলুশনারি গার্ড কর্পসকে (IRGC) সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। ইউরোপীয় পার্লামেন্টে ব্যাপক সংখ্যাগরিষ্ঠতার সঙ্গে এ প্রস্তাব পাস হয়। এছাড়া বাসিজ ও কুদস ফোর্সকেও সন্ত্রাসী সংগঠন হিসেবে চিহ্নিত করে জোটটি।

ইস্তানবুলে রামি লাইব্রেরির উদ্বোধন

২৫০ বছরের ইতিহাস সমৃদ্ধ অটোমান সাম্রাজ্যের সৈনিকদের ব্যবহৃত ইস্তানবুলের রামি ব্যারাককে পুনঃসংস্কারের পর 'রামি লাইব্রেরি'তে রূপান্তর করা হয়েছে। এটি তুরস্ক, ইউরোপ এবং বিশ্বের বৃহত্তম গ্রন্থাগারগুলোর মধ্যে একটি। জানুয়ারি ২০২৩ লাইব্রেরিটি উদ্বোধন করা হয়। ৩৬,০০০ বর্গমিটার (লাইব্রেরির ভেতরের স্থান) এবং এর ল্যান্ডস্কেপ ৫১,০০০ বর্গমিটার (লাইব্রেরির বাইরের স্থানসহ), অন্যান্য সংযোজনসহ প্রায় ১,১০,০০০ বর্গমিটার এলাকার মধ্যে এটি করা হয়েছে। লাইব্রেরিতে দুই মিলিয়ন বা ২০ লাখেরও বেশি বই এবং ৪,২০০ জনের আসন রয়েছে।



হিবালিন মসজিদ | তিব্বতের রাজধানী লাসায় অবস্থিত পৃথিবীর সবচেয়ে উঁচুতে অবস্থিত মসজিদ। Great Mosque of Lasa নামে পরিচিত মসজিদটি সমুদ্র পৃষ্ঠ থেকে ৩,৬৫০ মিটার উঁচুতে অবস্থিত।

মুসলিম বিশ্ব

নোয়াকচোট মুসলিম বিশ্বের সাংস্কৃতিক রাজধানী

মুসলিম বিশ্বের ঐতিহ্যবাহী স্থান ও সাংস্কৃতিক উপাদানগুলো সংরক্ষণ ও মূল্যায়ন করতে ইসলামিক ওয়ার্ল্ড এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশনের (ICESCO) প্রতিবছর সাংস্কৃতিক রাজধানী ঘোষণা দিয়ে থাকে। এর মাধ্যমে বছরজুড়ে বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রমে সংস্থার পক্ষ থেকে ঐ স্থানটিকে সহায়তা দেওয়া হয়। ২০২৩ সালের জন্য আফ্রিকার দেশ মৌরিতানিয়ার নোয়াকচোট শহরকে মুসলিম বিশ্বের সাংস্কৃতিক শহর নির্বাচন করা হয়। ৬ জানুয়ারি ২০২৩ এ উপলক্ষ্যে শহরের কনফারেন্স প্যালেসে অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক উৎসব। এতে প্রাচীন পাণ্ডুলিপি ক্যালিগ্রাফি ও তালিকাভুক্ত ইসলামী ঐতিহ্যের প্রদর্শন করা হয়।

সর্ববৃহৎ ইসলামী অর্থনীতির দেশ

ইসলামী অর্থনীতি বিষয়ক গণমাধ্যম সালাম গেটওয়ের সঙ্গে যৌথভাবে ডিনার স্ট্যান্ডার্ড যৌথভাবে প্রতিবছর প্রকাশ করে থাকে State of the Global Economy Report। প্রতিবেদন তৈরিতে সহযোগিতা করে দুবাইয়ের অর্থনীতি ও পর্যটন বিভাগ। ২০২২ সালের প্রতিবেদনে নবমবারের মতো সর্ববৃহৎ ইসলামী অর্থনীতির দেশ হিসেবে স্বীকৃতি লাভ করে মালয়েশিয়া। পরের স্থানগুলোতে আছে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও ইন্দোনেশিয়া।

বিশ্বের প্রথম থ্রিডি প্রিন্ট মসজিদ

বিশ্বের প্রথম থ্রিডি প্রিন্ট মসজিদ বানাতে যাচ্ছে সংযুক্ত আরব আমিরাতের দুবাই। অক্টোবর ২০২৩ মসজিদটির নির্মাণকাজ শুরু হবে। মাত্র তিনজন কর্মী ও একটি রোবট মিলে এই মসজিদটি তৈরি করবে। ২০২৫ সালে ২,০০০ বর্গমিটারের মসজিদটির নির্মাণকাজ শেষ হবে। মসজিদটিতে ৬০০ মুসল্লি এক সাথে নামাজ আদায় করতে পারবেন।



চীনে নতুন পররাষ্ট্রমন্ত্রী

৩০ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রে নিযুক্ত রাষ্ট্রদূত কিন গ্যাংকে নতুন পররাষ্ট্রমন্ত্রী হিসেবে নিয়োগ দেয় চীন। ৫৬ বছর বয়সী কিন স্থলাভিষিক্ত হন ওয়াং ই'র। চীনের উত্তর-পূর্বাঞ্চলীয় শহর তিয়ানজিনে জন্মগ্রহণ করেন কিন। তিনি 'নেকড়ে যোদ্ধা' উপাধি পেয়েছেন। পশ্চিমা শত্রু দেশগুলোর প্রতি কড়া প্রতিক্রিয়া জানানো চীনা কূটনীতিকদের এই উপনাম দেওয়া হয়।

ব্রাজিলে লুলার ক্ষমতা গ্রহণ

১ জানুয়ারি ২০২৩ তৃতীয়বারের মতো লাতিন আমেরিকার সবচেয়ে বড় অর্থনীতির দেশ ব্রাজিলের প্রেসিডেন্ট হিসেবে শপথ গ্রহণ করেন লুইজ ইনাসিও লুলা দা সিলভা। বিদায়ী প্রেসিডেন্ট নতুন প্রেসিডেন্টকে উত্তরীয় (স্যাশ) পরিয়ে বরণ করে নেন, এটাই ব্রাজিলে রেওয়াজ। কিন্তু এবার ব্যতিক্রম দেখা যায়। লুলার শপথের আগেই ৩০ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় পাড়ি জমান পূর্ববর্তী প্রেসিডেন্ট জইর বলসোনারো। ভোটের ফল মেনে নিলেও তিনি নিজ হাতে লুলাকে উত্তরীয় পরাবেন না বলে আগেই জানিয়ে দিয়েছিলেন। তাই লুলার এবারের শপথ ছিল ভিন্ন রকম। শুধু তাই নয়, সাবেক প্রেসিডেন্ট জইর বলসোনারোর উগ্র ডানপন্থি সমর্থকরা ৮ জানুয়ারি ২০২৩ দেশটিতে নজিরবিহীন দাঙ্গায় অংশগ্রহণ করে। তারা এক যোগে দেশটির কংগ্রেস ভবন, প্রেসিডেন্ট প্রাসাদ, সুপ্রিমকোর্টসহ বিভিন্ন সরকারি ভবনে তাণ্ডব চালায়।



শেনঝেনভুক্ত ক্রোয়েশিয়া নতুন মুদ্রা ইউরো

১ জানুয়ারি ২০২৩ মধ্যরাতে ক্রোয়েশিয়া নিজস্ব মুদ্রা কুনাকে বিদায় জানায়। এর মধ্য দিয়ে ইউরোজোনের একক মুদ্রা 'ইউরো' ব্যবহারকারী ২০তম দেশের স্বীকৃতি পায় ক্রোয়েশিয়া। অন্যদিকে পাসপোর্টমুক্ত শেনঝেন অঞ্চলের ২৭তম দেশ হয় ক্রোয়েশিয়া। শেনঝেন জোন হচ্ছে বিশ্বের বৃহত্তম একটি অঞ্চল, যেখানে ৪০ কোটিরও বেশি মানুষ সদস্য দেশগুলোতে অবাধে চলাফেরা করতে পারে।

মিশরে নতুন রাজকীয় সমাধি

মিশরের পর্যটন মন্ত্রণালয় ১৪ জানুয়ারি ২০২৩ লুক্সরের পশ্চিম তীরে একটি রাজকীয় সমাধি আবিষ্কারের ঘোষণা দেয়। দক্ষিণ মিশরের পশ্চিম তীরে ভ্যালি অব কিংস এবং কুইন্সে একটি খনন অভিযান পরিচালনা করার সময় সমাধিটি আবিষ্কার করেন একটি যৌথ মিশরীয়-ব্রিটিশ গবেষক দল। এটি প্রাচীন মিশরের ১৮তম রাজবংশের সময়কালের বলে অনুমান করা হচ্ছে, যেটি 'থুতমোসিদ রাজবংশ' নামে পরিচিত। এটি ১৫৫০/১৫৪৯ খ্রিষ্টপূর্বাব্দ থেকে ১২৯২ খ্রিষ্টপূর্বাব্দের মধ্যে বিস্তৃত ছিল।

SPARE
প্রিন্স হ্যারির আত্মজীবনী

১০ জানুয়ারি ২০২৩ প্রকাশিত হয় ব্রিটিশ প্রিন্স হ্যারির আত্মজীবনী SPARE। বইটির প্রকাশক পেঙ্গুইন র‍্যান্ডম হাউস। বইটি বিশ্বে ১৬টি ভাষায় ও অডিও বুক আকারে প্রকাশিত হয়। আত্মজীবনীতে প্রিন্স হ্যারি তার ব্যক্তিগত জীবন ও রাজপরিবারের নানা অজানা তথ্য তুলে ধরেন। প্রিন্স হ্যারি জানান, তার বয়স যখন ২০ ছিল তখন তিনি জানতে পারেন তার জন্মের পর বাবা (চার্লস) মাকে (প্রিন্সেস ডায়ানা) বলেছিলেন, 'তুমি আমাকে একজন উত্তরাধিকারী (প্রিন্স উইলিয়াম) দিয়েছ, আরেকজন বাড়তি (SPARE) উত্তরাধিকারী দিয়েছ।' তাকে SPARE হিসেবে উল্লেখ করায় নিজের বইয়ের নাম স্পেয়ার দিয়েছেন প্রিন্স হ্যারি। রাজ পরিবারের বিরুদ্ধে এই বইয়ে নানা অভিযোগ তুলেছেন প্রিন্স হ্যারি। শুধু তাই নয় ৪১৬ পৃষ্ঠার বইটিতে তুলে ধরেছেন তাৎপর্যপূর্ণ ও চমকপ্রদ তথ্য। নিজের স্মৃতিকথায় ব্রিটিশ রাজপরিবারের নানা কলহের বিস্ফোরক তথ্য প্রকাশের পাশাপাশি সামরিক বাহিনীর দায়িত্ব পালনকালে ২৫ আফগান নাগরিককে হত্যার কথা জানিয়েছেন ডিউক অব সাসেক্স। প্রিন্স হ্যারির বইয়ের নেপথ্য লেখক মার্কিন সাংবাদিক জে আর মোরিঙ্গার।




আসছে
ওরিয়েন্ট এক্সপ্রেস প্রমোদতরি

১৮৮৩ সালে বিশ্বের অন্যতম বিলাসবহুল ট্রেন হিসেবে যাত্রা শুরু হয়েছিল 'ওরিয়েন্ট এক্সপ্রেস'-এর। সেই ট্রেন নিয়েই রহস্যকাহিনির রানি হিসেবে পরিচিত আগাথা ক্রিস্টি ১৯৩৪ সালে লিখেছিলেন 'মার্ডার ইন দ্য ওরিয়েন্ট এক্সপ্রেস'। প্রথম বিলাসবহুল ট্রেনযাত্রার ১৪০ বছর পর এবার সমুদ্রে প্রমোদভ্রমণের সুযোগ দিতে যাচ্ছে কোম্পানিটি। প্রমোদতরিটির নাম দেওয়া হয় ওরিয়েন্ট এক্সপ্রেস সিলেন্সিজ। সম্প্রতি ফরাসি পর্যটন ব্যবসায়ী প্রতিষ্ঠান অ্যাকর জানায় ২০২৬ সালে যাত্রা শুরু করবে ওরিয়েন্ট এক্সপ্রেস সিলেন্সিজ। তখন ২২০ মিটার লম্বা জাহাজটি হবে বিশ্বের বৃহত্তম পালতোলা ইয়ট। ১২০ জন যাত্রীর থাকার ব্যবস্থা করা হবে এই ইয়টে। প্রায় ১৫০০ বর্গমিটার আয়তনের একটি প্রেসিডেনশিয়াল স্যুটসহ মোট ৫৪টি স্যুট থাকবে। আরো থাকবে দুটি সুইমিংপুল, দুটি রেস্তোরাঁ ও একটি পানশালা। তরলীকৃত প্রাকৃতিক গ্যাসচালিত ইঞ্জিনের পাশাপাশি বায়ুশক্তিতেও চলবে ইয়টটি। এতে বিশেষ অনুষ্ঠান আয়োজনের স্থানও থাকবে। থাকবে ব্যক্তিগত রেকর্ডিং স্টুডিও।

তীব্র জনতাত্ত্বিক সংকটে চীন

১৭ জানুয়ারি ২০২৩ চীন সরকার জানায়, ২০২২ সালে চীনে জন্মের চেয়ে মৃত্যু হয়েছে বেশি। চীনের জাতীয় পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, ২০২২ সালে চীনে জন্ম নিয়েছে ৯৫ লাখ ৬০ হাজার শিশু। এর বিপরীতে মারা গেছে ১ কোটি চার লাখ মানুষ। অর্থাৎ জন্মের চেয়ে বেশি মৃত্যু হয় ৮,৪০,০০০ মানুষের। ফলে চীনের জনসংখ্যা কমে দাঁড়ায় ১৪১ কোটি ১৭ লাখ ৫০ হাজার। তবে শুধু ২০২২ সালেই নয়, ৬ বছর ধরেই চীনে ব্যাপকভাবে কমছে জন্মহার। এতে দেশটি একটি জনসংখ্যাগত সংকটের দিকে যাচ্ছে। চলতি শতাব্দীতে কেবল চীন ও অর্থনীতির জন্যই নয়, বরং সারাবিশ্বের জন্য এটি বিরূপ প্রভাব ফেলবে। এবারের আগে সর্বশেষ চীনের জনসংখ্যা কমেছিল ১৯৬০ সালে। ঐ বছর চীনা নেতা মাও সে তুংয়ের ব্যর্থ অর্থনৈতিক নীতির কারণে ভয়াবহ দুর্ভিক্ষের কবলে পড়ে দেশটিতে বহু মানুষ মারা যায়। তবে এরপর আবারও বাড়তে থাকে জনসংখ্যা। কিন্তু অধিক জনসংখ্যার আশঙ্কায় তা নিয়ন্ত্রণে নামে চীন। একটি মাত্র সন্তান জন্ম দেওয়া যাবে উল্লেখ করে ১৯৭৯ সালে বিতর্কিত 'এক শিশু' নীতি গ্রহণ করে চীন। এতে বয়স্ক মানুষের সংখ্যা বেড়ে যাওয়ায় ফের নীতি পরিবর্তন করতে বাধ্য হয় বেইজিং। ২০১৬ সালে দুই সন্তানের অনুমতি দেওয়া হয়। পরে ২০২২ সালে চীনের পলিটব্যুরোতে জন্ম নিয়ন্ত্রণ সংক্রান্ত বিধিনিষেধ আরও কিছুটা শিথিল করার সিদ্ধান্ত নেওয়া হয়। জানানো হয়, এবার থেকে তিন সন্তানের জন্ম দেওয়ার অনুমতি পাবেন নাগরিকরা।



হাইলাইটস

- জন্মের চেয়ে মৃত্যুহার বেশি, ২০৩৫ সালে ৪০ কোটি মানুষ হবে ষাটোর্ধ্ব।
- জন্মহার কমে যাওয়ায় আঘাত আসবে অর্থনীতিতে।
- জীবনযাত্রার ব্যয় বাড়ায় সন্তান নিতে আগ্রহী নন দম্পতিরা।

অং সান সু চি



মিয়ানমারের গণতান্ত্রিক নেত্রী। তার নামের 'অং সান' এসেছে বাবার নাম থেকে, 'সু' দাদির এবং 'চি' নাম এসেছে মায়ের নাম থেকে।

ইসরাইলি সংবাদ

- তৃতীয় দফায় ইসরাইলের প্রধানমন্ত্রী হিসাবে ৩০ ডিসেম্বর ২০২২ শপথ গ্রহণ করেন বেঞ্জামিন নেতানিয়াহু। এর আগে ১৯৯৬-৯৯ সাল পর্যন্ত প্রথম মেয়াদে এবং ২০০৯-২১ সাল পর্যন্ত দ্বিতীয় মেয়াদে দেশটির প্রধানমন্ত্রী ছিলেন তিনি।
- ইসরায়েলের প্রধান বন্দর হাইফা কিনে নেয় ভারতীয় বহুজাতিক সংস্থা আদানি গ্রুপ। ১১৫ কোটি মার্কিন ডলারের বিনিময়ে ভূমধ্যসাগরের তীরে অবস্থিত এই বন্দরটির মালিকানা পায় তারা। ইসরায়েলের আমদানি-রপ্তানির প্রায় ৯৯ শতাংশই হয়ে থাকে দেশটির সমুদ্রবন্দরগুলোর মাধ্যমে। তাই অর্থনৈতিক প্রবৃদ্ধি বজায় রাখতে এগুলোর উন্নয়ন অপরিহার্য।
- কয়েক দশক ধরে ফিলিস্তিনি ভূখণ্ড দখলে রেখেছে ইসরায়েল। বছরের পর বছর ফিলিস্তিনিদের বিরুদ্ধে অভিযান, গ্রেপ্তার, হত্যাযজ্ঞসহ নানা অপরাধ অব্যাহত রেখেছে দেশটি। ইসরাইলে এই বিতর্কিত কর্মকাণ্ডের আইনি পরিণতি কী হতে পারে, সে বিষয়ে আন্তর্জাতিক বিচার আদালতের (ICJ) মতামত জানতে জাতিসংঘে একটি প্রস্তাব উত্থাপন করা হয়।



৩১ ডিসেম্বর ২০২২ প্রস্তাবটি সংখ্যাগরিষ্ঠ দেশের সমর্থনে পাস হয়। প্রস্তাবের পক্ষে বাংলাদেশসহ বিশ্বের ৮৭টি দেশ ভোট দেয়। বিপক্ষে ভোট দেয় ২৬টি দেশ। ভোট দেওয়া থেকে বিরত ছিল ৫৩টি দেশ। রাশিয়া ও চীন প্রস্তাবের পক্ষে ভোট দেয়। অপরদিকে ইসরাইল, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও জার্মানি প্রস্তাবের বিরুদ্ধে অবস্থান নেয়।
- ৫ জানুয়ারি ২০২৩ ইসরাইলের কারাগারে সবচেয়ে দীর্ঘ সময় বন্দি থাকা ফিলিস্তিনি অধিকার আন্দোলনের নেতা করিম ইউনুস মুক্তি লাভ করেন। তেলআবিবের হাদারিম কারাগার থেকে ৪০ বছর পর মুক্তি পান তিনি। বর্তমানে তার বয়স ৬৬ বছর। তার বাড়ি ইসরাইলের অভ্যন্তরে ফিলিস্তিনি গ্রাম আরাতে। করিম ইউনুসকে ১৯৮৩ সালে ইসরাইল অধিকৃত সিরিয়ান গোলান মালভূমিতে এক ইসরাইলি সেনাকে হত্যার অভিযোগে গ্রেপ্তার করা হয়।

রেয়ার আর্থ ধাতুর বিশাল মজুদ

সুইডেনের কিরুনার পার গেইজার অঞ্চলের ভূগর্ভে ইউরোপের মধ্যে সবচেয়ে বড় 'রেয়ার আর্থ' ধাতুর খনির সন্ধান পাওয়া গেছে। দেশটির উত্তরে প্রত্যন্ত এলাকায় অবস্থিত ঐ খনি থেকে প্রায় ১০ লাখ টন ধাতু পাওয়া যেতে পারে বলে এ কাজে যুক্ত লুওসাভারাকিরুনাভারা কোম্পানি (LKAB) জানায়। মোবাইল ফোন থেকে ক্ষেপণাস্ত্র পর্যন্ত নানা কিছু তৈরিতে ব্যবহৃত হয় রেয়ার আর্থ হিসেবে পরিচিত বিভিন্ন ধাতু। নামে 'রেয়ার' অর্থাৎ বিরল হলেও এসব ধাতু পৃথিবীর পৃষ্ঠে সে অর্থে বিরল নয়। এক জায়গায় ঘন ও বড় মজুদ না থেকে বিস্তর এলাকাজুড়ে পাতলাভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকার কারণেই মূলত একে বিরল বলা হয়।

বৈদ্যুতিক গাড়ির ব্যাটারি ও বায়ুকলের টারবাইন তৈরিতে বিভিন্ন ধরনের রেয়ার আর্থ ধাতু ব্যাপকভাবে ব্যবহৃত হয়। বর্তমানে এর বাজার একচেটিয়াভাবে চীনের দখলে।

মিয়ানমার

সু চি'র ৩৩ বছরের কারাদণ্ড

মিয়ানমারে জান্তার হাতে বন্দি গণতান্ত্রিক নেত্রী অং সান সু চি'কে আরও সাত বছরের কারাদণ্ড দিয়েছে সামরিক আদালত। ৩০ ডিসেম্বর ২০২২ দুর্নীতির পাঁচটি অভিযোগে তাকে এ কারাদণ্ড দেওয়া হয়। এ নিয়ে সু চিকে বিভিন্ন মামলায় মোট ৩৩ বছর কারাদণ্ড দেওয়া হয়। সু চি'র নেতৃত্বাধীন NLD পার্টির ক্ষমতাসীন সরকারকে ১ ফেব্রুয়ারি ২০২১ উৎখাত করে মিয়ানমারের সেনাবাহিনী। এরপর সু চিসহ দলটির বেশিরভাগ নেতাকে আটক করে জান্তা সরকার। শান্তিতে নোবেলজয়ী নেত্রী সু চি'র বিরুদ্ধে দুর্নীতি, করোনাবিধি ভঙ্গসহ বিভিন্ন অভিযোগে ১৯টি মামলা দায়ের করা হয়। এসব মামলায় ১৮ মাস ধরে গোপন সামরিক আদালতে বিচারকার্য চালায় জান্তা কর্তৃপক্ষ। ৩০ ডিসেম্বর ২০২২ সর্বশেষ পাঁচটি মামলার রায় দেয় মিয়ানমারের সামরিক আদালত।

উইরাথুকে রাষ্ট্রীয় পুরস্কার প্রদান

রোহিঙ্গা মুসলিমদের বিরুদ্ধে ধর্মীয় বিদ্বেষ ছড়ানো বৌদ্ধ ভিক্ষু আশিন উইরাথুকে রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত করেছে মিয়ানমারের জান্তা সরকার। ৪ জানুয়ারি ২০২৩ দেশটির স্বাধীনতার ৭৫তম বার্ষিকীতে এক অনুষ্ঠানে তাকে 'থিরি প্যানচি' উপাধিতে ভূষিত করা হয়। দেশের জন্য অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে তার হাতে এ পুরস্কার তুলে দেন জান্তাপ্রধান মিন অং হ্লাইং।

আশিন উইরাথু '৯৬৯ মুভমেন্ট' নামের একটি উগ্রপন্থী সংগঠনের নেতা। ২০১৩ সালে বিশ্বখ্যাত টাইম ম্যাগাজিনের প্রচ্ছদে তার ছবি ছাপা হয়েছিল। ওই প্রচ্ছদে তাকে 'বৌদ্ধ সন্ত্রাসের মুখ' হিসেবে চিহ্নিত করা হয়। তিনি 'বৌদ্ধদের বিন লাদেন' নামে পরিচিত।

রুশ সংবাদ

- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আটলান্টিক ও ভারত মহাসাগরে হাইপারসনিক ক্ষেপণাস্ত্র-বিশিষ্ট যুদ্ধজাহাজ মোতায়েন করেন। ৪ জানুয়ারি ২০২৩ মোতায়েন করা হাইপারসনিক ক্ষেপণাস্ত্রবিশিষ্ট ওই রুশ যুদ্ধজাহাজের নাম *অ্যাডমিরাল গোর্শকভ*।
- নিযুক্তির মাত্র তিন মাসের মাথায় ইউক্রেন অভিযানের নেতৃত্বে থাকা রাশিয়ার শীর্ষ কমান্ডার সের্গেই সুরোভিকিনকে সরিয়ে দিয়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ঐ পদে নিয়োগ দেন সেনাবাহিনীর চিফ অব দ্য জেনারেল স্টাফ ভ্যালেরি গেরাসিমভকে। নৃশংস কৌশলের জন্য *জেনারেল আরমাগেডন* নামে পরিচিত সুরোভিকিন এখন থেকে তার ডেপুটি হিসেবে কাজ করবেন। জেনারেল গেরাসিমভ তার পদে ২০১২ সাল থেকে দায়িত্ব পালন করছিলেন।



যিশুর ব্যাপ্টিজমের ২০০০ বছর পূর্তি

খ্রিষ্টধর্মের এক গুরুত্বপূর্ণ আচার ব্যাপ্টিজম বা বাপ্তিস্ম। এই অনুষ্ঠানে নবদীক্ষিত বা শিশুদের সাময়িকভাবে পবিত্র পানিতে ডুবিয়ে বা পানি ছিটিয়ে খ্রিস্ট ধর্মে দীক্ষিত করার পাশাপাশি খ্রিষ্টান নামকরণ করা হয়। যিশুখ্রিষ্টের বাপ্তিস্মের কারণে খ্রিষ্ট ধর্মাবলম্বীদের কাছে মধ্যপ্রাচ্যের জর্ডান নদী এক বড় তীর্থস্থান। বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিবছর প্রায় দুই লাখ তীর্থযাত্রী যিশুখ্রিষ্টের পদাঙ্ক অনুসরণ করতে তাই জর্ডানে আসেন। ব্রিটিশ রাজপরিবারের নতুন সদস্যদের নামকরণের জন্য এখান থেকেই পানি নিয়ে যাওয়া হয়। বর্তমানে জর্ডানের আল মাগতাস নামের স্থানে এই জর্ডান নদীর অবস্থান। ইউনেসকোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থানের তালিকায় জায়গা পাওয়া আল মাগতাস মূলত বাইবেলে বর্ণিত একটি গ্রাম। ২০৩০ সালে যিশুর বাপ্তিস্মের ২,০০০ বছর পূর্ণ হবে।

বিশ্বের দীর্ঘতম নৌবিহারে গঙ্গাবিলাস



১৩ জানুয়ারি ২০২৩ ভারতের উত্তর প্রদেশের বারানসীতে প্রমোদতরী 'এমভি গঙ্গাবিলাস' উদ্বোধন করেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। প্রমোদতরীটি বারানসী থেকে যাত্রা শুরু করে আসামের ডিব্রুগড় পর্যন্ত ৩,২০০ কিলোমিটার পথ পাড়ি দেবে। বিশ্বের দীর্ঘতম এ নৌবিহারের যাত্রাপথে পড়বে বাংলাদেশের বিভিন্ন জেলার উপর দিয়ে যাওয়া নৌপথ। ৫১ দিনের যাত্রাপথে রয়েছে ভারত ও বাংলাদেশের মোট ২৭টি নদ-নদী। যাত্রাপথে এটি অতিক্রম করবে অন্তত ৫০টি ঐতিহাসিক ও স্থাপত্য তাৎপর্যময় স্থান।

গঙ্গাবিলাসের যাত্রাপথ

বারানসীর রামনগর বন্দরের সন্ত রামদাস ঘাট থেকে প্রমোদতরীটি যাত্রা শুরুর পর বিহারের গাজীপুর-বক্সার-ছাপরা-পাটনা-মুঙ্গের-বৌদ্ধগয়া-নালন্দা, ঝাড়খণ্ডের সাহিবগঞ্জ, পশ্চিমবঙ্গের ফারাক্কা-মুর্শিদাবাদ হয়ে কলকাতা। এরপর পশ্চিমবঙ্গের সুন্দরবন অংশের নামখানা-সজনেখালী হয়ে তা সুন্দরবনের বাংলাদেশ অংশে প্রবেশ। পরে মোংলা বন্দর-বাগেরহাট-মোরেলগঞ্জ-বরিশাল-সোনারগাঁ হয়ে ঢাকায়। এরপর আরিচা-টাঙ্গাইল-সিরাজগঞ্জ-চিলমারী হয়ে আসামের গৌহাটিতে। পরে মাজুলী আইল্যান্ড পৌঁছবে। ১ মার্চ ২০২৩ আসামের ডিব্রুগড়ে গিয়ে গঙ্গাবিলাসের যাত্রা শেষ হবে।

গঙ্গাবিলাসে ভ্রমণ ব্যয়

গঙ্গাবিলাসে একসাথে ৮০ জন পর্যটক ভ্রমণ করতে পারেন। উদ্বোধনী যাত্রায় রয়েছেন সুইজারল্যান্ডের ৩২ ও এক জন জার্মান পর্যটক। এছাড়া ক্রু রয়েছেন সাত জন। জাহাজে ভ্রমণে প্রতিদিন মাথাপিছু ভাড়া ২৫-৫০ হাজার রুপি। এ হিসেবে ৫১ দিনের ভ্রমণে ন্যূনতম খরচ ১২,৫০,০০০ রুপি, বাংলাদেশি মুদ্রায় যা প্রায় ১৬ লাখ টাকা।

প্রমোদতরী গঙ্গাবিলাস

- দৈর্ঘ্য ৬২.৫ মিটার
- প্রস্থ ১২.৮ মিটার

গঙ্গাবিলাসে ভ্রমণকারীদের জন্য রয়েছে ১৮টি স্যুইট এবং অন্যান্য সব রকম সুযোগ-সুবিধা। রয়েছে এলইডি টেলিভিশন, স্মোক ডিটেক্টর, লাইফ জ্যাকেট, ফ্রেঞ্চ ব্যালকনি, ৪০ আসনবিশিষ্ট রেস্তোরাঁ, স্পা, সানডেক ইত্যাদি। রয়েছে ময়লা পানি পরিশোধনের ব্যবস্থাও।

তিনতলা জাহাজটিকে সাজিয়ে তুলতে খরচ হয়েছে ৬৮ কোটি রুপি, বাংলাদেশি মুদ্রায় যা, ৮৬ কোটি ৯৫ লাখ টাকার বেশি।

প্যারট ফিশ | এ মাছের দাঁত থাকে দুই পাটি। এক পাটি থাকে ঠোঁটে, আরেক পাটি গলায়।

রেকর্ড বিশ্ব

সবচেয়ে বয়স্ক কুকুর

জীবিত সবচেয়ে বয়স্ক কুকুর হিসেবে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম লিখিয়েছে স্পাইক নামের একটি কুকুর। ৭ ডিসেম্বর ২০২২ স্পাইকের বয়স হয় ২৩ বছর ৭ দিন। প্রায় ৯ ইঞ্চি লম্বা আর ওজন ৬ কেজি থেকে সামান্য কম। আগের সবচেয়ে বয়স্ক কুকুর ছিল 'পেবলস'। ২০২২ সালের অক্টোবরে ২২ বছর বয়সে মারা যায় কুকুরটি।

দামি স্যান্ডউইচ

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের এক রেস্তোরাঁয় একটি স্যান্ডউইচের দাম ২২,০০০ টাকারও বেশি। এমন দামের জেরে এই স্যান্ডউইচটিকে বিশ্বের সব থেকে দামি স্যান্ডউইচ বলেও স্বীকৃতি দেওয়া হয়েছে। রেস্তোরাঁর তরফে এর পোশাকি নাম দেওয়া হয়েছে 'কুইন্টেসসেন্সিয়াল গ্রিলড চিজ স্যান্ডউইচ'।

বিশ্বের বৃহত্তম পিৎজা

৬৮,০০০ টুকরার বিশালাকার পিৎজা বানিয়েছে বহুজাতিক পিৎজা প্রস্তুতকারক প্রতিষ্ঠান Pizza Hut। ১৮ জানুয়ারি ২০২৩ তৈরি করা ১৩,৯৯০ বর্গফুটের দানবীয় এই পিৎজাই গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের তথ্যানুযায়ী বিশ্বের সবচেয়ে বৃহৎ পিৎজা। অতিকায় এই পিৎজা তৈরিতে লেগেছে ৬,১৯৩ কেজি ময়দা, প্রায় ৫,০০০ পাউন্ডের বেশি পনির ও ৬,৩০,০০০ টুকরা পেপারোনি।

সবচেয়ে দামি সাইকেল

হারলে ডেভিডসনের দখলে রয়েছে বিশ্বের সবচেয়ে দামি সাইকেল। আমেরিকান এ কোম্পানিটি সম্প্রতি একটি ইলেকট্রিক বাইক তৈরি করেছে, যা মাউন্টেন বাইক হিসাবে পরিচিতি পেয়েছে। তবে এ বাইকের দাম অত্যধিক। *রয়েল এনফিল্ড ব্যাশ/এমটিএন* মডেলের এ ইলেকট্রিক সাইকেলের দাম ৩৯৯৯ মার্কিন ডলার।

বিশ্বের সবচেয়ে বয়স্ক মানুষ

১৬ জানুয়ারি ২০২৩ মারা যান বিশ্বের সবচেয়ে বয়স্ক মানুষ ফরাসি সন্ন্যাসী লুসিল হান্দোঁ (১১৮)। ১৯০৪ সালে দক্ষিণ ফ্রান্সে তার জন্ম হয়েছিল। হান্দোঁর মৃত্যুর পর বর্তমানে বিশ্বে সবচেয়ে বয়স্ক মানুষ হলেন ১১৫ বছর বয়সী স্প্যানিশ নারী মারিয়া ব্রানিয়াস মোরেরা। তার জন্ম ৪ মার্চ ১৯০৭ সানফ্রান্সিসকোতে।



প্রযুক্তি বিশ্ব

পাম অয়েলের 'বিকল্প' উদ্ভাবন

পরিবেশ বাঁচাতে গবেষণাগারে পাম তেলের বিকল্প তৈরি করেছে মার্কিন প্রতিষ্ঠান সি১৬ বায়োসায়েন্স। ঈস্টের (ছত্রাক) কোষ থেকে তৈরি এই বিকল্পটির নাম 'পামলেস'। স্বাদ, বর্ণ ও গন্ধহীন পামলেস ব্যবহারে খাদ্যপণ্যের গন্ধ বা স্বাদের কোনো ঘাটতি হয় না। প্রাকৃতিক সংরক্ষণকারী হিসেবেও কাজ করে এটি। উচ্চ তাপমাত্রায়ও পামলেসের গুণাগুণ অক্ষুণ্ন থাকে। ফলে রান্নার জন্য এটি আদর্শ উপাদান।

চোখের ড্রপেই সমাধান

যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) সম্প্রতি একটি ড্রপের অনুমোদন দিয়েছে। এই ড্রপ পরার জন্য ব্যবহৃত চশমার বিকল্প হতে পারে। ডিউইটি নামক এ ড্রপ প্রেসবিওপিয়ার শিকার লোকদের ব্যবহারের জন্য অনুমোদন দেওয়া হয়। প্রেসবিওপিয়া চোখের নিকটবর্তী বস্তুগুলোতে স্বচ্ছভাবে দেখার জন্য ক্ষমতা হ্রাস করে। সাধারণত ৪০ বছর বয়সের পর এটি ঘটে থাকে। ডিউইটি চোখের মণিকে সঙ্কুচিত করে এর স্বচ্ছভাবে দেখার ক্ষমতা বাড়িয়ে দেয়।



বজ্রপাত থেকে রক্ষায় প্রযুক্তি

২৫০ বছরের বেশি সময় ধরে মানুষ বজ্রপাত ঠেকাতে ধাতব রডের ব্যবহার করে আসছে। ১৭৫২ সালে মার্কিন বিজ্ঞানী বেঞ্জামিন ফ্রাঙ্কলিন দেখান, ভবনে শুধু একটিমাত্র ধাতব রডের ব্যবহার কীভাবে বজ্রপাত থেকে সুরক্ষা দিতে সক্ষম। এখন পর্যন্ত এটিই বজ্রপাত ঠেকাতে বিশ্বব্যাপী অধিকতর প্রচলিত পন্থা। তবে প্রথমবারের মতো ইউরোপের বিজ্ঞানীরা দেখিয়েছেন, লেজার রশ্মির ব্যবহার করেও বজ্রপাত ঠেকানো সম্ভব। যেসব স্থানে ধাতব রড ব্যবহার করা সম্ভব নয়, সেখানে বজ্রপাতের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার ধারণা থেকেই লেজার প্রযুক্তির উদ্ভাবন। এ প্রযুক্তির মাধ্যমে শত শত ফুট ওপরে বজ্রপাতকে নিয়ন্ত্রণ করা সম্ভব।

রক্ত পরীক্ষায় আলঝেইমার শনাক্ত

সম্প্রতি আলঝেইমার রোগ শনাক্তে এক ধরনের রক্ত পরীক্ষার পদ্ধতি উদ্ভাবন করেছেন বিজ্ঞানীরা। এতে ব্যয়বহুল মস্তিষ্কের স্ক্যান বা কষ্টকর লাম্বার পাংচার পদ্ধতির ব্যবহার বন্ধ হতে পারে। যুক্তরাষ্ট্রের গবেষকেরা বলছেন, আলঝেইমার শনাক্তে এই পদ্ধতি অনুমোদন পেলে দ্রুত রোগটি শনাক্ত হবে। এতে দ্রুত চিকিৎসা শুরু করা সম্ভব হবে।




মার্কিন মুলুকে

বিতর্কিত 'অভিবাসন নীতি' বহাল

করোনাকালে জনস্বাস্থ্য বিবেচনায় 'টাইটেল ৪২' নামের একটি নীতি তৈরি করেছিলেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। 'টাইটেল ৪২' নামের বিতর্কিত এই নীতির মাধ্যমে মেক্সিকো সীমান্তে অপেক্ষমাণ হাজারো অভিবাসনপ্রত্যাশীকে ফেরত পাঠায় দেশটি, এমনকি আশ্রয় পাওয়ার যোগ্য লোকদেরও ফেরত পাঠানোর বৈধতা দেওয়া হয়। বিতর্কিত সেই নীতি বহাল রাখতে ২৭ ডিসেম্বর ২০২২ রুল জারি করেন যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট।

প্রতিনিধি পরিষদের নতুন স্পিকার



টানা পাঁচদিনের চরম উত্তেজনা ও ১৫ দফা ভোটাভুটির পর ৭ জানুয়ারি ২০২৩ মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার নির্বাচিত হন ৫৭ বছর বয়সী রিপাবলিকান নেতা কেভিন ম্যাকার্থি। নির্বাচিত হওয়ার পর তিনি এবং নতুন সদস্যরা শপথ গ্রহণ করেন। এর আগে ৩ জানুয়ারি ২০২৩ শুরু হওয়া দেশটির ১১৮তম কংগ্রেসে নিজ দলের বিদ্রোহী ও ভিন্নমতাবলম্বী প্রতিনিধিদের ভোট পেতে চরম বেগ পেতে হয় ম্যাকার্থিকে। ১৯২৩ সালের পর এবারই প্রথম মার্কিন প্রতিনিধি পরিষদ প্রথম রাউন্ডের ভোটে নেতা নির্বাচন করতে ব্যর্থ হয়।

কংগ্রেসের নিম্নকক্ষের নথিপত্রের তথ্যমতে, স্পিকার নির্বাচনে একাধিকবার ভোটাভুটির ঘটনা ঘটেছে কমপক্ষে ১৪ বার। এর মধ্যে ১৮৫৫ সালে স্পিকার নির্বাচনে রেকর্ড ১৩৩ বার ভোটাভুটি হয়েছিল, যা প্রায় দুই মাসব্যাপী চলছিল। ২০২৩ সালে প্রতিনিধি পরিষদের স্পিকার নির্বাচনের আগে ১৮৬০ সালে সবচেয়ে দীর্ঘ ভোটাভুটি হয়েছিল। ঐ সময় প্রতিনিধি পরিষদের স্পিকার নির্বাচনে ভোট হয়েছিল ৪৪ দফা।

সরকারি ডিভাইসে নিষিদ্ধ টিকটক

যুক্তরাষ্ট্রের পার্লামেন্টের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের সদস্যদের ব্যবহৃত সব ডিভাইসে চীনা ভিডিও অ্যাপ টিকটক নিষিদ্ধ করা হয়। ২৭ ডিসেম্বর ২০২২ প্রতিনিধি পরিষদের আইনপ্রণেতা ও কর্মীদের কাছে প্রধান প্রশাসনিক কর্মকর্তা (সিএও) এক বার্তায় সবাইকে এ তথ্য জানান। এতে বলা হয়, কিছুসংখ্যক নিরাপত্তা ইস্যুকে কেন্দ্র করে অ্যাপটিকে 'উচ্চ ঝুঁকিপূর্ণ' বলে বিবেচনা করা হচ্ছে। প্রতিনিধি পরিষদের সবগুলো ডিভাইস থেকে অ্যাপটি অবশ্যই মুছে ফেলতে হবে। এর আগে যুক্তরাষ্ট্রে ১৯টি অঙ্গরাজ্যের সরকারি ডিভাইসে টিকটক আংশিক বা পুরোপুরি নিষিদ্ধ করা হয়েছে।

মৌমাছির জন্য টিকা

মৌমাছির জন্য বিশ্বের প্রথম টিকার অনুমোদন দিয়েছে যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (USDA)। American Foulbrood নামের একটি রোগ থেকে মৌমাছির জীবন বাঁচাতে এই টিকা ব্যবহৃত হবে। Peanibacillus নামের এক ধরনের ব্যাকটেরিয়া দ্বারা সৃষ্ট একটি সংক্রমক রোগ। এতে মৌচাক দুর্বল হয়ে পড়ে এবং মৌমাছি মারা যায়। বর্তমানে এ রোগের কোনো চিকিৎসা নেই। যুক্তরাষ্ট্রে মৌচাষিরা মৌচাকে এ ধরনের সংক্রমণ দেখলেই আগুন দিয়ে পুড়িয়ে দেন এবং অ্যান্টিবায়োটিক ব্যবহার করে থাকেন। আমেরিকান ফাউলব্রুড রোগটি যুক্তরাষ্ট্রে উৎপত্তি হলেও এখন বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে।


রেকর্ড বাজেটে বাইডেনের স্বাক্ষর

২৯ ডিসেম্বর ২০২২ রেকর্ড ১.৭ ট্রিলিয়ন বা ১,৭০,০০০ কোটি মার্কিন ডলারের ফান্ডিং বিলে স্বাক্ষর করেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। এ বিলের মধ্যে রয়েছে রেকর্ড সামরিক ব্যয়ের কথা। এছাড়া ইউক্রেন ও ন্যাটো দেশগুলোকে সাহায্য করার জন্য অর্থও বরাদ্দ আছে। ৪,০০০ পাতার বিলে বিকলাঙ্গ শিক্ষার্থীদের অতিরিক্ত আর্থিক সাহায্য দেওয়ার কথা বলা হয়েছে। এছাড়া কর্মীদের প্রশিক্ষণ, গার্হস্থ্য সহিংসতার শিকার নারীদের সহায়তা, প্রবীণদের স্বাস্থ্য সেবা এবং দুর্যোগে ক্ষতিগ্রস্তদের জন্য বাড়ি তৈরির অর্থও আছে এ বাজেটে।



মানুষের মরদেহ থেকে জৈব সার

৩১ ডিসেম্বর ২০২২ যুক্তরাষ্ট্রের ষষ্ঠ অঙ্গরাজ্য হিসেবে নিউইয়র্ক অঙ্গরাজ্যে মানুষের মরদেহ পচিয়ে জৈব সার তৈরির প্রক্রিয়া অনুমোদন দেওয়া হয়। 'ন্যাচারাল অর্গানিক রিডাকশন' নামে পরিচিত এ পদ্ধতিতে যদি একটি মরদেহ কন্টেইনারে আবদ্ধ অবস্থায় থাকে, তাহলে সেটি কয়েক সপ্তাহ পর পচে যায়। এভাবে তৈরি হবে জৈব সার। ২০১৯ সালে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন অঙ্গরাজ্য প্রথম এই পদ্ধতির অনুমোদন দেয়। অন্য চারটি অঙ্গরাজ্য হলো— কলোরাডো, ওরেগন, ভার্মন্ট ও ক্যালিফোর্নিয়া।



মহিমান্বিত রজনী
লাইলাতুল মে'রাজ

লাইলাতুল মে'রাজ মুসলমানদের জন্য মহিমান্বিত ও পবিত্র একটি রজনী। এর অনুপম শিক্ষণীয় দিকগুলো প্রতিপালনে মুমিন ব্যক্তির জীবন হবে সাফল্যমণ্ডিত। বছর ঘুরে মহিমান্বিত এ রাত আবার উপস্থিত। চাঁদ দেখা সাপেক্ষে ১৮ ফেব্রুয়ারি ২০২৩ শনিবার দিবাগত রাতে পালিত হবে পবিত্র লাইলাতুল মে'রাজ। তাই মহিমান্বিত রজনী মে'রাজ নিয়ে আমাদের এ বিশেষ আয়োজন।

লাইলাতুল মে'রাজ বা শব-ই মে'রাজ

'শব' ফারসি শব্দ, যার অর্থ 'রাত'। আর 'লাইল' আরবি শব্দ, যার অর্থও 'রাত'। এছাড়া আরবি শব্দ 'মে'রাজ' এর শাব্দিক অর্থ সিঁড়ি, উর্ধ্বগমন, আরোহণ। সুতরাং শব-ই মে'রাজ বা লাইলাতুল মে'রাজ এর শাব্দিক অর্থ উর্ধ্বগমনের রাত বা রজনী। ইসলামী পরিভাষায়, সশরীরে জাগ্রত অবস্থায় হযরত মুহাম্মদ (স)-এর মক্কা হতে বায়তুল মোকাদ্দাসে (জেরুজালেম) উপনীত হওয়া এবং সেখান হতে সপ্তাকাশ ভ্রমণ করে আল্লাহর সান্নিধ্যে উপস্থিত হওয়ার ঘটনাকে বলা হয় মে'রাজ। মে'রাজের ঘটনা কুরআন ও সহীহ হাদিসের মাধ্যমে প্রমাণিত। সূরা বনী ইসরাঈলের ১নং আয়াতে আল্লাহ বলেন : 'পবিত্র ও মহিমাময় তিনি, যিনি তাঁর বান্দাকে রজনীর কিয়দাংশে ভ্রমণ করিয়েছিলেন মাসজিদুল হারাম হতে মাসজিদুল আকসা পর্যন্ত, যার চারপাশকে আমি কল্যাণময় করেছি তাঁকে আমার নিদর্শনাবলি দেখানোর জন্য। নিশ্চয় তিনি সর্বশ্রোতা ও সর্বদ্রষ্টা।'

মে'রাজ সংঘটনের সময়

মহানবী হযরত মুহাম্মদ (স)-এর নবুওয়াতের দশম বছরে ৬২০ খ্রিষ্টাব্দে, মতান্তরে একাদশ বছরে ৬২১ খ্রিষ্টাব্দের পবিত্র রজব মাসের ২৭ তারিখ মে'রাজের মহিমান্বিত ঘটনা সংঘটিত হয়।

মে'রাজের সংক্ষিপ্ত ঘটনা

হযরত মুহাম্মদ (স) আবু তালিবের কন্যা উম্মে হানী (রা)-এর বাড়িতে ঘুমন্ত অবস্থায় ছিলেন। এ সময় জিবরাঈল (আ) সহ তিনজন ফেরেশতা তাঁর নিকট আগমন করেন। তারা রাসূল (স)-কে ঘুম থেকে জাগালেন, ওযু করালেন এবং সিনা চাক বা বক্ষবিদীর্ণ করলেন। অতঃপর তাঁকে নিয়ে তারা কাবা শরীফে আসেন। সেখান থেকে 'বোরাক'-এ আরোহণ করে তাঁর যাত্রা শুরু হয়। প্রথমে তিনি মাসজিদুল আকসায় উপনীত হন এবং সমস্ত নবীর ইমাম হয়ে জামাতে দুই রাকাত নামাজ আদায় করেন। এরপর জিবরাঈল (আ)-কে সাথে নিয়ে তাঁর উর্ধ্বগমন শুরু হয়। এক এক করে তিনি সাত আসমান অতিক্রম করেন। এরপর রাসূল (স)-কে জান্নাত ও জাহান্নাম দেখানো হয় এবং তিনি সিদরাতুল মুনতাহায় গমন করেন। সিদরাতুল মুনতাহার পর রাসূল (স)-কে একাকী নূরের রাজ্যে প্রবেশ করানো হয়। অতঃপর রাসূল (স) আরো উর্ধ্বে আরোহণ করেন এবং আরশের সন্নিকটে পৌঁছেন। এখানে শুধু একটি পর্দার অন্তরাল থেকে আল্লাহর সান্নিধ্য লাভ করেন এবং প্রভুর সঙ্গে একান্ত আলাপে মিলিত হন।

মে'রাজে যাঁদের সাথে দেখা

মে'রাজে রাসূল (স)-এর সাথে প্রথম আসমানে হযরত আদম (আ), দ্বিতীয় আসমানে হযরত ঈসা (আ) ও হযরত ইয়াহিয়া (আ), তৃতীয় আসমানে হযরত ইউসুফ (আ), চতুর্থ আসমানে হযরত ইদরীস (আ), পঞ্চম আসমানে হযরত হারুন (আ), ষষ্ঠ আসমানে হযরত মুসা (আ) এবং সপ্তম আসমানে হযরত ইবরাহীম (আ)-এর সাক্ষাৎ ঘটে। এখানে প্রত্যেকের সাথে তাঁর সালাম ও কুশল বিনিময় হয়।

মে'রাজের শ্রেষ্ঠ পুরস্কার 'নামাজ'

মহানবী (স) আল্লাহর নৈকট্য, সান্নিধ্য ও দিদার লাভের পর তাঁর প্রশংসা ও গুণকীর্তন করেন এবং করুণা ও শুভেচ্ছা লাভ করে সর্বোপরি মহা পুরস্কার হিসেবে পাঁচ ওয়াক্ত নামাজ নিয়ে উক্ত রাতেই নিজ গৃহে ফিরে আসেন। তখন থেকেই বান্দার জন্য দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ ফরয করা হয় এবং মুমিনদের জন্য প্রতিটি নামাজই এক একটি মে'রাজ হিসেবে বিবেচিত।

মে'রাজে দর্শনকৃত শাস্তি

মে'রাজকালে মুহাম্মদ (স) জাহান্নামে বেনামাজির শাস্তি দেখলেন— বড় পাথর দিয়ে তার মাথায় আঘাত করা হচ্ছে, আঘাতে মাথা ছিন্নভিন্ন হয়ে যাচ্ছে, পুনরায় ভালো হয়ে যাচ্ছে, আবার আঘাত করা হচ্ছে। যাকাত না দেওয়ার শাস্তি দেখলেন— তারা নোংরা আবর্জনা ও পুঁজ এবং কাঁটাযুক্ত আঠালো বিষাক্ত ফল খাচ্ছে, জাহান্নামের উত্তপ্ত পাথর ভক্ষণ করছে। এভাবে তিনি চোগলখোর, গিবতকারী, সুদখোর, জেনাকারী, এতিমের সম্পদ আত্মসাৎকারী এবং মদ ও নেশা গ্রহণকারীর শাস্তিও অবলোকন করেন।

ফুটবলে সর্বাধিক পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন দেশ ব্রাজিল জাতীয় ফুটবল দলের ডাকনাম। এর অর্থ 'জাতীয় দল'।



দেশ পরিচিতি | ব্রাজিল

সাম্প্রতিক সময়ে ফুটবলের রাজা পেলের মৃত্যু এবং দেশজুড়ে বিরোধী দলের নৈরাজ্য সৃষ্টির কারণে বিশ্বব্যাপী আলোচিত দক্ষিণ আমেরিকার দেশ ব্রাজিলকে জানুন এ আয়োজনে।

- দক্ষিণ আমেরিকা মহাদেশের স্বাধীন ১২টি দেশের মধ্যে সর্ববৃহৎ রাষ্ট্র।
- চিলি ও ইকুয়েডর ব্যতিত দক্ষিণ আমেরিকার অন্য সকল দেশের সাথে সীমান্ত সংযোগ রয়েছে।
- ভৌগোলিক আয়তনের দিক থেকে রাশিয়া, কানাডা, যুক্তরাষ্ট্র ও চীনের পর বিশ্বের পঞ্চম বৃহত্তম রাষ্ট্র।
- জনসংখ্যায় বিশ্বের সপ্তম বৃহত্তম রাষ্ট্র।
- আমেরিকার একমাত্র পর্তুগিজভাষী দেশ এবং বিশ্বের সর্ববৃহৎ পর্তুগিজভাষী রাষ্ট্র।
- ১৫০০ সালের এপ্রিলে পর্তুগিজ অভিযাত্রী পেড্রো আলভারেজ কাবরাল ব্রাজিলে এসে পৌঁছানোর পর থেকে ১৮১৫ সাল পর্যন্ত ব্রাজিল ছিল একটি পর্তুগিজ উপনিবেশ।
- ১৮২২ সালে পর্তুগালের কাছ থেকে স্বাধীনতা লাভ করে ব্রাজিল।
- ব্রাজিলের স্বাধীনতার ঘোষক প্রিন্স পেড্রো। ৭ সেপ্টেম্বর ১৮২২ তিনি স্বাধীনতা ঘোষণা করেন।
- বিশ্বের সর্বাধিক ক্যাথলিক খ্রিষ্টানের দেশ ব্রাজিল।
- ব্রাজিল বিশ্বের একমাত্র দেশ, যার মধ্য দিয়ে বিষুবরেখা ও ক্রান্তীয় রেখা অতিক্রম করেছে।
- ব্রাজিলের প্রধান নদী আমাজন বিশ্বের দ্বিতীয় দীর্ঘতম নদী এবং পানি প্রবাহের দিক থেকে বিশ্বের বৃহত্তম নদী।
- ব্রাজিলের পারানা নদীর ওপর নির্মিত ইতাইপু বাঁধ বিশ্বের দ্বিতীয় বৃহত্তম বাঁধ।
- ব্রাজিলের সর্বোচ্চ পর্বতশৃঙ্গের নাম *পিকো ডা নেবলিনা*।
- ব্রাজিল বিশ্বের প্রধান কফি রপ্তানিকারক দেশ।
- Palacio do Planalto, ব্রাজিলের প্রেসিডেন্টের কার্যালয়।
- ব্রাজিলের প্রথম নারী প্রেসিডেন্টের নাম দিলমা রৌসেফ।
- ব্রাজিল দক্ষিণ আমেরিকার একমাত্র ও বিশ্বের ১২টি দেশের একটি, যাদের বিমানবাহী রণতরী রয়েছে।
- জাতিসংঘ, G-20, BRICS, OASসহ অনেক আন্তর্জাতিক ও আঞ্চলিক সংগঠনের প্রতিষ্ঠাতা সদস্যদেশ ব্রাজিল।

ক্রাইস্ট দ্য রিডিমার

ব্রাজিলের প্রাচীন রাজধানী রিও ডি জেনিরোতে রয়েছে বিশ্বের সবচেয়ে বড় যিশু খ্রিষ্টের মূর্তি। আধুনিক সন্তাশ্চার্যের অন্যতম এ মূর্তির নাম 'ক্রাইস্ট দ্য রিডিমার'। ব্রাজিলের প্রতীক ও আইকন এ মূর্তির উচ্চতা ১৩০ ফুট। ১৯২৬-৩১ সালে নির্মিত মূর্তিটি উদ্বোধন করা হয় ১২ অক্টোবর ১৯৩১। মূর্তিটির ওজন ৬৩৫ মেট্রিক টন। এটি রিও ডি জেনিরো শহরের 'দেকে তিজুকা' ফরেস্ট ন্যাশনাল পার্কের ৭০০ মিটার উঁচু করকোভাদো পর্বতের শিখরে অবস্থিত। ফরাসি প্রকৌশলী অ্যালবার্ট ক্যাকোটের সহযোগিতায় এটি তৈরি করেছিলেন ফরাসি ভাস্কর পল ল্যান্ডোস্কি এবং ব্রাজিলিয়ান প্রকৌশলী হিটর দ্য সিলভা কস্তা।

সাম্বা

একধরনের ব্রাজিলীয় গান ও নৃত্য। এটি বিশ্বের সর্বত্র ব্রাজিলের প্রতীক এবং ব্রাজিলিয়ান উৎসবের স্বীকৃতি পায়। বৈশ্বিকভাবে জনপ্রিয়তা অর্জনের পাশাপাশি এটি ফুটবল ও উৎসবে জড়িয়ে পড়ে।

রিও কার্নিভ্যাল

ফেব্রুয়ারি ১৮৯২ থেকে ধারাবাহিকভাবে পাঁচ দিনব্যাপী অনুষ্ঠিত হয়। ১৭২৩ সালে সর্বপ্রথম রিও ডি জেনিরোতে এ উৎসব উদযাপিত হয়েছিল। ২০০৪ সাল থেকে বিশ্বের সর্ববৃহৎ উৎসব হিসেবে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে অন্তর্ভুক্ত হয়েছে।

ব্রাজিলের নামকরণ

ঐতিহ্যগতভাবে ধারণা করা হয় 'ব্রাজিল' নামটি এসেছে এক প্রকার কাঠ উৎপাদনকারী গাছ 'ব্রাজিলউড' থেকে। পর্তুগিজ ভাষায় ব্রাজিলউডকে 'পাউ-ব্রাজিউ' (pau-brasil) নামে ডাকা হয়, আর 'ব্রাজিউ' শব্দটির ব্যুৎপত্তি হয়েছে 'জ্বলন্ত কয়লার মতো লাল' শব্দগুচ্ছ থাকে। পরবর্তীতে পর্তুগিজ 'ব্রাজিউ' শব্দটি থেকে ইংরেজিতে ব্রাজিল নামটি এসেছে। ব্যুৎপত্তির এই তত্ত্বটি ব্রাজিল ও পর্তুগালের স্কুলগুলোতে আনুষ্ঠানিকভাবে পড়ানো হয়। দক্ষিণ আমেরিকার আদিবাসী ভাষা গুয়ারানিতে ব্রাজিলকে 'পিন্দুরামা' নামে ডাকা হয়। অতীতে ব্রাজিল অঞ্চলটি আদিবাসীদের কাছে এই নামেই পরিচিত হতো। পিন্দুরামা শব্দের অর্থ 'তাল গাছের ভূমি'।



রাষ্ট্রীয় নাম
Federative Republic of Brazil

রাজধানী
ব্রাসিলিয়া

আয়তন
৮৫,১১,৯৬৫ বর্গ কিমি

লোকসংখ্যা
২১.৫৪ কোটি

সরকারি ভাষা
পর্তুগিজ

মুদ্রা
রিয়াল

পেলের আবিষ্কারক



১৯৩৮ ব্রাজিল বিশ্বকাপ দলের অন্যতম সদস্য ওয়ালদেমার ডি ব্রিটো।

অনন্ত লক্ষ্যলোকে

ফুটবলের রাজা



২৯ ডিসেম্বর ২০২২ মারা যান তর্কাতীতভাবে সর্বকালের সর্বশ্রেষ্ঠ ফুটবলার *O Rei* (ফুটবলের রাজা) নামে খ্যাত পেলে। তিনি শুধু একজন ফুটবলারই ছিলেন না। রবং ফুটবল নামের খেলাটিকেই বদলে দিয়েছিলেন তিনি। জনপ্রিয় করে তুলেছিলেন বিশ্বজুড়ে। কিংবদন্তি পেলের স্বর্ণালী ক্যারিয়ার এবং বর্ণাঢ্য জীবনের নানা ঘটনা নিয়ে আমাদের বিশেষ এ আয়োজন।

ব্যক্তিগত জীবনে পেলে

পুরো নাম : এডসন আরান্তেস দো নাসিমেন্তো
জন্ম : ২৩ অক্টোবর ১৯৪০ (জন্ম সনদে ২১ অক্টোবর)
স্ত্রী : ৩ জন ■ সন্তান-সন্ততি : ৭ জন
মৃত্যু : ২৯ ডিসেম্বর ২০২২

ফুটবলার পেলে

পজিশন : ফরোয়ার্ড, আক্রমণাত্মক মিডফিল্ডার

দেশের হয়ে

ব্রাজিল (১৯৫৭-১৯৭১)

ম্যাচ	গোল
৯২	৭৭

বিশ্বকাপ জয়
১৯৫৮, ১৯৬২, ১৯৭০

বিশ্বকাপে
১৪ ম্যাচ ১২ গোল

ক্লাবের হয়ে

স্যান্টোস (১৯৫৬-১৯৭৪)

ম্যাচ	গোল
৪৯৩	৫০১

কসমস (১৯৭৫-১৯৭৭)

ম্যাচ	গোল
৬৪	৩৭

পেলের যত সম্মান

১৯৫৮ : বিশ্বকাপের সেরা তরুণ খেলোয়াড়
১৯৭০ : বিশ্বকাপের সেরা খেলোয়াড়
১৯৭৭ : জাতিসংঘ নির্বাচিত বিশ্ব নাগরিক
১৯৮৪ : ফিফা অর্ডার অব মেরিট
১৯৯৩ : UNESCO নির্বাচিত শুভেচ্ছা দূত
২০০০ : ফিফার শতাব্দী সেরা (ম্যারাডোনার সাথে যৌথভাবে)
২০০৪ : ফিফা সেন্টিনিয়াল অ্যাওয়ার্ড

পেলের যত রেকর্ড

- ব্রাজিলের হয়ে সর্বাধিক গোল ৭৭
- বিশ্ব ফুটবলে সর্বাধিক হ্যাটট্রিক ৯২
- সর্বাধিক তিনবার বিশ্বকাপ জয়
- কম বয়সে বিশ্বকাপ জয়; ১৭ বছর ২৪৯ দিন
- কম বয়সে বিশ্বকাপে গোল; ১৭ বছর ২৪৪ দিন
- কম বয়সে বিশ্বকাপ ফাইনাল খেলা; ১৭ বছর ২৪৯ দিন
- কম বয়সে বিশ্বকাপ ফাইনালে গোল; ১৭ বছর ২৪৯ দিন
- এক বছরে সর্বাধিক গোল ১২৭; ১৯৫৯ সালে *[প্রীতি ম্যাচসহ]*

সংখ্যায় 'পেলে'র কীর্তি

৬	এক ম্যাচে মোট ছয়বার পাঁচ গোল করার কীর্তি।
৫৮	১৯৫৮ মৌসুমে সাও পাওলো স্টেট চ্যাম্পিয়নশিপে করেছিলেন ৫৮ গোল।
৩০	চার গোল করেছেন মোট ৩০ বার।
৬৪৩	অফিসিয়ালি হিসাব করলেও সান্তোসের হয়ে পেলের গোল সংখ্যা ৬৪৩। মেসির পর কোনো ক্লাবের হয়ে যা দ্বিতীয় সর্বোচ্চ।
১৩৬৩	ক্যারিয়ারে মোট ম্যাচ সংখ্যা।
১/৫	চার বিশ্বকাপে গোল করা পাঁচ ফুটবলারের মধ্যে পেলে একজন।
০.৮৪	ব্রাজিলের জার্সিতে ম্যাচপ্রতি গোল রেট ০.৮৪।
৮০.৪৩%	পেলে যে ৯২টি ম্যাচ খেলেছেন, সে সময় ব্রাজিল জিতেছে ৬৭ ম্যাচ, ড্র করেছে ১৪টিতে এবং হেরেছে ১১টিতে। জয়ের হার ৮০.৪৩%।
১২৮১	মোট গোল সংখ্যা।


১৯৬১ সালে ব্রাজিলের তৎকালীন প্রেসিডেন্ট জানিও কোয়াদ্রস পেলেকে জাতীয় সম্পদ হিসেবে ঘোষণা দিয়ে তাকে রফতানি করা যাবে না বলে একটি ডিক্রি জারি করেছিলেন | বিক্রির জন্য নয়

যেভাবে নাম হয় 'পেলে'

- বাংলাদেশে প্রথম এটিএম কার্ডের প্রবর্তক যে ব্যাংক— স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক।
- সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংকের নাম— দি সুইস ন্যাশনাল ব্যাংক।
- Clearing House অর্থ হলো— নিকাশঘর।
- আধুনিক চেক সর্বপ্রথম ছাপানো হয়— ইংল্যান্ডে।
- চেকের প্রস্তুতকারককে বলে— আদেষ্টা।
- বাংলাদেশে বর্তমানে সরকারি বিমা প্রতিষ্ঠান রয়েছে— ২টি।
- বাংলাদেশে সর্বপ্রথম ডাক জীবনবিমা শুরু হয়— ১৯৭২ সালে।
- বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস— ঋণের সুদ।
- Demand Draft ব্যাংকের জন্য— দেনা।

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

প্রথম পত্র : উৎপাদন ব্যবস্থাপনা

- যেসব পণ্য অন্য পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হয় তাকে বলে— শিল্প পণ্য।
- উৎপাদন যে ধরনের উপযোগ সৃষ্টি করে— রূপগত।
- মূলধনের পরিতোষিককে বলে— সুদ।
- BTCL যে ধরনের সংগঠন— রাষ্ট্রীয়।
- পণ্য বিপণনের উদ্দেশ্যে সম্পাদিত সর্বশেষ কাজ— চূড়ান্ত উৎপাদন।
- রেমিটেন্স বহির্ভূত থাকে— GDP।
- বিন্যাসের উদ্দেশ্য— স্থানের সদ্ব্যবহার।
- লে-আউটকে প্রতিষ্ঠানের অভিহিত করা হয়— নকশা হিসেবে।

দ্বিতীয় পত্র : বিপণন

- বাজারজাতকরণের প্রধান লক্ষ্য— ভোক্তা সন্তুষ্টি।
- ক্রয়-বিক্রয়ের মাধ্যমে যে ধরনের উপযোগ সৃষ্টি হয়— মালিকানাগত উপযোগ।
- ইকো-লেবেলিং বাজারজাতকরণের যে ধরনের কার্যাবলির সাথে সংশ্লিষ্ট— মোড়কীকরণ।
- পণ্যের জীবনচক্রের যতটা পর্যায় রয়েছে— ৫টি।
- স্বল্পকালীন বিক্রয় বৃদ্ধির প্রচেষ্টাকে বলে— বিক্রয় প্রসার।
- বিজ্ঞাপন মানুষকে— অবহিত করে।
- CAB-এর পূর্ণরূপ— Consumer Association of Bangladesh.
- যে পণ্যের বণ্টন প্রণালি সাধারণত দীর্ঘ হয়— ভোগ্যপণ্য।

কন্যা-কুমারী ও মেয়ে শিরোনামে রচিত সাহিত্যকর্ম

সাহিত্যকর্ম	ধরন	রচয়িতা	সাহিত্যকর্ম	ধরন	রচয়িতা
কন্যাকুমারী	উপন্যাস	আব্দুর রাজ্জাক	বেদের মেয়ে	নাটক	জসীমউদ্‌দীন
বসন্তকুমারী	নাটক	মীর মশাররফ হোসেন	বেণের মেয়ে	উপন্যাস	হরপ্রসাদ শাস্ত্রী
কৃষ্ণকুমারী	নাটক	মাইকেল মধুসূদন দত্ত	শেষ বিকেলের মেয়ে	উপন্যাস	জহির রায়হান
কাশবনের কন্যা	উপন্যাস	শামসুদ্দিন আবুল কালাম	বিশ শতকের মেয়ে	উপন্যাস	নীলিমা ইব্রাহিম
ধান কন্যা	গল্প	আলাউদ্দিন আল আজাদ	আগুনের মেয়ে	উপন্যাস	আল মাহমুদ
বিষ কন্যা	কাব্য	আশরাফ সিদ্দিকী	বামুনের মেয়ে	উপন্যাস	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
কুচবরণ কন্যা	শিশুতোষ	বন্দে আলী মিয়া	গরীবের মেয়ে	উপন্যাস	নজিবর রহমান
কুচবরণ কন্যা	কাব্য	আশরাফ সিদ্দিকী	নষ্ট মেয়ে	উপন্যাস	সুনীল গঙ্গোপাধ্যায়

ঈস্ট | এক প্রকার এককোষী ছত্রাক। ঈস্টে ক্লোরোফিল নেই তাই এরা পরজীবী। এর আয়তন ৫-১০ মাইক্রন।

মেডিকেল ও ডেন্টাল কলেজ ভর্তি প্রস্তুতি ২০২২-২৩



দেশের সরকারি-বেসরকারি মেডিকেল কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ **১৭ মার্চ ২০২৩**।

জীববিজ্ঞান ৩০

- 'মাস্টার ব্লু-প্রিন্ট বলা হয়— genome-কে।
- মাইটোসিস কোষ বিভাজনের যে ধাপে নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি ঘটে— প্রোফেজ।
- যে ভিটামিন পানিতে দ্রবণীয়— ভিটামিন B কমপ্লেক্স।
- ব্যাকটেরিয়ার কোষ প্রাচীর গঠিত মূলত— মিউকোপ্রোটিন দিয়ে।
- ঈস্ট হতে নিঃসৃত এনজাইমের নাম— জাইমেজ, ম্যালটেজ, ইনভার্টেজ।
- Pteris-এর প্রতিটি পত্রখণ্ডকে বলে— পিনা।
- গমের বৈজ্ঞানিক নাম— *Triticum aestivum*।
- প্রাইমারি ফ্লোয়েম যে ধরনের কোষ নিয়ে গঠিত হয় না— বাস্টতন্তু।
- যার অভাবে গাছের পাতা ও ফুল ঝরে পড়ে— ফসফরাস।
- চন্দ্রমল্লিকা বংশবিস্তার করে— অর্ধবায়বীয় কাণ্ডের সাহায্যে।
- ইনসুলিন তৈরিতে ব্যবহার করা হয়— ডিএনএ রিকম্বিনেন্ট।
- বাংলাদেশের জাতীয় ফুল-এর বৈজ্ঞানিক নাম— *Nymphaea nouchali*।
- শারীরবিদ্যার জনক বলা হয়— উইলিয়াম হার্ভে।
- ঘাসফড়িং-এর হেপাটিক সিকা— 12টি।
- মানবদেহের যে অঙ্গ ফিব্রিনোজেন তৈরি করে— যকৃৎ।
- যে রক্ত কণিকা অ্যান্টিবডি তৈরি করে— বি-লিম্ফোসাইট।
- সারফেকট্রান্ট কোথায় পাওয়া যায়— অ্যালভিওলাসে।
- 'লুপ অফ হেনলি' শরীরের যে অঙ্গের অংশ— বৃক্ক।
- চলনের সময় হাঁটুকে ভাজ করে যে মাংসপেশি— বাইসেপস ফিমোরিস।
- মানবদেহের ভারসাম্য রক্ষা করে— অন্তঃকর্ণ।
- যকৃৎ ও অগ্ন্যাশয় সৃষ্টি হয়— এন্ডোডার্ম থেকে।
- মাতৃদুগ্ধে যে অ্যান্টিবডি (Antibody) পাওয়া যায়— IgA।
- মানবদেহের সর্ববৃহৎ অঙ্গ— ত্বক।
- জীবের বাহ্যিক লক্ষণকে বলা হয়— ফিনোটাইপ।
- পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহের ওজনের— ৭–৮% রক্ত থাকে।
- মানুষের পাকস্থলিতে প্রতিদিন গ্যাস্ট্রিক রস নিঃসৃত হয়— দুই লিটার (প্রায়)।
- আরশোলার পরিপাকীয় খাদ্য পৌষ্টিকতন্ত্রের যে অংশ হতে পরিশোষিত হয়— মেসেন্টেরন ও যকৃত সিকা।
- প্রতিটি বৃক্কে নেফ্রন থাকে— প্রায় ১০ থেকে ১২ লক্ষ।
- 'বন্য গোলাপ' (*Rosa involucrata*) বাংলাদেশের একমাত্র যে বনে পাওয়া যায়— রাতারগুল জলাবন।
- পাতার যে কক্ষ থেকে ফুল উৎপন্ন হয়, সেই পাতাকে বলে— মঞ্জরীপত্র।

রসায়ন ২৫

- যে গ্যাস অগ্নি নির্বাপক (extinguisher) হিসেবে ব্যবহৃত হয়— কার্বন ডাই-অক্সাইড।
- যেসব পরমাণুর ভর সংখ্যা এক কিন্তু পারমাণবিক সংখ্যা ভিন্ন তাদের বলে— আইসোবার।
- সাধারণ বৈদ্যুতিক বাল্বে যে গ্যাসটি ব্যবহৃত হয়— আর্গন।
- হেবার পদ্ধতিতে NH_3 উৎপাদনে প্রভাবক হিসেবে ব্যবহৃত হয়— লৌহের সূক্ষ্মচূর্ণ।
- দুধ থেকে ছানা তৈরির পদ্ধতিকে বলা হয়— কোয়াগুলেশন।
- কোল্ড ক্রিম প্রস্তুতিতে লুব্রিকেন্ট হিসেবে ব্যবহৃত হয়— তরল প্যারাফিন।
- যে গ্যাস ওজোন স্তরের ক্ষতির জন্য দায়ী— ক্লোরোফ্লোরো কার্বন।
- পাকা ফলের সুগন্ধের মূল কারণ— এস্টার।
- তীব্র এসিড ও তীব্র ক্ষারের টাইট্রেশনে নির্দেশক হিসেবে ব্যবহার উপযোগী— মিথাইল অরেঞ্জ, মিথাইল রেড এবং ফেনফথেলিন।
- ক্যালোমেল তড়িৎদ্বারে যেটি ব্যবহৃত হয়— Hg_2Cl_2।
- রান্নার সিলিন্ডারে যেটি ব্যবহৃত হয়— বিউটেন ও প্রোপেন।
- বাংলাদেশে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাসের যত শতাংশ বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হয়— ৫৫%।
- প্লাস্টার অফ প্যারিস এর রাসায়নিক সংকেত— $2CaSO_4.H_2O$।

- শুষ্ককোষে তড়িৎ উত্তেজকরূপে যেটি ব্যবহৃত হয়— NH_4Cl।
- $K_2Cr_2O_7$ যৌগের Cr-এর জারণ সংখ্যা— + 6।
- প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ হচ্ছে— $K_2Cr_2O_7$।
- ন্যাপথা ব্যবহার হয়—দ্রাবক হিসেবে।
- রেকটিফাইড স্পিরিট হলো— 95.6% ইথানল ও 4.4% পানির সমস্ফুটন মিশ্রণ।
- সূর্যের অতিবেগুনি রশ্মি শোষণ করতে পারে— O_3।
- মানবদেহের রক্তে যে বাফারটি pH নিয়ন্ত্রণ করে না— অ্যাসিটেট বাফার।
- যেটি ভারী ধাতুর উদাহরণ নয়— Au।
- অ্যানার্জি সেভিং বাল্বে যেটি ব্যবহার করা হয়— আর্গন।
- রাস্তার হলুদ বাতিতে যে গ্যাস ব্যবহৃত হয়— সোডিয়াম।
- শরীরের ব্যথা-বেদনা উপশমে ব্যবহৃত হয়— অবলোহিত রশ্মি।
- হেক্সামিন তৈরি হয়— ফরমালিন দ্বারা।

পদার্থবিজ্ঞান ২০

- আলোকবর্ষের মান (m) যেটি— $9.46 \times 9.46\ 10^{15}$।
- স্কেলার ফাংশনকে ভেক্টর রাশিতে রূপান্তরিত করে— গ্র্যাডিয়েন্ট।
- 60 kg ভরের একটি বস্তুর উপর যত বল প্রয়োগ করলে 1 মিনিটে এর বেগ 10 ms^{-1} এ বৃদ্ধি পাবে— 10N।
- এক (১) অশ্বশক্তি (Horse Power) সমান— 746 ওয়াট।
- ভূ-পৃষ্ঠে এক ব্যক্তির ওজন 50 kg। যত উচ্চতায় গেলে তার ওজন অর্ধেক হবে— 1600 km।
- দুটি বস্তুর মধ্যকার দূরত্ব অর্ধেক করলে মহাকর্ষ বলের মান— চারগুণ বাড়ে।
- একটি স্টিলের তারের তাপমাত্রা বাড়ালে ইয়ং-এর গুণাঙ্ক— একই থাকবে।
- পর্যায়কাল ও বল ধ্রুবকের মধ্যে সম্পর্ক সূচক সমীকরণ— $T \propto \frac{1}{\sqrt{K}}$।
- শব্দের বেগের উপর প্রভাব রাখে না— চাপ।
- যেটির উপর বাষ্পায়ন নির্ভর করে না— বায়ুর তাপমাত্রা।
- নির্দিষ্ট পরিমাণ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে তার— তাপমাত্রার উপর।
- তাপগতিবিদ্যার প্রথম সূত্র যে দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করে— তাপ ও কাজ।
- একটি ক্যাপাসিটর কাজ করে— AC সার্কিটে।
- প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল দ্বিগুণ করা হলে রোধ হবে— অর্ধেক পরিমাণ।
- বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক— কিলোওয়াট ঘণ্টা।
- স্থায়ী চুম্বক তৈরি হয়— লোহা + সিলিকন।
- যেটির কার্যনীতি আবেশক্রিয়ার উপর প্রতিষ্ঠিত— ট্রান্সফরমার।
- দীর্ঘ দৃষ্টি সম্পন্ন লোকদের যে ধরনের লেন্স ব্যবহার করতে হয়— উত্তল।
- অন্ধকারে ছবি তোলার জন্য ক্যামেরায় যে রশ্মি ব্যবহৃত হয়— ইনফ্রারেড রশ্মি।
- কৃষ্ণ গহ্বরের আবিষ্কারক— জন হুইলার।

ENGLISH ১৫


- Choose the appropriate preposition in the blank 'He died— accident'— by.
- The antonym of 'revenge' is— grace.
- The word 'Homely' belongs to what parts of speech— Adjective.
- 'ডাক্তার ডাক।' বাক্যটির সঠিক ইংরেজি অনুবাদ হবে— Call in a doctor.
- Make the sentences plural : He is happy, He saw a mouse. — They are hapy, they saw some mice.
- The term ALACRITY is same as — Enthusiasm.
- If you study hard, you will have no trouble — . — in.
- You must compensate — the loss. — for
- The phrase 'fight shy of' means — avoid.
- Feminine form of 'Host' is — Hostess.
- 'Theology' is — study of Religion.
- Past participle form of 'swim' is — swum.
- A person whose 'head' is in the 'Clouds' is— a day dreamer.
- 'He is poor but honest'. The simple sentence is— In spite of his poverty he is honest.
- Correct spelling — Lieutenant.

বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ ১০

- মুক্তিযুদ্ধের সময় ১০নং সেক্টর ছিল— নৌ সেক্টর।
- বাংলাদেশের প্রথম অস্থায়ী প্রেসিডেন্ট— সৈয়দ নজরুল ইসলাম।
- ভারত উপমহাদেশের শেষ গভর্নর জেনারেল ছিলেন— লর্ড মাউন্টব্যাটেন।
- ভারত বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়— ৬ ডিসেম্বর ১৯৭১।
- ১৯৭২ সালের যে মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রধানমন্ত্রিত্ব গ্রহণ করেন— জানুয়ারি।
- মুক্তিযোদ্ধাদের বীরত্বসূচক খেতাব দেওয়া হয়— ১৫ ডিসেম্বর ১৯৭৩।
- ঢাকা সেনানিবাসস্থ মুক্তিযুদ্ধ জাদুঘরের নাম— বিজয় কেতন।
- সর্বপ্রথম যে বিদেশি মিশনে বাংলাদেশের পতাকা উত্তোলিত হয়— কলকাতা।
- 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' গানটির শিল্পী— আপেল মাহমুদ।
- নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ারে বাংলাদেশের জন্য গান গেয়েছেন— বব ডিলান।

To Helen

এডগার এলেন পো রচিত একটি বিখ্যাত কবিতা।
এ কবিতার সাথে 'বনলতা সেন' কবিতার বিষয়গত সাদৃশ্য রয়েছে।



রূপসী বাংলার কবি

জীবনানন্দ দাশ

রূপসী বাংলার কবি, ধূসরতার কবি, তিমির হননের কবি, নির্জনতার কবি এবং শুদ্ধতম কবি জীবনানন্দ দাশ। তার রচনায় গ্রাম বাংলার ঐতিহ্যময় প্রকৃতি কাব্যময় হয়ে উঠেছে। আধুনিক নাগরিক জীবনের হতাশা, নিঃসঙ্গতা, বিষাদ ও সংশয়ের চিত্র তার কবিতায় দীপ্যমান। বিংশ শতাব্দির ষাটের দশকের বাঙালির জাতিসত্ত্বা আন্দোলনে এবং মুক্তিযুদ্ধে তার নিসর্গবিষয়ক কবিতা এদেশের সংগ্রামী জনতাকে অনুপ্রাণিত করেছে। ১৭ ফেব্রুয়ারি তার জন্মদিন। সে প্রেক্ষিতেই আমাদের এ সংখ্যার সাহিত্য জিজ্ঞাসা।

- জন্মগ্রহণ করেন ১৭ ফেব্রুয়ারি ১৮৯৯ বরিশালের এক ব্রাহ্ম পরিবারে। (আদি নিবাস : গাঁওপাড়া বিক্রমপুর)।
- ডাকনাম মিলু।
- মা কুসুমকুমারী দাশ একজন কবি।
- প্রথম কবিতা 'বর্ষা আবাহন' প্রকাশিত হয় ১৯১৯ সালে ব্রাহ্মবাদী পত্রিকায়।
- মৃত্যুবরণ করেন ২২ অক্টোবর ১৯৫৪।
- জীবনানন্দ দাশের ওপর গবেষণা করেন ক্লিনটন বি. সিলি।
- তাকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেন বুদ্ধদেব বসু।
- তাকে 'শুদ্ধতম কবি' বলে আখ্যায়িত করেন অন্নদাশঙ্কর রায়।

উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ

ঝরাপালক (১৯২৭); ধূসর পাণ্ডুলিপি (১৯৩৬); বনলতা সেন (১৯৪২); রূপসী বাংলা (১৯৫৭); মহাপৃথিবী (১৯৪৪), সাতটি তারার তিমির (১৯৪৮), বেলা অবেলা কালবেলা (১৯৬১)।

উল্লেখযোগ্য উপন্যাস

মাল্যবান (১৯৭৩); সতীর্থ (১৯৭৪), কল্যাণী (১৯৯৯)।

প্রবন্ধ

কবিতার কথা (১৯৫৬)।

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নমালায়

জী ব না ন ন্দ দা শ

১. ১৮৯৯ সালে জন্মগ্রহণ করেছেন কোন দুজন কবি? *[রূপালী ব্যাংক লি. জুনিয়র অফিসার ২০১৩]*
— নজরুল ইসলাম, জীবনানন্দ দাশ।

২. জীবনানন্দ দাশের জন্মস্থান কোন জেলায়? *[১৬তম বিসিএস]*
— বরিশাল জেলা।

৩. ধানসিঁড়ি কিসের নাম? *[পরিবেশ অধিদপ্তরের ল্যাবরেটরি অ্যাটেনডেন্ট ২০২০]*
— নদীর।

৪. ধানসিঁড়ি নদী কোথায় অবস্থিত? *[ঢাবি ২০১৫-১৬; জবি ২০১০-১১]*
— বরিশাল।

৫. জীবনানন্দ দাশ প্রধানত— *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী রসায়নবিদ ২০০২]*
— প্রকৃতির কবি।

৬. 'রূপসী বাংলার কবি'— *[১২তম বিসিএস; সাব-রেজিস্ট্রার ২০১৬]*
— জীবনানন্দ দাশ।

৭. 'তিমির হননের কবি' উপাধিটি কার? *[সিএজি এর অডিটর ২০২১]*
— জীবনানন্দ দাশ

৮. কবি জীবনানন্দ দাশের ওপর যে বিদেশি গবেষক গবেষণা করেন তার নাম— *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০০১]*
— ক্লিনটন বি সিলি।

৯. ইংরেজি ভাষায় জীবনানন্দ দাশের ওপর গ্রন্থ লিখেছেন কে? *[৪১তম বিসিএস]*
— ক্লিনটন বি সিলি।

১০. কার কবিতাকে 'চিত্ররূপময়' বলা হয়েছে? *[আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ২০০৭]*
— জীবনানন্দ দাশ।

১১. জীবনানন্দ দাশকে 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেন কে? *[৩৯তম বিসিএস (বিশেষ); বাংলাদেশ ব্যাংকের অফিসার ২০১৯]*
— বুদ্ধদেব বসু।

১২. জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থ— *[মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক ২০১৯; রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সিনিয়র অফিসার ২০১১]*
— ঝরা পালক।

১৩. 'ধূসর পাণ্ডুলিপি' কার রচনা? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯]*
— জীবনানন্দ দাশ।

১৪. 'মহাপৃথিবী' কাব্যগ্রন্থ কার লেখা? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৫]*
— জীবনানন্দ দাশ।

১৫. জীবনানন্দ দাশের একটি বিখ্যাত কবিতার নাম— *[উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ২০০৯]*
— বনলতা সেন।

১৬. এডগার এলেন পো রচিত 'টু হেলেন' কবিতা থেকে কোন কবিতাটি রচনা করেন? *[সহকারী থানা শিক্ষা অফিসার ২০০৪]*
— বনলতা সেন।

১৭. 'রূপসী বাংলা' গ্রন্থটি কে রচনা করেন? *[পররাষ্ট্র মন্ত্রণালয়ের সুপারিনডেন্ট ২০১৯; সহকারী উপজেলা/ থানা শিক্ষা অফিসার ২০১৬]*
— জীবনানন্দ দাশ।

১৮. জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কিসের পরিচায়ক? *[স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সহকারী রসায়নবিদ ২০০১; থানা শিক্ষা অফিসার ২০১৬]*
— স্বদেশপ্রীতি ও নিসর্গময়তা।

১৯. 'বেলা অবেলা কালবেলা' কার লেখা? *[তথ্য মন্ত্রণালয়ের অধীন টিলিভিশন প্রকৌশলী (গ্রেড-২) ২০০৪]*
— জীবনানন্দ দাশ।

২০. 'সুরঞ্জনা, ওইখানে যেয়ো নাকো তুমি' কোন কবি একথা বলেছিলেন? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৫]*
— জীবনানন্দ দাশ।

২১. 'আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে' কোন কবির কবিতা থেকে নেওয়া? *[৬ষ্ঠ বিজেএস (সহকারী জজ) ২০১১; বাংলাদেশ ব্যাংক সহকারী পরিচালক ২০০৪]*
— জীবনানন্দ দাশ।

২২. 'বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর' কার লেখা? *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮]*
— জীবনানন্দ দাশ।

২৩. 'চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা' কোন কবির রচনা? *[পূবালী ব্যাংক লি. সিনিয়র অফিসার ২০১৩]*
— জীবনানন্দ দাশ।

২৪. 'পাখীর নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন' এখানে 'নীড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? *[১৩তম বেসরকারি প্রভাষক নিবন্ধন পরীক্ষা ২০১৬]*
— নান্দনিক।

২৫. '... কে হায় হৃদয় খুঁজে বেদনা জাগাতে ভালবাসে।' কবিতাংশটি কোন কবির রচনা? *[তথ্য মন্ত্রণালয়ের প্রকৌশলী ২০০৪]*
জীবনানন্দ দাশ।

২৬. জীবনানন্দ দাশের কাব্যে ব্যবহৃত 'শঙ্খমালা' হলো *[সমন্বিত ৫ ব্যাংকের অফিসার (ক্যাশ) ২০১৯]*
— রূপকথার চরিত্র।

২৭. 'আবার আসিব ফিরে' কবিতাটি জীবনানন্দ দাশ এর কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? *[প্রাথমিক সহকারী শিক্ষক ২০১৯]*
— রূপসী বাংলা।

২৮. 'আকাশনীলা' কবিতার রচয়িতা কে? *[পিটিআই এর শিক্ষক ২০১৯]*
— জীবনানন্দ দাশ।

২৯. 'ঝরাপালক' কাব্যগ্রন্থ কে রচনা করেছেন? *[এনএসআই এর ওয়াচার কনস্টেবল ২০২১; দুর্নীতি দমন কমিশনের ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর ২০১৯]*
— জীবনানন্দ দাশ।

৩০. জীবনানন্দ দাশ বাংলাদেশকে কিসের দেশ বলেছেন? *[বিসিক এর চিফ অডিটর ২০২১]*
— নবান্নের।

৩১. জীবনানন্দ দাশের প্রবন্ধগ্রন্থ কোনটি? *[২৮তম বিসিএস]*
— কবিতার কথা।


গ্র|ন্থা|লো|চ|না
বনলতা সেন

আধুনিক বাংলা সাহিত্যের খ্যাতনামা গ্রন্থগুলোর অন্যতম 'বনলতা সেন' (১৯৪২)। ৩০টি কবিতার সমন্বয়ে রচিত এ কাব্যের 'বনলতা সেন' কবিতাটি



বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ কবিতা এবং জীবনানন্দ দাশের কবিতাগুলোর মধ্যে জনপ্রিয়। তার কবিতায় এমনই এক দুর্মর রোমান্টিকতা কবিতার অবয়বে পরিব্যাপ্ত যা পাঠককে সহজে আচ্ছন্ন করে। সাধারণ পাঠকের কাছে এটি নিছকই একটি প্রেমের কবিতা হিসেবে সমাদৃত হলেও এর মর্মমূলে রয়েছে সুগভীর ঐতিহাসিকতা। ভারতীয় পুরাণের অন্তর্বয়নে যেমন বিদিশা, শ্রাবন্তী উঠে এসেছে, তেমনি বেতের ফলের মতো বা চোখের নীড়ের মতো উপমানগুলো নির্মাণ করেছে নতুন কাব্যমণ্ডল। প্রেম ও প্রকৃতি, খণ্ড জীবন ও হতাশা, ক্লান্তি ও অবসাদ, ইতিহাসের বিশাল অনুভূতি ও বর্তমানের ছিন্নভিন্ন অস্তিত্ব সমস্ত কিছুর সমাহার এই অপরূপ কাব্যের আলোছায়ার জাল রচনা করেছে। জীবনানন্দের শ্লথগতি ছন্দস্পন্দ, অভিনব শব্দ প্রয়োগ ও অন্বয়, রূপময় ইন্দ্রিয়ালু বাকপ্রতিমাগুলো এই কাব্যকে অসামান্য মহিমা দিয়েছে। পাখির নীড়ের মতো চোখ, শিশিরের শব্দের মতো সন্ধ্যায়, অন্ধকারের মতো কালো চুল ইত্যাদি অশ্রুতপূর্ব উপমা প্রয়োগে জীবনানন্দ বাংলা সাহিত্যে এক অসাধারণ কাব্যগ্রন্থ রচনা করেন।

Principal Verb | No sentence can be formed without it.



ইংলিশ ল্যাঙ্গুয়েজ ল্যাব সিরিজের মূল উদ্দেশ্য হলো ইংরেজি গ্রামার মুখস্ত না করে এর অন্তর্নিহিত তাৎপর্য অনুধাবনের মাধ্যমে ইংরেজি আত্মস্থ করা। ল্যাবরেটরিতে বিভিন্ন এক্সপেরিমেন্টের মাধ্যমে যেমন একটি সিদ্ধান্তে উপনীত হওয়া যায়, তেমনিভাবে ইংরেজি ভাষাসংক্রান্ত আমাদের রোগসমূহ যথাযথ ডায়াগনোসিস করে উপযুক্ত প্রেসক্রিপশন প্রদান করাই এই পেজের মূল লক্ষ্য।

ENGLISH LANGUAGE LAB

Series : 04

প্রশ্ন : Verb দ্বারা সব সময় কাজ করা বোঝায় না কেন?

উত্তর : Verb-এর চিরাচরিত সংজ্ঞা : যে শব্দ দ্বারা সাধারণত কোনো কিছু করা, হওয়া, যাওয়া-খাওয়া ইত্যাদি কাজ করা বোঝায় তাকে Verb বা ক্রিয়া বলা হয়। ক্রিয়ার এই সংজ্ঞাটি সব সময় সব ক্রিয়ার ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য নাও হতে পারে। নিচের বাক্য দুটি বিশ্লেষণ করলে বিষয়টি আরো পরিষ্কার হবে।

বাক্য ১ : She eats rice.
বাক্য ২ : She looks beautiful.

বিশ্লেষণ : প্রথম বাক্যের ক্রিয়া Eat কে যদি 'কে খায়?' দ্বারা প্রশ্ন করা হয়, তাহলে কর্তা বা সাবজেক্ট হিসেবে যে উত্তরটি আসে তা হলো 'সে' খায়। অনুরূপভাবে, দ্বিতীয় বাক্যে Look মানে যদি তাকানো হয়, তাহলে স্বভাবতই প্রশ্ন আসে 'কে তাকায়?' কিন্তু এর উত্তরে যদি বলা হয় 'সে তাকায়' তাহলে কি সেটি শুদ্ধ হবে? অবশ্যই না। কারণ, এখানে সে তাকায় না বরং অন্যরা যখন তার দিকে তাকায় তখন তাকে সুন্দর দেখায়। অন্য কথায় ১নং বাক্যে Eat দ্বারা কাজ বোঝালেও ২নং বাক্যে Look দ্বারা activity বা কাজ বোঝাচ্ছে না, বরং একটি অবস্থা প্রকাশ করছে। নিচের বাক্য দুটি দেখুন :

বাক্য ৩ : She is a student.
বাক্য ৪ : She reads a book.

বিশ্লেষণ : ৩নং বাক্যে 'সে একজন ছাত্রী'— যে কোনো কাজ, বোঝাচ্ছে না, তা সুস্পষ্ট। ৪নং বাক্যে ছাত্রী হিসেবে পড়াশোনার কাজটিও পরিষ্কার। এবার নিচের বাক্য দুটি নিয়ে একটু ভাবুন।

বাক্য ৫ : She tastes honey.
বাক্য ৬ : Honey tastes sweet.
বিশ্লেষণ : ৫ম বাক্যে 'সে মধু খায়' ঠিক আছে, কিন্তু ৬নং বাক্যে মধু কি মধু খায়? এও কি কখনো সম্ভব? (অবশ্য আপনার কোনো বন্ধুর নাম যদি মধু হয়, তাহলে সে মধু খেতে পারে!)
এবার নিচের বাক্য দুটি নিয়ে একটু ভাবুন।

বাক্য ৭ : Rana runs a shop.
বাক্য ৮ : Love runs blind.


বিশ্লেষণ : রানা একটি দোকান চালায়। এ বাক্যে Run অর্থ দৌড়ানো নয়, বরং চালানো এবং এর দ্বারা সুস্পষ্টভাবে কাজ করা বোঝাচ্ছে। ৮নং বাক্যটি যে ব্যক্তি জীবনে প্রথম শুনবে, তার জন্য এই বাক্যটির অর্থ বোঝাটা রীতিমতো দুষ্কর হয়ে পড়তে পারে। 'ভালোবাসা অন্ধের মতো ছোটাছুটি করে' অথবা 'ভালোবাসা অন্ধের মতো দৌড়ায়'— অদূরদর্শী শিক্ষার্থীর এ ধরনের অনভিজ্ঞ অনুবাদ অবাস্তব কিছু নয়। তাহলে Love Runs Blind (LRB) বাক্যটির অর্থ কী? এ বাক্যে Run ক্রিয়াটির অর্থই বা কী হতে পারে?
নিচের বাক্য দুটি দেখে বলুন তো কোন ক্রিয়াটি দ্বারা কাজ বোঝাচ্ছে এবং কোনটি দ্বারা কাজ বোঝাচ্ছে না।

বাক্য ৯ : Man grows old.
বাক্য ১০ : Man grows vegetables.

অনুসিদ্ধান্ত : Verb দ্বারা সব সময় কাজ করা নাও বোঝাতে পারে। একই Verb দ্বারা কখনো কাজ করা বোঝায় আবার কখনো কাজ করা বোঝায় না।

অনুশীলন : Stand মানে যদি দাঁড়ানো হয়, তাহলে He stood first in the class. বাক্যটির অর্থ কী হতে পারে? 'সে ক্লাসে প্রথম দাঁড়িয়েছিল' নাকি 'সে ক্লাসে প্রথম হয়েছিল' নাকি উভয় বাক্যই সঠিক?

মো: ফজলুল হক (২৪তম বিসিএস)
সহযোগী অধ্যাপক, ইংরেজি
কুড়িগ্রাম সরকারি মহিলা কলেজ।



ম্যাথঘর

সূত্র মনে রাখার সহজ কৌশল

1. মান নির্ণয়ের সূত্র :
   $(a + b + c)^2 = (a^2 + b^2 + c^2) + 2(ab + bc + ca)$
   ১ম অংশ = ২য় অংশ + ৩য় অংশ
2. $(a^2 + b^2 + c^2) = (a + b + c)^2 - 2(ab + bc + ca)$
   ২য় অংশ = ১ম অংশ – ৩য় অংশ
3. $2(ab + bc + ca) = (a + b + c)^2 - (a^2 + b^2 + c^2)$
   ৩য় অংশ = ১ম অংশ – ২য় অংশ

ঘনের সূত্রাবলি :

* $(a + b)^3 = a^3 + 3a^2b + 3ab^2 + b^3$ *[ঘনের সাধারণ সূত্র]*
$\therefore (a + b)^3 = (a^3 + b^3) + 3ab(a + b)$ ..... (i)

4. $(a + b)^3 = (a^3 + b^3) + 3ab(a + b)$
   ১ম অংশ = ২য় অংশ + ৩য় অংশ
5. (i) $\Rightarrow a^3 + b^3 = (a + b)^3 - 3ab(a + b)$ ..... (ii)
   ২য় অংশ = ১ম অংশ – ৩য় অংশ
   * $(a - b)^3 = a^3 - 3a^2b + 3ab^2 - b^3$ [ঘনের সাধারণ সূত্র]
   $\therefore (a - b)^3 = (a^3 - b^3) - 3ab(a - b)$ .....(iii)
6. $(a - b)^3 = (a^3 - b^3) - 3ab(a - b)$
   ১ম অংশ = ২য় অংশ – ৩য় অংশ
   (iii) $a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$ ..... (iv)
   ২য় অংশ = ১ম অংশ + ৩য় অংশ

ঘনের উৎপাদকের সূত্র :

(ii) $\Rightarrow a^3 + b^3 = (a + b)^3 - 3ab(a + b)$
$= (a + b)\{(a + b)^2 - 3ab\}$
$= (a + b)(a^2 + 2ab + b^2 - 3ab)$
$= (a + b)(a^2 - ab + b^2)$

6. $a^3 + b^3 = (a + b)(a^2 - ab + b^2)$
   (iv) $\Rightarrow a^3 - b^3 = (a - b)^3 + 3ab(a - b)$
   $= (a - b)\{(a - b)^2 + 3ab\}$
   $= (a - b)(a^2 - 2ab + b^2 + 3ab)$
   $= (a - b)(a^2 + ab + b^2)$
7. $a^3 - b^3 = (a - b)(a^2 + ab + b^2)$



আর্জেন্টিনা বনাম ফ্রান্স ম্যাচ নিয়ে স্বামী বলল, আর্জেন্টিনা ৪-০ গোলে জিতবে আর স্ত্রী বলল ফ্রান্স ৩-০ গোলে জিতবে। ফলাফল আর্জেন্টিনা ৩-০ গোলে ম্যাচটি জিতে।

স্ত্রী : কই তুমি না বললে ৪-০ গোলে জিতবে।
স্বামী : যাহাই বায়ান্ন তাহাই তিপান্ন।
স্ত্রী : তুমি গণিতের ছাত্র হয়ে এটি কী বললে?
স্বামী : আচ্ছা আমি তোমাকে গাণিতিকভাবে প্রমাণ করে দিচ্ছি।

ধরি, $x = y$
$\Rightarrow x \times x = x \times y$ *[x দ্বারা গুণ করে]*
$\Rightarrow x^2 = xy$
$\Rightarrow x^2 - y^2 = xy - y^2$ *[y^2 বিয়োগ করে]*
$\Rightarrow (x + y)(x - y) = y(x - y)$
$\Rightarrow \frac{(x + y)(x - y)}{(x - y)} = \frac{y(x - y)}{(x - y)}$
[(x – y) দ্বারা ভাগ করে]
$\Rightarrow x + y = y$
$\Rightarrow x + x = x$ [$\because x = y$]
$\Rightarrow 2x = x$
$\Rightarrow 2 = 1$ *[x দ্বারা ভাগ করে]*
$\Rightarrow 51 + 2 = 51 + 1$
$\Rightarrow 53 = 52$

অর্থাৎ যাহাই বায়ান্ন তাহাই তিপান্ন। অতএব বলা যায় যাহাই ৩-০ তাহাই ৪-০।
স্ত্রী হতভম্ব হয়ে বলল এটা কিভাবে সম্ভব!
Note : *পাঠক আপনারা ভাবুন স্ত্রী কিভাবে এটি ভুল প্রমাণিত করবে।*

আজিজুল হক, *এমএসসি (গণিত), জগন্নাথ বিশ্ববিদ্যালয় সহকারী শিক্ষক; সালুয়াকান্দি কৌড়ি জাহিদ মালেক সরকারি প্রাথমিক বিদ্যালয়; সাটুরিয়া, মানিকগঞ্জ*

Island of Spice | 'মসলার দ্বীপ' বা Island of Spice নামে পরিচিত গ্রানাডা যুক্তরাজ্য থেকে স্বাধীনতা লাভ করে ৭ ফেব্রুয়ারি ১৯৭৪।

ফেব্রুয়ারি পরিক্রমা

গ্রেগরীয় ও জুলিয়ান বর্ষপঞ্জি অনুসারে বছরের দ্বিতীয় মাস ফেব্রুয়ারি। অধিবর্ষে এ মাসে মোট ২৯ দিন, আর অন্যান্য সময়ে ২৮ দিন। ইংরেজি বছরের সবচেয়ে ছোট মাস ফেব্রুয়ারির ঐতিহাসিক ঘটনাগুলোকে আসুন দেখে নেই তারিখ অনুযায়ী এ আয়োজনে।

বাংলাদেশ অ্যাফেয়ার্স

১ ■ ১৯৭২ : প্রথম আফ্রিকান দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় সেনেগাল।

৪ ■ ১৯৭২ : বাংলাদেশ বিমানের প্রথম ফ্লাইট ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখে যাত্রা করে।

৫ ■ ১৯৬৬ : লাহোরে সর্বদলীয় জাতীয় সংহতি সম্মেলনে শেখ মুজিবুর রহমান ৬ দফা দাবি উপস্থাপন করেন।

৬ ■ ১৯৭২ : বাংলাদেশ স্বাধীন হওয়ার পর প্রথম বিদেশ সফরে ভারত গমন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

৯ ■ ১৯৫৭ : মাওলানা ভাসানীর ঐতিহাসিক কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়।

১০ ■ ১৯৭৪ : স্বাধীন বাংলাদেশে প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয়।

১১ ■ ১৫৫৬ : সম্রাট আকবর সিংহাসনে আরোহণ করেন।

১২ ■ ১৯৯৭ : বাংলাদেশ-ভারত পানি বণ্টন চুক্তি স্বাক্ষরিত হয়।

১৬ ■ ১৭০৪ : অবিভক্ত বাংলায় পুলিশী ব্যবস্থার প্রচলন হয়।

১৮ ■ ১৯৭৬ : কাজী নজরুল ইসলামকে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের নাগিরকত্বে ভূষিত করা হয়।

১৯ ■ ১৯০৪ : কার্জন হলের ভিত্তিপ্রস্তর স্থাপন।
■ ২০১৮ : বাংলাদেশে 4G সেবা চালু হয়।

২০ ■ ১৯৭৭ : বাংলাদেশ সরকারের রাষ্ট্রীয় পুরস্কার 'একুশে পদক'-এর প্রবর্তন।

২১ ■ মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ১৯৫২ সালের এই দিনে বাংলাকে পূর্ব পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনে ছাত্র-জনতার ওপর গুলি চালায় পুলিশ। এতে শহীদ হন রফিক, সালাম, বরকত, জব্বারসহ আরও অনেকে।
■ ২০০০ : বিশ্বে প্রথমবারের মতো 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালিত হয়।

২৩ ■ ১৯৪৮ : ধীরেন্দ্রনাথ দত্ত পাকিস্তান গণপরিষদে উর্দু ও ইংরেজির পাশাপাশি বাংলা ব্যবহারের দাবি জানান।
■ ১৯৬৯ : শেখ মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত।
■ ১৯৬৯ : গণঅভ্যুত্থানের মুখে পাকিস্তানের প্রেসিডেন্ট আইয়ুব খান পদত্যাগে বাধ্য হন।

২৪ ■ ১৯৭৫ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক 'বাকশাল' প্রতিষ্ঠা।


২৫ ■ ২০০৯ : ঢাকার পিলখানায় বিডিআর বিদ্রোহে অর্ধশত সেনা অফিসারসহ ৭৪ জন নিহত।

২৭ ■ ১৯৭৩ : বাংলাদেশ আণবিক শক্তি কমিশন গঠিত হয়।

২৮ ■ ১৯৮২ : জাতীয় সংসদ ভবনের উদ্বোধন।

জন্ম যাদের


হু মু এরশাদ


হামিদুর রহমান



শহীদুল্লা কায়সার


আজম খান

- ১ ফেব্রুয়ারি ১৯৩০ : বাংলাদেশের ত্রয়োদশ ও পঞ্চদশ রাষ্ট্রপতি শাহাবুদ্দিন আহমেদ।
- ১ ফেব্রুয়ারি ১৯৩০ : বাংলাদেশের দশম ও দ্বাদশ রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদ।
- ১ ফেব্রুয়ারি ১৯৩১ : বাংলাদেশের অষ্টাদশ রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদ।
- ২ ফেব্রুয়ারি ১৯৫৩ : বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান।
- ১১ ফেব্রুয়ারি ১৮৮২ : ছন্দের যাদুকর সত্যেন্দ্রনাথ দত্ত।
- ১২ ফেব্রুয়ারি ১৯৪৩ : কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াস।
- ১৫ ফেব্রুয়ারি ১৯১৬ : বাউল শিল্পী শাহ আবদুল করিম।
- ১৬ ফেব্রুয়ারি ১৯২৭ : লেখক ও বুদ্ধিজীবী শহীদুল্লা কায়সার।
- ১৮ ফেব্রুয়ারি ১৯৩৭ : জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান।
- ২৮ ফেব্রুয়ারি ১৯৫০ : জনপ্রিয় সঙ্গীতশিল্পী আজম খান।




লোকান্তরে


কামরুল হাসান


হুমায়ুন ফরিদী


ওসমানী


এটিএম শামসুজ্জামান

- ২ ফেব্রুয়ারি ১৯৮৮ : পটুয়া চিত্রশিল্পী কামরুল হাসান।
- ২ ফেব্রুয়ারি ১৯৬৫ : ফুটবল জাদুকর আবদুস সামাদ।
- ১৩ ফেব্রুয়ারি ২০১২ : অভিনেতা হুমায়ুন ফরিদী।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৯ : প্রখ্যাত কবি ও সাহিত্যিক আল মাহমুদ।
- ১৬ ফেব্রুয়ারি ১৯৮৪ : মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক মুহাম্মদ আতাউল গণি ওসমানী ।
- ২০ ফেব্রুয়ারি ২০২১ : অভিনেতা এটিএম শামসুজ্জামান।
- ২৪ ফেব্রুয়ারি ১৯৯৯ : বাংলা সাহিত্যের গবেষক ও অধ্যাপক ড. আহমদ শরীফ।

গ্লোবাল অ্যাফেয়ার্স

১ ■ ২০০৩ : ৭ নভোচারীসহ বিধ্বস্ত হয় মার্কিন মহাকাশযান 'কলাম্বিয়া'। নিহত ৭ নভোচারীর মধ্যে অন্যতম ছিলেন ভারতীয় বংশোদ্ভূত কল্পনা চাওলা।

৩ ■ ১৯৬৬ : প্রথম কোনো মহাকাশযান হিসেবে চন্দ্রে অবতরণ করে সোভিয়েত ইউনিয়নের মনুষ্যবিহীন মহাকাশযান Luna9।

৪ ■ ১৭৮৯ : জর্জ ওয়াশিংটন যুক্তরাষ্ট্রের প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হন।

■ ১৭৯৪ : ফরাসি আইনসভা দাসপ্রথা বিলুপ্ত করে।

■ ২০০৪ : মার্ক জুকারবার্গ ও তার চার বন্ধু কর্তৃক জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক প্রতিষ্ঠিত।

৬ ■ ১৯৫২ : ব্রিটিশ রাজা ষষ্ঠ জর্জ-এর মৃত্যুর পর রানি দ্বিতীয় এলিজাবেথ সিংহাসনে অধিষ্ঠিত। তিনি আনুষ্ঠানিকভাবে সিংহাসনে বসেন ২ জুন ১৯৫৩।

৭ ■ ১৯৯২ : ইউরোপীয় ইউনিয়ন (EU) গঠনে ঐতিহাসিক 'ম্যাসট্রিচট চুক্তি (Maastricht Treaty) স্বাক্ষরিত।

৮ ■ ১৯১০ : ব্রিটিশ সেনাবাহিনীর লেফটেন্যান্ট জেনারেল রবার্ট ব্যাডেন পাওয়েল কর্তৃক স্কাউট প্রতিষ্ঠা।

৯ ■ ১৯৮৬ : ৭৬ বছর পর সৌরজগতে সর্বশেষবারের মতো 'হ্যালির ধূমকেতু' দেখা যায়।

১১ ■ ১৯৭৯ : আয়াতুল্লাহ রুহুল্লা খোমিনী'র নেতৃত্বে ইরানে ইসলামিক শাসন প্রতিষ্ঠা।

■ ১৯৯০ : ২৭ বছরের বন্দি জীবন শেষে মুক্তি লাভ করেন বর্ণবাদ বিরোধী অবিসংবাদিত নেতা দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট নেলসন ম্যান্ডেলা।

১৪ ■ ২০০৫ : youtube চালু।

১৭ ■ ১৯৩৩ : মার্কিন সাময়িকী Newsweek প্রথম প্রকাশিত।

২০ ■ ২০১৩ : সৌরজগতের বাইরের ক্ষুদ্রতম গ্রহ Kepler-37B আবিষ্কৃত।

২৩ ■ ৬২৪ : ঐতিহাসিক খন্দকের যুদ্ধ সংঘটিত হয়।

২৪ ■ ১৯২০ : জার্মানির নাৎসি (NAZI) পার্টি গঠিত।

২৫ ■ ১৮৬২ : মার্কিন যুক্তরাষ্ট্রে প্রথম কাগজের মুদ্রা চালু হয়।

২৬ ■ ১৮৭১ : ফ্রান্স-জার্মানির মধ্যে ভার্সাই চুক্তি স্বাক্ষরিত।

২৮ ■ ১০৬৬ : ওয়েস্ট মিনিস্টার অ্যাবে চালু।


২৯ ■ ১৭৯৬ : যুক্তরাষ্ট্র ও গ্রেট ব্রিটেনের মধ্যে ঐতিহাসিক ওয়াশিংটন চুক্তি স্বাক্ষরিত।

জন্ম যাদের


রোনালদো


এডিসন


ওয়াশিংটন


স্টিভ জবস

- ৫ ফেব্রুয়ারি ১৯৮৫ : পর্তুগিজ ফুটবল তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো।
- ৫ ফেব্রুয়ারি ১৯৯২ : ব্রাজিলীয় ফুটবলার নেইমার
- ৬ ফেব্রুয়ারি ১৮৯০ : সীমান্ত গান্ধী খান আবদুল গাফফার খান
- ১১ ফেব্রুয়ারি ১৮৪৭ : মার্কিন উদ্ভাবক টমাস আলভা এডিসন।
- ১২ ফেব্রুয়ারি ১৮০৯ : বিবর্তনবাদের জনক চার্লস ডারউইন।
- ১৪ ফেব্রুয়ারি ১৭৬৬ : ব্রিটিশ অর্থনীতিবিদ রবার্ট ম্যালথাস।
- ১৯ ফেব্রুয়ারি ১৪৭৩ : বিখ্যাত জ্যোতির্বিজ্ঞানী নিকোলাস কোপার্নিকাস।
- ২২ ফেব্রুয়ারি ১৭৩২ : প্রথম মার্কিন রাষ্ট্রপতি জর্জ ওয়াশিংটন।
- ২৪ ফেব্রুয়ারি ১৯৫৫ : অ্যাপল কম্পিউটার এর অন্যতম প্রতিষ্ঠাতা স্টিভ জবস।

লোকান্তরে


উড্রো উইলসন


ষষ্ঠ জর্জ


লতা মুঙ্গেশকর


হাসান আল বান্না

- ৩ ফেব্রুয়ারি ১৯২৪ : ২৮তম মার্কিন রাষ্ট্রপতি উড্রো উইলসন
- ৬ ফেব্রুয়ারি ১৯৫২ : ব্রিটিশ রাজা ষষ্ঠ জর্জ।
- ৬ ফেব্রুয়ারি ২০২২ : ভারতের স্বনামধন্য সঙ্গীতশিল্পী লতা মুঙ্গেশকর।
- ৮ ফেব্রুয়ারি ১৯৫৭ : জন ভন নিউম্যান
- ১২ ফেব্রুয়ারি ১৯৪৯ : মুসলিম ব্রাদারহুডের প্রতিষ্ঠাতা হাসান আল-বান্না
- ১৪ ফেব্রুয়ারি ১১৬৬ : আব্দুল কাদের জিলানী।

ফকির মজনু শাহ্ | প্রকৃত নাম নূর উদ্দীন মো. বাকের জং। তার কন্যা লালবিবি মুঘল সম্রাট দ্বিতীয় বাহাদুর শাহ-এর মাতা।

বদলেছে জীবন, বদলেছে তথ্য, পরিচালিত হয়েছে ষষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২। পরিবর্তিত তথ্যের প্রেক্ষাপটে বাংলাদেশের ৮টি বিভাগ ও ৬৪টি জেলার নির্বাচনী আসনভিত্তিক ধারাবাহিক পরিচিতি পর্বের দ্বিতীয় পর্বে উপস্থাপন করা হলো রংপুর বিভাগ এবং এর বাকি ৪ জেলা— লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধার গুরুত্বপূর্ণ তথ্য। ১২ পর্বের এ আয়োজনে নিজেকে আপডেট রাখতে সাথে থাকুন সবসময়।

জেলা পরিচিতি

লালমনিরহাট, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা

পর্ব-২



লালমনিরহাট

জেলা ব্র্যান্ডিং



- প্রতিষ্ঠা **১ ফেব্রুয়ারি ১৯৮৪**
- যে নদীর তীরে অবস্থিত **তিস্তা**
- মুক্তিযুদ্ধের সেক্টর **৬নং সেক্টর**

নামকরণ : লালমনিরহাট জেলার নামকরণ নিয়ে জনশ্রুতি আছে যে, ব্রিটিশ সরকারের আমলে বর্তমান লালমনিরহাট শহরের মধ্য দিয়ে রেলপথ বসানোর সময় উল্লিখিত অঞ্চলের রেল শ্রমিকরা বন-জঙ্গল কাটতে গিয়ে জনৈক ব্যক্তি 'লালমনি' পেয়েছিলেন। সেই লালমনি থেকে পর্যায়ক্রমে লালমনিরহাট নামের উৎপত্তি হয়েছে। অন্য এক সূত্র থেকে জানা যায়, বিপ্লবী কৃষক নেতা নুরুলদীনের ঘনিষ্ঠ সাথী লালমনি নামে এক ধনাঢ্য মহিলা ছিলেন। তার নামানুসারে নামকরণ করা হয়েছে লালমনিরহাট।

সীমা : পূর্বে কুড়িগ্রাম জেলা এবং পশ্চিমে নীলফামারী ও রংপুর জেলা, উত্তরে ভারতের পশ্চিমবঙ্গ এবং দক্ষিণে রংপুর জেলা অবস্থিত।

আয়তন : ১,২৪৭.৩৭ বর্গ কিলোমিটার ◗ উপজেলা : ৫টি— লালমনিরহাট সদর, পাটগ্রাম, আদিতমারী, কালিগঞ্জ ও হাতিবান্ধা ◗ পৌরসভা : ২টি। লালমনিরহাট ও পাটগ্রাম ◗ ইউনিয়ন : ৪৫টি ◗ গ্রাম : ৪৭৮টি

জনসংখ্যা : ১৪,২৮,৪০৬ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ১,১৪৫ জন ◗ সাক্ষরতার হার : ৭১.১৮%

উল্লেখযোগ্য নদ-নদী : তিস্তা, ধরলা ও রত্নাই।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব : ফকির মজনু শাহ, শেখ ফজলল করিম (কবি)।

ঐতিহাসিক দর্শনীয় স্থান : তিনবিঘা করিডোর, দহগ্রাম ও আঙ্গরপোতা ছিটমহল।

সংসদীয় আসন ৩টি

আসন নং	নির্বাচনী এলাকা
১৬. লালমনিরহাট-১	পাটগ্রাম-হাতীবান্ধা
১৭. লালমনিরহাট-২	কালীগঞ্জ-আদিতমারী
১৮. লালমনিরহাট-৩	সদর

রংপুর

জেলা ব্র্যান্ডিং



- প্রতিষ্ঠা **১৭৭২ সাল**
- যে নদীর তীরে অবস্থিত **তিস্তা**
- মুক্তিযুদ্ধের সেক্টর **৬ নং সেক্টর**

নামকরণ : রংপুর জেলার নামকরণ নিয়ে বিভিন্ন জনশ্রুতি চালু রয়েছে। এক জনশ্রুতি থেকে জানা যায়, আসাম কামরূপের রাজা ভগদত্তের আমোদ প্রমোদের জন্য এ অঞ্চলে একটি 'রঙ্গমহল'সহ বাগানবাড়ি ছিল। এই রঙ্গমহলের নাম থেকেই নামকরণ হয়েছে রংপুর। আর একটি মতবাদ থেকে জানা যায়, ইংরেজ আমলে এই জেলায় প্রচুর 'রঙ্গ' (রেশম বা গুটি) চাষ করা হতো। এই 'রঙ্গ' থেকেই রংপুর শব্দটি এসেছে বলে ধারণা করা হয়।

সীমা : রংপুর জেলার পূর্বে কুড়িগ্রাম, পশ্চিমে দিনাজপুর জেলা, উত্তরে লালমনিরহাট ও নীলফামারী জেলা এবং তিস্তা নদী। আর দক্ষিণে গাইবান্ধা জেলা অবস্থিত।

আয়তন : ২,৪০০.৫৬ বর্গকিলোমিটার ◗ উপজেলা : ৮টি— রংপুর সদর, গঙ্গাচড়া, কাউনিয়া, পীরগাছা, মিঠাপুকুর, বদরগঞ্জ, তারাগঞ্জ ও পীরগঞ্জ ◗ পৌরসভা : ৩টি— হারাগাছ, বদরগঞ্জ ও পীরগঞ্জ ◗ ইউনিয়ন : ৭৬টি।

জনসংখ্যা : ৩১,৬৯,৬১৫ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ১,৩২০ জন ◗ সাক্ষরতার হার : ৭০.৫৯%

উল্লেখযোগ্য নদ-নদী : তিস্তা, ঘাঘট ও করতোয়া।



মুক্তিযুদ্ধে বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত দ্বিতীয় নারী।
খেতাব নং ৩৯৪, যুদ্ধ করেন ১১নং সেক্টরে।

তারামন বিবি

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব : লে. জে. হুসেইন মুহাম্মদ এরশাদ, বিচারপতি আবু সাদাত মোহাম্মদ সায়েম, বেগম রোকেয়া এবং ওয়াজেদ মিয়া (পরমাণু বিজ্ঞানী)।

ঐতিহাসিক ও দর্শনীয় স্থান : কারমাইকেল কলেজ, তিস্তা বাঁধ প্রকল্প, পায়রাবন্দ বেগম রোকেয়ার বাড়ি, মন্থনার জমিদার বাড়ি, ভিন্ন জগৎ পার্ক, মাওলানা কেরামত আলী জৈনপুরীর মাজার প্রভৃতি।

সংসদীয় আসন ৬টি

আসন নং	নির্বাচনী এলাকা
১৯. রংপুর-১	গংগাচরা-সিটি কর্পো. ১-৮ নং ওয়ার্ড
২০. রংপুর-২	তারাগঞ্জ-বদরগঞ্জ
২১. রংপুর-৩	সদর-সিটি কর্পো. (আংশিক)
২২. রংপুর-৪	পীরগাছা-কাউনিয়া
২৩. রংপুর-৫	মিঠাপুকুর
২৪. রংপুর-৬	পীরগঞ্জ

কুড়িগ্রাম

জেলা ব্র্যান্ডিং

- প্রতিষ্ঠা **২৩ জানুয়ারি ১৯৮৪**
- যে নদীর তীরে অবস্থিত **ধরলা**
- মুক্তিযুদ্ধের সেক্টর **৬নং সেক্টর**



ভাওয়াইয়া গানের ধাম
নদ-নদীময় কুড়িগ্রাম

নামকরণ : কুড়িগ্রাম জেলার নামকরণের ইতিহাস নিয়ে অনেক কিংবদন্তি রয়েছে। কোনো এক সময় মহারাজা বিশ্ব সিংহ কুড়িটি জেলে পরিবারকে উচ্চ শ্রেণীর হিন্দুরূপে স্বীকৃতি দিয়ে এ অঞ্চলে প্রেরণ করেন। এ কুড়িটি পরিবারের আগমনের কাহিনী থেকে কুড়িগ্রাম জেলার নামকরণ করা হয়েছে বলে ধারণা করা হয়।

সীমা : কুড়িগ্রাম জেলার পূর্বে ভারতের আসাম রাজ্য ও যমুনা নদী এবং পশ্চিমে লালমনিরহাট ও রংপুর জেলা, উত্তরে ভারতের কুচবিহার এবং দক্ষিণে গাইবান্ধা ও জামালপুর জেলা অবস্থিত।

আয়তন : ২,২৪৫.০৪ বর্গ কিলোমিটার ◗ উপজেলা : ৯টি— কুড়িগ্রাম সদর, উলিপুর, চিলমারী, নাগেশ্বরী, ভুরুঙ্গামারী, রাজিবপুর, রাজারহাট, ফুলবাড়ি ও রৌমারি ◗ পৌরসভা : ৩টি— কুড়িগ্রাম, উলিপুর ও নাগেশ্বরী ◗ ইউনিয়ন : ৭৩টি ◗ গ্রাম : ১,৮৭২টি।

জনসংখ্যা : ২৩,২৯,১৬১ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ১,০৩৭ জন ◗ সাক্ষরতার হার : ৬৪.৯৯%

উল্লেখযোগ্য নদ-নদী : ব্রহ্মপুত্র, ধরলা, তিস্তা, দুধকুমার এবং ফুলকুমার।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব : তারামন বিবি (বীর প্রতীক), সাহিত্যিক সৈয়দ শামসুল হক ও ভবানী পাঠক।

ঐতিহাসিক দর্শনীয় স্থান : আরবি ভাষায় খোদিত মসজিদের শিলালিপি, জয়মনির জমিদার বাড়ি।

সংসদীয় আসন ৪টি

আসন নং	নির্বাচনী এলাকা
২৫. কুড়িগ্রাম-১	ভুরুঙ্গামারী-নাগেশ্বরী
২৬. কুড়িগ্রাম-২	সদর-ফুলবাড়ী-রাজারহাট
২৭. কুড়িগ্রাম-৩	উলিপুর
২৮. কুড়িগ্রাম-৪	চিলমারী-রৌমারী-রাজিবপুর

গাইবান্ধা

জেলা ব্র্যান্ডিং

- প্রতিষ্ঠা **১৫ ফেব্রুয়ারি ১৯৮৪**
- যে নদীর তীরে অবস্থিত **যমুনা**
- মুক্তিযুদ্ধের সেক্টর **৬নং সেক্টর**



নামকরণ : গাইবান্ধার নামকরণ নিয়ে জনশ্রুতি আছে যে, এ জনপদে একসময় ইতিহাসখ্যাত রাজার গোচারণভূমি ছিল। এ গোচারণভূমিকে কেন্দ্র করে পরবর্তীতে এ জনপদের নামকরণ গাইবান্ধা হয়েছে বলে ধারণা করা হয়।

সীমা : গাইবান্ধা জেলার পূর্বে জামালপুর ও কুড়িগ্রাম জেলা, পশ্চিমে রংপুর ও দিনাজপুর জেলা, উত্তরে কুড়িগ্রাম ও রংপুর জেলা এবং দক্ষিণে বগুড়া জেলা অবস্থিত।

আয়তন : ২,১১৪.৭৭ বর্গকিলোমিটার ◗ উপজেলা : ৭টি— গাইবান্ধা সদর, সাদুল্যাপুর, গোবিন্দগঞ্জ, সাঘাটা, ফুলছড়ি, সুন্দরগঞ্জ ও পলাশবাড়ি ◗ পৌরসভা : ৪টি— গাইবান্ধা, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ ও পলাশবাড়ী ◗ ইউনিয়ন : ৮১টি ◗ গ্রাম : ১,২৫০টি

জনসংখ্যা : ২৫,৬২,২৩২ জন ◗ জনসংখ্যার ঘনত্ব : ১,২১২ জন ◗ সাক্ষরতার হার : ৬৬.৮৭%

উল্লেখযোগ্য নদ-নদী : ব্রহ্মপুত্র, বাঙালি, করতোয়া, যমুনা, তিস্তা, আত্রাই ও ঘাঘট।

উল্লেখযোগ্য ব্যক্তিত্ব : নাট্যকার তুলসী লাহিড়ী, খাঁন বাহাদুর আব্দুল মজিদ, মাহমুদুজ্জামান বাবু।

ঐতিহাসিক দর্শনীয় স্থান : বর্ধনকুঠি, নলডাঙ্গার জমিদার বাড়ি, মীরের বাগান, শাহ সুলতান গাজীর মসজিদ।

সংসদীয় আসন ৫টি

আসন নং	নির্বাচনী এলাকা
২৯. গাইবান্ধা-১	সুন্দরগঞ্জ
৩০. গাইবান্ধা-২	সদর
৩১. গাইবান্ধা-৩	সাদুল্যাপুর-পলাশবাড়ী
৩২. গাইবান্ধা-৪	গোবিন্দগঞ্জ
৩৩. গাইবান্ধা-৫	ফুলছড়ি-সাঘাটা

৫১ পেগাসি বি | সৌরজগতের বাইরে আবিষ্কৃত প্রথম গ্রহ। আবিষ্কারক মাইকেল মেয়র ও দিদিয়ার কুয়েলজ। ২০১৯ সালে তারা পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন।



দূরের আকাশ

৫০,০০০ বছর পর বিরল ধূমকেতু

যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়াভিত্তিক সংস্থা জুইকি ট্রানজিয়েন্ট ফ্যাসিলিটি ২০২২ সালের মার্চে একটি ধূমকেতুর সন্ধান পায়। ঐ সময় ধূমকেতুটি বৃহস্পতি গ্রহকে অতিক্রম করছিল। গবেষকরা এ ধূমকেতুর নাম দেন C/2022 E3 (ZTF)। ১২ জানুয়ারি ২০২৩ ঐ ধূমকেতুটি সূর্যকে অতিক্রম করে। ধূমকেতুটি পৃথিবীর পাশ দিয়ে যেতে পারে ১ ফেব্রুয়ারি ২০২৩। এ সময় এটি দূরবীক্ষণ যন্ত্র দিয়ে সহজেই দেখা যাবে। পৃথিবীর খুব কাছ দিয়ে যাবে বলে আকাশ পরিষ্কার থাকলে দেখা যাবে খালি চোখেও। এর আগে সর্বশেষ এ ধূমকেতু পৃথিবীকে অতিক্রম করেছিল ৫০,০০০ বছর আগে। তখন পৃথিবীতে নিয়ান্ডারথালদের বিচরণ ছিল।



C/2022 E3 (ZTF) নামের ধূমকেতুটি বরফ ও ধূলিকণা দিয়ে গঠিত। এর লেজ সবুজ। ব্যাস মাত্র এক কিলোমিটার। বিজ্ঞানের তত্ত্ব অনুযায়ী, ধূমকেতুটি উর্ট ক্লাউড নামের একটি এলাকা থেকে এসেছে। উর্ট ক্লাউড মূলত সৌরজগতের চারপাশে বিশাল গোলক, যেখানে রহস্যময় বরফের বস্তুর অবস্থান রয়েছে বলে ধারণা করা হয়।

পৃথিবী থেকে খালি চোখে দেখতে পাওয়া সর্বশেষ দুটি ধূমকেতু
হেলি-বপ (১৯৯৭) ও নিউওয়াইজ (২০২০)

একসঙ্গে সব গ্রহ

সৌরজগতের সব গ্রহ একসঙ্গে দেখার সুযোগ মিলেছে অনেক দিন পর। এর মধ্যে শুক্র, বুধ, শনি, বৃহস্পতি ও মঙ্গল এ পাঁচটি গ্রহ খালি চোখেই দেখা যায়। আর ইউরেনাস ও নেপচুন ভালোভাবে দেখার জন্য ব্যবহার করতে হয় দূরবিন। যুক্তরাজ্যসহ বিভিন্ন স্থান থেকে ২৯ ডিসেম্বর ২০২২ মহাকাশ পর্যবেক্ষকদের এ বিরল সুযোগ মেলে। এর আগে ২০২২ সালের জুনে বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি ও শনি গ্রহ এক সঙ্গে দেখা গিয়েছিল।

পৃথিবীর মতোই আরেক পৃথিবী

পৃথিবীর মতোই আরেক সম্ভাব্য বাসযোগ্য গ্রহের সন্ধান পাওয়ার দাবি করেছেন বিজ্ঞানীরা। যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংস্থা (নাসা) বলছে, নতুন ঐ গ্রহ পৃথিবী থেকে মাত্র ১০০ আলোকবর্ষ দূরে। TOI700E নামে ঐ গ্রহটি সম্ভবত পাথুরে এবং আমাদের পৃথিবীর আকারের ৯৫ শতাংশ। ২০২০ সালে পৃথিবীর আকারের এরকম আরেকটি গ্রহ আবিষ্কৃত হয়েছিল, যা TOI700D নামে পরিচিত।

সর্পিল ছায়াপথের সন্ধান

NGC 6956 নামের একটি সর্পিল ছায়াপথের সন্ধান দিয়েছে হাবল টেলিস্কোপ। পৃথিবী থেকে ২১ কোটি ৪০ লাখ আলোকবর্ষ দূরের এই ছায়াপথের অবস্থান। বিজ্ঞানীরা এই সর্পিল ছায়াপথকে 'বারড গ্যালাক্সি'র নিখুঁত উদাহরণ বলছেন। বারড গ্যালাক্সি মূলত এমন এক ধরনের সর্পিল গ্যালাক্সি, যার কেন্দ্র একটি বর্ধিত দণ্ডের আকার ধারণ করে। ৭০ শতাংশ ছায়াপথে এই বার পাওয়া যায়। এর নামকরণ করা হয়েছে গ্যালাকটিক নিউক্লিয়াস জুড়ে থাকা নক্ষত্রগুলোর বিশেষ দণ্ডাকার আকৃতি থেকে।

NGC 6956 ছায়াপথে 'সেপহেইড' নামের পরিবর্তনশীল নক্ষত্র দেখা গেছে। এসব নক্ষত্রের উজ্জ্বলতা চক্র দেখা যায়। এগুলো নিয়মিত বিরতিতে উজ্জ্বল ও ম্লান হয়ে যায়। এই ছায়াপথের আরেকটি বৈশিষ্ট্য হচ্ছে, এর দৃশ্যমান সুপারনোভা বা নক্ষত্রের বিস্ফোরণ।

ভিনগ্রহের সন্ধানে

আমাদের সৌরজগতের বাইরে ২০২২ সালে দুই শতাধিক নতুন গ্রহ আবিষ্কার করেন জ্যোতির্বিজ্ঞানীরা। ১৯৯৫ সালে প্রথমবারের মতো সৌরজগতের বাইরে কোনো গ্রহের সন্ধান মিলেছিল। তখন থেকে ২০২২ সাল পর্যন্ত সৌরজগতের বাইরে আবিষ্কৃত গ্রহের সংখ্যা ৫,২৩৫টিতে। এসব গ্রহের মধ্যে ৪ শতাংশ পৃথিবী ও মঙ্গলের মতো পাথুরে।

স্বীকৃত গ্রহ	অপেক্ষমাণ গ্রহ	সৌরজগৎ
৫২৩৫	৯১৬৯	৩৯১৩

ভিনগ্রহ
৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত
সূত্র : নাসা

গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসের তথ্য অনুযায়ী,
হেঁটে বিশ্বভ্রমণকারী প্রথম ব্যক্তি।



স্টিভেন নিউম্যান

ভিন্ন খবর

দ্রুততম সময়ে সাত মহাদেশ ভ্রমণ

দ্রুততম সময়ে সাত মহাদেশ ভ্রমণ করে গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা করে নেন আলী ইরানি ও সুজয় কুমার মিত্র নামের দুই ভারতীয় নাগরিক। সাত মহাদেশ ভ্রমণ করতে মাত্র ৭৩ ঘণ্টা পাঁচ মিনিট চার সেকেন্ড সময় নেন তারা। গিনেস বুক কর্তৃপক্ষ বলছে, মাত্র ৭৩ ঘণ্টায় সাত মহাদেশ ভ্রমণ করে ৭ ডিসেম্বর ২০২২ অস্ট্রেলিয়ার মেলবোর্নে এসে আলী ও সুজয়ের যাত্রা শেষ হয়। দ্রুততম সময়ে সাত মহাদেশ ভ্রমণের আগের রেকর্ডটি ছিল সংযুক্ত আরব আমিরাতের এক তরুণীর। ২০২০ সালে ৮৬ ঘণ্টা ৪৬ মিনিট ৪৮ সেকেন্ডে সাত মহাদেশ ভ্রমণ করেন তিনি।

বিশ্বভ্রমণকারী প্রথম কুকুর

হেঁটে বিশ্বভ্রমণের চেষ্টা করে সফল হন মাত্র ১০ জন। মে ২০২২ বিশ্বের দশম ব্যক্তি হিসেবে হেঁটে বিশ্বভ্রমণ শেষ করেন যুক্তরাষ্ট্রের টম টারসিচ। এতে তার সময় লাগে সাত বছর। এ সময়ের মধ্যে সবকটি মহাদেশে ৪৮,০০০ কিলোমিটারের বেশি বা প্রায় ২৯,৮২৬ মাইল পথ পাড়ি দেন তিনি। যাত্রাপথে টমের সফর সঙ্গী ছিল 'সাভানাহ' নামের একটি কুকুর। সে হিসেবে হেঁটে বিশ্বভ্রমণকারী প্রথম কুকুর সে।

দড়িলাফে কুকুরের রেকর্ড

টানা দড়িলাফ দিয়ে নির্দিষ্ট সময়ে সবচেয়ে বেশিবার দড়িলাফ দেওয়ার রেকর্ড গড়েছে 'বালু' নামের একটি কুকুর। ৩০ সেকেন্ড সময়ে নিজের মালিকের সঙ্গে ৩২ বার দড়িলাফ দেয় কুকুরটি। এর মধ্য দিয়ে নতুন বিশ্বরেকর্ড গড়ে বালু। আর এ রেকর্ড হয় ১২ জুলাই ২০২২। কুকুরটির মালিকের নাম উলফগ্যাং লুয়েনবার্গার।





সম্পদ হারানোর বিশ্বরেকর্ড

রেকর্ড পরিমাণ সম্পদ হারিয়ে বিব্রতকর এক বিশ্বরেকর্ড গড়েছেন টেসলা ও স্পেসএক্সের প্রধান নির্বাহী ইলন মাস্ক। নভেম্বর ২০২২ থেকে জানুয়ারি ২০২৩ পর্যন্ত প্রায় ২০,০০০ কোটি মার্কিন ডলার হারিয়েছেন বিশ্বের শীর্ষস্থানীয় এই ধনী। তার সম্পদের পরিমাণ এতটাই কমেছে যে, তাকে আধুনিক ইতিহাসে সবচেয়ে বেশি সম্পদ হারানোর ব্যক্তির খেতাব দিয়েছে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস।

দাঁত দিয়ে ট্রাক টানা

দাঁত দিয়ে ১৫,৭৩০ কেজি ওজনের একটি ট্রাক টেনে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডসে নাম তুলেছেন মিসরের নাগরিক আশরাফ মাহরুস মোহাম্মদ সুলিমান। তিনি ১৩ জুন ২০২১ মিসরের উত্তর-পূর্বাঞ্চলের শহর ইসমাইলিয়ার সড়কে এ রেকর্ড গড়েন।

বিশ্বসেরা ৩২ গ্রাম

বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) 'সেরা পর্যটন গ্রাম'-এর তালিকা করতে সংস্থার সদস্যভুক্ত ১৬০টি দেশের প্রতিটি দেশ থেকে তিনটি করে গ্রামের নাম প্রস্তাব করার সুযোগ দেয়। এর মধ্যে ৫৭টি দেশ ১৩৬টি গ্রামের নাম প্রস্তাব করে। এর থেকে তালিকায় স্থান লাভ করে ১৮টি দেশের ৩২টি গ্রাম। ২০ ডিসেম্বর ২০২২ UNWTO কর্তৃক প্রকাশ করা হয় বিশ্বসেরা ৩২ গ্রামের নাম। ২৭-২৮ ফেব্রুয়ারি ২০২৩ সৌদি আরবের আলউলায় অনুষ্ঠিত হবে এর পুরস্কার বিতরণী।

গ্রামসমূহ— জেল এম সি ও ওয়াগরেইন, অস্ট্রিয়া; পুকিউএলডন, চিলি; দাঝাই ও জিংঝু, চীন; চোয়াচি, কলম্বিয়া; আগুয়ারিকো ও এঙ্গোচাগুয়া, ইকুয়েডর; চোক মাউন্টেনস ইকোভিলেজ, ইথিওপিয়া; মেস্তিয়া, জর্জিয়া; কেফার কামা, ইসরায়েল; সরিস-জাহরে ও ইজোলা দেল গিগলিও, ইতালি; উম কায়েস, জর্ডান; ক্রিল ও এল ফুয়ের্তে, মেক্সিকো; কেসার এলখোরবাত ও মৌলে বুজার্কতুনে, মরক্কো; লামাস ও লাকচি, পেরু; কাস্তেলো নোভো, পর্তুগাল; পিয়ংসা-রি, দক্ষিণ কোরিয়া; রাশিনারি, রোমানিয়া; আলউলা ওল্ড টাউন, সৌদি আরব; বোহিঞ্জ, স্লোভেনিয়া; রুপিত, আলকুইজার ও গুয়াদালুপে, স্পেন; মার্টেন ও আন্দারমাত, সুইজারল্যান্ড; বিরগি, তুরস্ক এবং থাই হাই, ভিয়েতনাম।

কুইজ ৫

www.globalaffairs.com.bd

গ্লোবাল অ্যাফেয়ার্স

সারা মাসের বাংলাদেশ ও বিশ্ব

গ্লোবাল অ্যাফেয়ার্স পড়ুন, তথ্য শিখুন কুইজ জিতুন

প্রিয় পাঠক

কুইজে অংশ নিতে আপনার উত্তর এবং ঠিকানা লিখে পৃষ্ঠাটি পাঠিয়ে দিন ২০ ফেব্রুয়ারি ২০২৩-এর মধ্যে **গ্লোবাল অ্যাফেয়ার্স**-এর ঠিকানায় অথবা ই-মেইলে। পরবর্তী সংখ্যায় ভাগ্যবান তিন বিজয়ীর ছবিসহ নাম প্রকাশ করা হবে এবং বিজয়ীর ঠিকানায় পৌঁছে দেয়া হবে **১,০০০ টাকার প্রাইজবন্ড**। ছয় মাসে ছয়টি কুইজের সঠিক উত্তরদাতাদের নিয়ে মেগা ড্র অনুষ্ঠিত হবে। মেগা ড্র বিজয়ী একজনকে দেয়া হবে **একটি আকর্ষণীয় স্মার্ট ফোন**।

প্রশ্ন-১ : 'নির্জনতম কবি' বলা হয় কোন কবিকে?

উত্তর : _____

প্রশ্ন-২ : ঢাকা শহরের গোড়াপত্তন হয় কোন আমলে?

উত্তর : _____

প্রশ্ন-৩: 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত কে?

উত্তর : _____

প্রশ্ন-৪ : ফুটবল কিংবদন্তি পেলে কবে মৃত্যুবরণ করেন?

উত্তর : _____

প্রশ্ন-৫ : বিএসপিএ কাকে দেশের ইতিহাস সেরা ক্রীড়াবিদ মনোনীত করেছে?

উত্তর : _____

নাম : _____

ঠিকানা : _____

মোবাইল নং : _____ ই-মেইল : _____

কুইজ পাঠানোর ঠিকানা | গ্লোবাল অ্যাফেয়ার্স কুইজ-০৫
জামান টাওয়ার, ৩য় তলা, ৩৭/২ কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
ই-মেইল : quiz@globalaffairs.com.bd

কুইজ-৪ এর উত্তর

১. অ্যালেন গিন্সবার্গ; ২. Big Bird; ৩. জলবায়ু পরিবর্তন;
৪. যুক্তরাষ্ট্র; ৫. কিলিয়ান এমবাপ্পে।

কুইজ-৪ এর বিজয়ী



মো. উজ্জল মিয়া
ভবানীপুর, ফুলবাড়ীয়া
ময়মনসিংহ



সানজিদা খাতুন
মির্জাপুর, মাগুরা



শ্যামল কুমার মণ্ডল
জেলেখালী, শ্যামনগর
সাতক্ষীরা